




Bodo and Dimasa Heritage Digital Archive



Title of the book: Vir Dimasa
Kharimingnang Sambhudhan Phonglo
Author: Biswajyoti Barman


Photographed by: Jatin Brahma
Location: Assam University, Silchar

ডিমাঙ্গা বীৰ
কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংলো
উত্তৰ পূৰ্বাঞ্চলৰ এৰুটি অন্যতম জাগৰণ

Vir Dimasa

Kharimingnang Sambhudhan Phonglo

Sainkhlip Sainja Haphaini Thangdaoba Smaokhumin Khongsih



Biswajyoti Barman

উত্তর-পূর্বাঞ্চলের স্বাধীনতাকামী
এক কিংবদন্তি বীর পুরুষ শম্ভুধন
ফংলোর জীবনের অনুমোচিত
বিভিন্ন অধ্যায়ে আলোক
সম্পাতে সমৃদ্ধ হয়ে উঠেছে
গ্রন্থটি। এতে নির্মিত হয়েছে —
ঐতিহ্যশালী ডিমাসা জনজাতির
অন্যতম এই বীরের শৈশব,
কৈশোর, যৌবন ও আন্দোলন
সহ তাঁদের তখনকার
আর্থ-সামাজিক এক চিত্রপট।
শম্ভুধন ফংলো উত্তর-পূর্বাঞ্চলের
এক অন্যতম পথিকৃৎ স্বাধীনতা
সংগ্রামী। তাঁর নেতৃত্বে সংঘটিত
আন্দোলনের ঐতিহাসিক
প্রেক্ষপট বর্ণনায় ও আন্দোলনের
প্রভাব ও পরিণতি সম্পর্কিত
মননশীল আলোচনায় এবং
সন্নিবন্ধ নিবন্ধ ইত্যাদিতে গ্রন্থটি
বিশেষভাবে তাৎপর্যপূর্ণ হয়ে
উঠেছে। এটিকে ডিমাসা
লোকজীবনের তথা সংস্কৃতির
একটি দলিল হিসেবেও অভিহিত
করা যায়।

ডিমাসা বীর
কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংলো
উত্তর পূর্বাঞ্চলের একটি অন্যতম জাগরণ

বিশ্বজ্যোতি বর্মন



ডিমাসা সাহিত্য সভা

'Dimasa Vir Kingbadanti Purus Sambhudhan Phonglo : Uttar Purbanchaler Ekti Anyatamo Jagoron' and 'Vir Dimasa Kharimingnang Sambhudhan Phonglo : Sainkhlip Sainja Haphaini Thangdaoba Smaokhumin Khongsih' (The Legendary Dimasa Hero Sambhudhan Phonglo : An Unique Rising in North East India), a bilingual book in Bengali and Dimasa respectively written by Biswajyoti Barman.

ডিমাসা বীর কিংবদন্তি পুরুষ শত্ৰুধন ফংলো
উত্তর পূর্বাঞ্চলের একটি অন্যতম জাগরণ
বিশ্বজ্যোতি বর্মান

Vir Dimasa Kharimingnang Sambhudhan Phonglo :
Sainkhlip Sainja Haphaini Thangdaoba Smaokhumin Khongsih
Rehpya- Biswajyoti Barman.
First Edition (Khaikhogajen) : 2013, September

Published by :
Biswajyoti Barman
on behalf of the Dimasa Sahitya Sabha,
H.Q. : Haflong- 788819, Dima Hasao, Assam,
Barbhuiya Lane, Rongpur, Silchar- 788009
Dist. Cachar, Assam, India

© : Author (Rehpyah)

Cover :
Painting of the Statue of Sambhudhan Phonglo
erected at Hafong Town, Dima Hasao, Assam

Art by :
Goursankar Nath (Ripon)

Printed at (Saphaithani) :
SILCHAR SUNGRAPHICS
Premtala, Silchar : 788001

This book is published with the financial assistance from the Additional Director of Education (Hills), Assam, Haflong (vide his letter No. EDN(H)/PB/5/10 Dated Haflong the 22th Feb/20013).

Price (Beschng) : ₹ 180/-

উৎসর্গ

দেশ-মাতৃকার মুক্তির জন্যে যাঁরা
আত্মাহুতি দিয়েছেন
তাঁদের
স্মৃতির উদ্দেশ্যে নিবেদিত

*Desh-bumalkhe sogoneh
hahng riyaroni winsohjaogarineh
khlimphain baodu*

মুখবন্ধ

দেশ দেশ নন্দিত করি মন্দিত তব ভেরী
আসিল যত বীরবৃন্দ আসন তব ঘেরি।

পরাধীনতার শৃঙ্খল মোচন করে ভারতবর্ষকে মুক্তির স্বাদ পাইয়ে দেবার জন্য লক্ষ লক্ষ বীররা দেশ-মাতৃকার চরণে আত্মাহুতি দিয়েছেন। ভারতবর্ষের ইতিহাস সেসব বীর শহিদদের মহান কীর্তিগাথায় ভরা। তেমনি ডিমাসাদের এক মহান বীর শহিদ শম্ভুধন ফংলোকে নিয়ে উজ্জ্বল গবেষণা ধর্মী 'ডিমাসা বীর কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংলো : উত্তর পূর্বাঞ্চলের একটি অন্যতম জাগরণ' নামে এই গ্রন্থটি রচনা করেছেন শ্রী বিশ্বজ্যোতি বর্মণ। ডিমাসা সাহিত্য ও সংস্কৃতিচর্চার জগতে তাঁর নাম সর্বজনবিদিত। তিনি একজন বিশিষ্ট ডিমাসা কবি-প্রাবন্ধিক। বর্তমানে তিনি আকাশবাণী শিলচর কেন্দ্রের অনুষ্ঠান উপস্থাপক (Selection Grade Announcer) হিসেবে কর্মরত। সুতরাং কর্মসূত্রে তাঁকে বিভিন্ন সমাজ ও সংস্কৃতির সান্নিধ্যে যেতে হয় এবং অনুসন্ধিৎসু মনে তিনি প্রতিটি সমাজ-মনকে নিরীক্ষণ করে তার সংস্কৃতি-সাহিত্য-ইতিহাসকে পর্যালোচনা করে থাকেন। ডিমাসা সাহিত্যচর্চায় তাঁর নিরলস প্রচেষ্টার ফসল এই অনবদ্য গ্রন্থ।

ইতিহাস আমাদের অতীতকে দর্শায় এবং আমাদের বর্তমান অবস্থিতিকে পুনর্বিচারের সুযোগ করে দেয়। কিন্তু ইতিহাস সঠিক তথ্যের ভিত্তিতেই বিচার-বিশ্লেষণ সম্ভব! এ খুবই দুরূহ কাজ, ঐতিহাসিকরা কঠিন অধ্যবসায় এবং কঠোর পরিশ্রমে সঠিক ও সহায়ক তথ্য জোগাড় করে থাকেন। লেখক শ্রী বিশ্বজ্যোতি বর্মণ নিজের ঐকান্তিক প্রচেষ্টায় ও উদ্যমে এই দুরূহ কাজে ব্রতী হয়েছেন। এই গ্রন্থে ৯টি অধ্যায় সংকলিত হয়েছে ; রয়েছে পাঁচটি পরিশিষ্ট অংশ। বিপ্লবী শম্ভুধন ফংলো, শম্ভুধনের বিপ্লবের ঐতিহাসিক প্রেক্ষাপট, শৈশবে শম্ভুধন, যুবনেতা শম্ভুধন, প্রশাসনিক পুনর্গঠন ও প্রতিক্রিয়া, ইংরেজ আধিপত্যের বিরুদ্ধে শম্ভুধনের সংগ্রাম, সমতল কাছাড়ে শম্ভুধনের কার্যকলাপ এবং পরিশেষে মৃত্যুবরণ প্রভৃতি বিষয় অধ্যায়গুলোতে অন্তর্ভুক্ত হয়েছে। প্রতিটি অধ্যায়কে আভ্যন্তরীণ যোগসূত্র রক্ষা করে উল্লেখপঞ্জি এবং টীকাসহ সুসংবদ্ধ ও সুসমাহারে গ্রথিত করেছেন লেখক।

প্রতিবছর ২৬ শে ফেব্রুয়ারি আমরা শহিদ বীর শম্ভুধন দিবস পালন করে থাকি কিন্তু উত্তরপূর্বাঞ্চলের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা তথা বীর শম্ভুধন ফংলোর গৌরবময় জীবনের ইতিহাস আমরা প্রায় অনেকেই জানি না। এক্ষেত্রে শ্রী বিশ্বজ্যোতি বর্মণের এই গ্রন্থটি সন্ধানী ও উৎসাহী পাঠকদের কাছে যথেষ্ট তাৎপর্যপূর্ণ গ্রন্থ হিসেবে চিহ্নিত হবে তা বলার অপেক্ষা রাখে না।

লেখকের এই গ্রন্থে উল্লেখ আছে যে, শম্ভুধন শুধু দেশ-মাতৃকার চরণে নিবেদিত প্রাণ ছিলেন না, তিনি ছিলেন একাধারে যুবনেতা, চিকিৎসক, সমাজসেবী, শিবভক্ত যোগী এবং গণক (ভবিষ্যদ্বক্তা)। শম্ভুধনকে নিয়ে প্রচলিত ডিমাসা কিংবদন্তি অনুসারে, তিনি ছিলেন শিবের বরপুত্র। যেহেতু ডিমাসারা শম্ভুধনকে ব্রহ্মজ্ঞানী তথা শিবভক্ত যোগী হিসেবে শ্রদ্ধা ও পূজা করতেন। সুতরাং এহেন মহান বীর কিংবদন্তি পুরুষের গৌরবময় জীবনের ইতিহাসকে সঠিক তথ্যানুসন্ধান সহ বিবৃত ও বিশ্লেষণ করে লেখক তাঁর সারস্বত সাধনাকে সফল করে তুলতে পেরেছেন।

উত্তর পূর্বাঞ্চলের বৃহত্তর উত্তর কাছাড় (বর্তমান ডিমা হাসাও জেলা) তথা সমতল কাছাড়কে ব্রিটিশ শাসন মুক্ত করতে এবং বিদেশি ঔপনিবেশিক শক্তির কালো হাত থেকে মাতৃভূমিকে রক্ষার্থে ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করতে করতেই বীর শম্ভুধন ফংলো দেশমায়ের চরণে নিজেকে সমর্পিত করেছিলেন। এই মহান ডিমাসা বীরের জীবনগাঁথা নিয়ে আজও ডিমাসা সমাজে প্রচলিত রয়েছে বিভিন্ন লোকশ্রুতি গল্প-গান ও কবিতা। যা ডিমাসারা শ্রদ্ধা ও গৌরবের সঙ্গে স্মরণ করে থাকেন। কিন্তু সেগুলো লিখিত আকারে না থাকায় অথবা সংগ্রহের অভাবে কালের গর্ভে হারিয়ে যাচ্ছে। লেখক শ্রী বিশ্বজ্যোতি বর্মণ সেসব অনালোচিত বহুমূল্য গল্প-গান-কবিতা প্রভৃতি তথ্য উদ্ধার ও সংগ্রহ করে, সুচারু গ্রন্থনায় গ্রন্থটিকে গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছে দিয়েছেন। লেখক বীর শম্ভুধনের জীবন কাহিনি বর্ণনার সঙ্গে সঙ্গে তৎকালীন সামাজিক ও রাজনৈতিক ইতিহাসকেও সাবলীলভাবে ধরার চেষ্টা করেছেন। তাছাড়া এতে ধরা পড়েছে ডিমাসা সমাজ এবং সংস্কৃতির বিভিন্ন দিকও। ফলে গ্রন্থটি শুধু বীরের জীবনী গ্রন্থ হয়ে থেমে থাকেনি, ডিমাসা লোকজীবনের তথা সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবেও পরিষ্ফুট হয়েছে। বর্তমানে গবেষকরা কালের গর্ভে হারিয়ে যেতে বসা বিভিন্ন সমাজের প্রাচীন তথ্যগুলো সংগ্রহ ও সংরক্ষণ করে গবেষণার বিভিন্ন দিক উন্মোচন করে দিচ্ছেন। এক্ষেত্রে আমার দৃঢ় বিশ্বাস, শ্রী বিশ্বজ্যোতি বর্মণের বহুমূল্য এই গ্রন্থটি উৎসাহী গবেষক ছাত্র-ছাত্রীদের কাছে তথ্যধর্মী সহায়ক গ্রন্থ হিসেবে বিবেচিত হবে।

গ্রন্থটির নামকরণ প্রচ্ছদ এবং সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত সমস্ত কিছুতেই লেখকের শিল্পীমনন ও রুচিশীল সাহিত্য রসবোধের পরিচয় পাওয়া যায়। লেখক শ্রী বিশ্বজ্যোতি বর্মণ একসময় 'ডাউনাইজ' নামক ত্রৈমাসিক ডিমাসা পত্রিকার সহ-সম্পাদক ছিলেন। তিনি ডিমাসা সাহিত্য সভার প্রতিষ্ঠাতা যুগ্ম সাধারণ সম্পাদকও ছিলেন। বর্তমানে তিনি ডিমাসা সাহিত্য সভার সহ সভাপতি পদে এবং ডিমাসা সাহিত্য সভার পত্রিকা (Journal) 'খুরাং' এর মুখ্য সম্পাদক হিসেবে নিযুক্ত। এছাড়া ডিমাসা মাসিক সংবাদপত্র 'কলঙমা' এবং হাফলং থেকে প্রকাশিত ডিমাসা পাক্ষিক পত্রিকা 'জালাই খুরাং'-এর তিনি কার্যকরী সম্পাদক হিসেবেও দক্ষতার সঙ্গে কাজ করেছিলেন। ইতিমধ্যে ডিব্রুগড়

বিশ্ববিদ্যালয়ের উপস্থাপন করা 'অসমৰ জনজাতীয় লোকসাহিত্য' নামক গ্ৰন্থেও তাঁর
লেখা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। চাকরি জীবনের পাশাপাশি তিনি সাহিত্যচর্চা এবং
সমাজ উন্নয়নমূলক কাজে নিজেকে ব্যস্ত রেখেছেন, যা খুবই উৎসাহব্যঞ্জক।

শ্রী বিশ্বজ্যোতি বর্মণের এই গ্ৰন্থটি শুধু উত্তর পূর্বাঞ্চল নয়, বৃহত্তর ভূ-ভাগের
সাহিত্য অনুরাগী পাঠকদের কাছেও সমাদৃত হবে আশা রাখি। তাঁর বৌদ্ধিকচর্চা এবং
সারস্বত সাধনা সমস্ত প্রতিকূলতা উপেক্ষা করে সুন্দর ও সমৃদ্ধতর হয়ে উঠুক।

সুদীপ্তা গুপ্তা

সহকারী অধ্যাপক

বাংলা বিভাগ

জনতা কলেজ, কাবুগঞ্জ

১৪ আগস্ট ২০১৩

ভূমিকা

বীর শম্ভুধন ফংলো ডিমাসা জাতির হৃদয়ের মণিকোঠায় উচ্চাঙ্গনে অধিষ্ঠিত। শৈশবে ঠালীগ্রামে আমাদের বাড়িতে এক গল্পের আসরেই স্বাধীনতাকামী এই বীরের কাহিনি প্রথম শুনেছিলাম। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা আমার মা ব্রিজেন্দ্রপ্রভা বর্মণ ছোটদের মতই গল্প শুনতে ভাল বাসতেন। তাঁরই উদ্যোগে আমাদের বাড়িতে প্রায়শই সন্ধ্যার পর গল্পের আসর বসতো। সে আসরের মধ্যমণি ছিলেন পাড়ার জেঠু দীর্ঘেশ চন্দ্র বর্মণ। তিনি ছিলেন একাধারে হজায় (ডিমাসা পুরোহিত), গণক ও কবিরাজ। যাত্রা-পালায় অভিনয়, নাচগান ও সংকীর্তন ইত্যাদিতেও তিনি পারদর্শী ছিলেন। আমার পিতা ব্রজেন্দ্র নারায়ণ বর্মণ গাঁও পঞ্চায়েত সভাপতি হওয়ায় ও সমাজসেবী হিসেবে বিভিন্ন সংস্থার সঙ্গে যুক্ত থাকায় বিভিন্ন কাজ-কর্মে খুবই ব্যস্ত থাকতেন। তবু তিনি গল্পের আসর যাতে নিয়মিত বসে তার জন্য উৎসাহিত করতেন। সেই গল্পের আসরে আমরা ডিমাসা লোককথা সহ বিভিন্ন ধরনের গল্প শুনতাম। এ আসরে শুনা শম্ভুধনের কাহিনি ছিল খুবই সংক্ষিপ্ত। তবে নিজস্ব সমাজ-সংস্কৃতি সম্পর্কে জানার আগ্রহ জন্মে এ আসরে গল্প-গাথা শুনেই।

পরবর্তীকালে ১৯৭৭ খ্রিস্টাব্দে আকাশবাণী শিলচরে ডিমাসা অনুষ্ঠানের উপস্থাপক তথা ঘোষক হিসেবে চাকরিতে যোগদান করি। ফলে ডিমাসা সমাজ-সংস্কৃতির বিস্তৃততর অঙ্গনের সঙ্গে প্রত্যক্ষ সংযোগ নিবিড়তর হয়। কর্মসূত্রে নিয়মিত কিছু লেখালেখির অভ্যাসও গড়ে ওঠে। চাকরিতে যোগদানের কয়েক বছর পরই 'কলঙমা' নামে ডিমাসা ভাষায় একটি মাসিক পত্রিকার সম্পাদনাও করেছিলাম। সেই সুবাদে শম্ভুধন সম্পর্কিত বেশ কিছু তথ্যও সংগৃহীত হয়েছিল বিভিন্ন জনের কাছ থেকে।

ইতিমধ্যে যোগাযোগ হয় — কলকাতার একটি সংস্থা 'সিনি লোক থু' (Cine Look Through)-র কর্মকর্তাদের সঙ্গে। সংস্থাটি এইট এম্ এম্ ফিল্ম আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল। তারা ডিমাসা ভাষায় শম্ভুধনের জীবন আধারিত একটি চলচ্চিত্র নির্মাণ করার জন্য পরিকল্পনা গ্রহণ করেন। উত্তর কাছাড় পার্বত্য জেলা (বর্তমান ডিমা হাসাও)-র একটি সংস্থা 'জয়ভদ্র হাগজের মেম'রিয়্যাল ক্লাব'-র সঙ্গে যৌথ উদ্যোগ ও প্রয়োজনায় চলচ্চিত্রটি তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সে অনুযায়ী সবার নিরলস ও অক্লান্ত প্রচেষ্টায় চলচ্চিত্রের শুটিং-এর কাজও সম্পূর্ণ হয়ে গিয়েছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এডিটিং-এর জন্য বিদেশে পাঠানোর সময় কোন কারণে ফিল্মের বেশ কিছু অংশ নষ্ট হয়ে যায়। ফলে এডিটিং করে চলচ্চিত্রটি রিলিজ করা সম্ভব হয়নি।

চলচ্চিত্রের জন্য শম্ভুধনের কাহিনি ও তথ্য সংগ্রহ করা থেকে আরম্ভ করে বাংলা থেকে চিত্রনাট্য ডিমাসায় অনুবাদ করা পর্যন্ত সহযোগিতা করার সৌভাগ্য আমার

হয়েছিল। তবে আমার পারিবারিক বিশেষ অসুবিধার জন্য পরবর্তীকালে শুটিং-এর কাজে সহযোগিতা করা আমার পক্ষে সম্ভব হয়নি। যাইহোক সিনি লোক থু-র দুই কর্মকর্তা, চলচ্চিত্রের নির্দেশক ও চিত্রনাট্য লেখক কোরক ঘোষ ও পার্থপ্রতিম মৈত্র শিলচরের আসলে আমাদের সাফাৎ হয়। যতদূর মনে পড়ে সেটি ১৯৮৬ খ্রিঃ জুন-জুলাই মাস। শঙ্কুধন সম্পর্কিত কাহিনী ও তথ্য আহরণের উদ্দেশ্যে আমরা একযোগে বিভিন্ন গ্রন্থাদি অধ্যয়ন সহ ডিমাসা অধ্যুষিত অঞ্চলগুলোতে ক্ষেত্রানুসন্ধান চালিয়েছিলাম। সেই সময় আমাদের অন্যতম সহযোগিরা ছিলেন শিলচরের পরম ভট্টচার্য, ভাস্কর দেব, প্রদীপ পাল, প্রিয়তোষ রায়চৌধুরী প্রমুখ। উত্তর কাছাড় পার্বত্য জেলার বিশিষ্ট সহযোগীদের মধ্যে ছিলেন — মাইবাঙের জয়ভদ্র হাগজের মেম'রিয়্যাল ক্লাবের কর্মকর্তা প্রশান্ত লাংঠাসা, সুনীল হাফলংবার ও মাইবাঙের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের কর্মী রতীশ চন্দ্র দেব প্রমুখ।

আমরা ক্ষেত্রানুসন্ধান চালিয়েছিলাম — মাইবাং, হাফলং, শিলচর, ঠালীগ্রাম, খাসপুর ইত্যাদি ডিমাসা অধ্যুষিত অঞ্চলগুলিতে। তখন প্রাজ্ঞজনদের কাছ থেকে আমরা পর্যাপ্ত সহযোগিতা ও আতিথ্য লাভ করেছি। বিশেষভাবে তথ্য সংগৃহীত হয়েছিল মাইবাঙের বিশিষ্ট সমাজসেবী, সমাজ অন্তপ্রাণ, ডিমাসা দারা-দিসানী দলের অন্যতম কর্মকর্তা হামবাং বাথারীর কাছ থেকে। আমরা তাঁর বাড়িতে গিয়েছিলাম ১৯৮৭ খ্রিস্টাব্দের ৭ই জুলাই। হাফলঙের বিশিষ্ট ব্যক্তিত্ব, ডিমাসা সাহিত্যিক-সাংবাদিক, রাজনীতিবিদ সোনারাম থাউসেন; বিশিষ্ট কবি-সাহিত্যিক যতীন্দ্র লাল থাউসেন ও উত্তর কাছাড় স্বশাসিত জেলা পরিষদের উচ্চপদাধিকারী ফণীন্দ্র জহরির কাছ থেকেও বিশেষ তথ্য সংগৃহীত হয়েছিল। মাইবাং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ভদ্রেস্বর বডো চলচ্চিত্রের জন্য বাংলায় লেখা চিত্রনাট্য ডিমাসায় অনুবাদের কাজে বিশেষ সহায়তা করেছিলেন। বর্তমানে এঁদের মধ্যে শ্রীজহরি ছাড়া সকলেই প্রয়াত।

চিত্র নির্মাণের জন্য সংগৃহীত তথ্য ও কাহিনির অনেকটাই আমার অধিগত ছিল। তবু শঙ্কুধনের জীবন ও সংগ্রাম নিয়ে কোন গ্রন্থ রচনার অভীক্ষা আমার ছিল না। কারণ স্বাধীনতাকামী বীরের জীবন কাহিনি লেখার মত কাজে নিজেকে কোনও সময়েই যোগ্য বলে ভাবিনি। শেষে অনেক বছর পর এই দুর্লভ কাজে ব্রতী হই সামাজিক দায়বদ্ধতা এবং বিশেষত প্রজেনজিৎ বিশ্বাসের অনুপ্রেরণায়। আসাম বিশ্ববিদ্যালয়ের একটি সেমিনারে বক্তব্য উপস্থাপনের জন্য প্রসেনজিৎই আমার নাম সুপারিশ করেছিলেন যা আমাকে গ্রন্থ প্রণয়নে উদ্বুদ্ধ করে। সেই সময় তাঁর মা পূর্ণিমা বিশ্বাস আকাশবাণী শিলচরের অনুষ্ঠান নির্বাহী হিসেবে কর্মরত ছিলেন। সেই সুবাদেই তাঁর সঙ্গে আমার পরিচয়। ড. প্রসেনজিৎ বিশ্বাস বর্তমানে নর্থ ইস্ট হিলস্ ইউনিভার্সিটি (নেহ)র দর্শনশাস্ত্র বিভাগের অধ্যাপক।

১৯৯৮ খ্রিঃ ১২ই ফেব্রুয়ারি আসাম বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের

উদ্যোগে শঙ্কুধন সম্পর্কিত সেই সেমিনারটি অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে বিশিষ্ট ডিমাসা কবি-সাহিত্যিক ও ইতিহাসবিদ উত্তম চাঁদ বর্মণ একজন অন্যতম বক্তা হিসেবে অংশগ্রহণ করেছিলেন। এছাড়া অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন কাছাড়ের একটি বেসরকারি কলেজের প্রভাষক ভাস্কর দেব। তিনি শঙ্কুধনের জীবন আধারিত কাহিনি-চিত্রের জন্য তথ্য সংগ্রহ সহ বিভিন্ন কাজে যুক্ত ছিলেন। সেমিনারে পৌরহিত্য করেছিলেন বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন উপাচার্য উত্তর পূর্বাঞ্চলের অন্যতম ইতিহাসবিদ অধ্যাপক ড° জয়ন্ত ভূষণ ভট্টাচার্য।

বিশিষ্ট গবেষক গ্রন্থকার উত্তম চাঁদ বর্মণ ও বিশিষ্ট শিক্ষাবিদ গবেষক ড° অমলেন্দু ভট্টাচার্য এই গ্রন্থের পাণ্ডুলিপি আদ্যস্ত পাঠ করে বেশ কিছু অংশে পরিমার্জন পরিবর্ধন করে দিয়েছেন। তাঁদেরকে আমার আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি। ডিমাসা ও বাংলায় মুখবন্ধ লিখে দিয়েছেন ডিমাসা সাহিত্য সভার সভাপতি শ্রী নজেন্দ্র নুনিসা ও জনতা কলেজ, কাবুগঞ্জ, কাছাড় এর সহকারী অধ্যাপক ড° সুদীপ্তা খেরসা। তাঁদের প্রতিও আমি কৃতজ্ঞ। ডিমাসা সাহিত্য সভা গ্রন্থটির প্রকাশনার দায়িত্ব নেওয়ায় আমি নিজেকে ধন্য মনে করছি।

গ্রন্থে অন্তর্ভুক্ত কয়েকটি নিবন্ধ ইতিপূর্বে বিভিন্ন পত্র-পত্রিকা দৈনিক যুগশঙ্ক, ছডাং, হাফলং খুরাং, স্মরণিকা ইত্যাদিতে প্রকাশিত হয়েছে। তবে এ গ্রন্থে প্রকাশের জন্য সেগুলোর কিছু কিছু পরিমার্জন করা হয়েছে।

উত্তর কাছাড় স্বশাসিত পরিষদের শিক্ষা বিভাগের পূর্বতন কার্যনির্বাহী সদস্য কালীজয় সেংয়ুং স্বপ্রণোদিত হয়ে গ্রন্থ প্রকাশের জন্য অর্থ মঞ্জুরির দায়িত্ব গ্রহণ করেছিলেন। আসাম সরকারের হাফলংস্থিত শিক্ষা বিভাগের অতিরিক্ত সঞ্চালকের (পার্বত্য) আর্থিক অনুদানের দ্বারা এই গ্রন্থ প্রকাশিত হয়েছে। এই বিভাগের সরকারি কর্তৃপক্ষ সহ শ্রী সেংয়ুংক আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই গ্রন্থ সহ বিভিন্ন রচনায় যাঁরা নিরন্তর অনুপ্রাণিত করে গেছেন— তাঁরা হলেন হাফলঙের দীনেন্দ্র থাউসেন, রামেন্দ্র লাংঠাসা, বিজয়ানন্দ কেম্প্রাই, ডিফুর গোপাল থাউসেন, গুয়াহাটীর বীরভদ্র হাগজের, সৎসঙ্গ হজাই, উত্তম বাথারী, শিলচরের বাবুল বর্মণ, ব্রজগোপাল বর্মণ, অমলকান্তি বর্মণ, অজয় বর্মণ, মাহাত্য বর্মণ, তুষারকান্তি নাথ, প্রার্থপ্রতিম দাস প্রমুখ। এই গ্রন্থ প্রণয়ন প্রসঙ্গে আরও একজনের নাম উল্লেখ করতে হয়। সে হল আমার বন্ধুবর সহকর্মী বিশিষ্ট শর্মা। তার নিরন্তর উৎসাহ দান এ কাজে আমাকে অনুপ্রাণিত করেছে। এখানে উল্লেখ করতে হয় আমার আত্মশক্তির ভূমিকা পালনকারী আত্মজ অয়ন, অতীক ও সহধর্মিনী ছিনুরাগীর কথাও।

গ্রন্থের জন্য আলোকচিত্র দিয়ে সহায়তা করেছেন হাফলং-এর বাবু খেরসা, বাবাজিৎ বাথারী, কাছাড়ের শেওরারতল গ্রামের শ্রীপদ বর্মণ। প্রচ্ছদ অঙ্কন করেছেন গৌরশঙ্কর নাথ (বাপন)। তাঁদের প্রত্যেককে ধন্যবাদ জানাচ্ছি।

দক্ষিণ অসমে মুদ্রণক্ষেত্রে একটি অগ্রগণ্য প্রতিষ্ঠান শিলচৰ সানগ্ৰাফিক্‌সেৰ
স্বত্বাধিকাৰী পূণ্যপ্ৰিয় চৌধুৰী ও তাঁৰ কৰ্মীবৃন্দ সযত্নে ছাপা ও বাঁধাই এৰ কাজ সুচাৰুৰূপে
সম্পন্ন কৰেছেন। তাঁৰা প্ৰকৃত পক্ষেই ধন্যবাদাৰ্হ।

সুধী পাঠকবৃন্দ এই গ্ৰন্থ পাঠে সামান্যতমও উপকৃত হলে আমাৰ শ্ৰম সাৰ্থক
হয়েছে বলে মনে কৰব।

শিলচৰ, কাছাড়, আসাম
১ সেপ্টেম্বৰ, ২০১৩

সৈয়দাঞ্জলি বৰ্মন

সূচিপত্র

♦ সূচনা	১
♦ শম্ভুধনের বিপ্লবের ঐতিহাসিক প্রেক্ষাপট	৫
♦ শৈশবে শম্ভুধন	১২
♦ যুবনেতা শম্ভুধন, বিষ্ণু উৎসব, হাঙসেউ ও নদ্রাং	১৮
♦ চিকিৎসক স্বয়ংসিদ্ধ যোগী শম্ভুধন	২১
♦ প্রশাসনিক পুনর্গঠন ও প্রতিক্রিয়া	২৫
♦ ইংরেজ আধিপত্যের বিরুদ্ধে শম্ভুধনের সংগ্রাম	২৯
♦ সমতল কাছাড়ে শম্ভুধনের কার্যকলাপ এবং পরিশেষে মৃত্যু বরণ	৪১
♦ উপসংহার	৪৭
♦	
♦ পরিশিষ্ট : ১ শম্ভুধনের কয়েকজন সহযোগী	৫২
♦ পরিশিষ্ট : ২ শম্ভুধন সম্পর্কে বিচিত্র দুটি কাহিনি	৫৬
♦ পরিশিষ্ট : ৩ শম্ভুধনের সময়কালের কয়েকটি গান	৫৮
♦ পরিশিষ্ট : ৪ ডিমাসা ঐতিহ্যে ভবিষ্যদ্বক্তা : গণৎকার ও ফাতৃ	৬০
♦ পরিশিষ্ট : ৫ ভাষাতত্ত্বের আলোকে কাছাড়ী শব্দের ব্যুৎপত্তি প্রসঙ্গে	৬৭
♦ আলোকচিত্র	



Statue of Sambhudhan Phonglo at Haflong



Worshipping Dimasa Jonthais



Ranachandi Temple at Maibang



Deserted Longkhor Village at Maibang,
The Birth place of Sambhudhan Phonglo

ডিমাসা-বীর কিংবদন্তি পুরুষ শত্ৰুধন ফংলো উত্তরপূর্বাঞ্চলের একটি অন্যতম জাগরণ

সূচনা

“স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়রে, কে বাঁচিতে চায়” — কবির একথা শুধু তাঁরই নয়, দেশ-কালের সীমানা ছাড়িয়ে প্রতিটি জাতি ও স্বাধীনচেতা মানুষের প্রাণের কথাও। তাই যুগে যুগে কালে কালে স্বাধীনতা চেতনায় উদ্দীপ্ত হয়ে দেশ ও জাতির জন্যে নিজেকে উজাড় করে উৎসর্গ করে গেছেন কতনা আত্মত্যাগী বীর পুরুষ। তাঁদের সকলের কাহিনী হয়তো আমাদের জানা নেই। ইতিহাসের এমনি এক অজানা বিপ্লবী বীরের কাহিনী উদ্ঘাটনে প্রয়াসী হয়েছি আমরা।

বিভিন্ন জাতি-উপজাতির মহামিলন ভূমি ভারতবর্ষের উত্তর পূর্বাঞ্চলের একটি রাজ্য আসাম। এর দুটি পার্বত্য জেলার অন্যতম একটি হল উত্তর কাছাড়। জেলাটির ভৌগোলিক অবস্থান $28^{\circ}58'$ ও $26^{\circ}82'$ উত্তর অক্ষাংশ এবং $92^{\circ}8'$ ও $93^{\circ}53'$ পূর্ব দ্রাঘিমাংশে। ১৯৭১ খ্রিস্টাব্দে দক্ষিণ আসামের এই পার্বত্য জেলাটি স্বায়ত্ত শাসিত পূর্ণ জেলা হিসেবে উন্নীত হয়। জেলা সদর হাফলং। বর্তমানে জেলাটির হাফলং ও মাইবাং নামে দু'টি মহকুমা রয়েছে। বিভিন্ন জাতি উপজাতির বাসভূমি এই জেলায় ঐতিহাসিক ডিমাসারা হলেন একক সংখ্যাগরিষ্ঠ জনজাতি। জেলাটির দ্বিতীয় মহকুমা মাইবাঙের মহকুমা সদর হল মাইবাং। এককালে এই মাইবাং ছিল ইতিহাসে হেড়ম্ব রাজ্য (কাছাড়) হিসেবে পরিচিত ডিমাসা রাজ্যের রাজধানী। তাই এর সঙ্গে জড়িয়ে আছে অনেক ইতিহাস — বীরত্ব গাথা, শৌর্য-বীর্য, বিদ্রোহ ও সংগ্রামের কাহিনী। আহোমদের সঙ্গে যুদ্ধে পরাজিত হবার পর ইষ্টক নগরী (Brick city) হিসেবে খ্যাত ডিমাপুর পরিত্যাগ করে ডিমাসা রাজারা তাঁদের পরবর্তী রাজধানী গড়ে তোলেন ষোড়শ শতাব্দীর ত্রিশের দশকের গোড়ায় মনোরম সবুজ পাহাড় ঘেরা এই মাইবাঙে। এখানে ছিল রাজাদের নির্মিত একটি গড়, যা নির্মাণশৈলী ও দৃঢ়তার জন্য ছিল প্রসিদ্ধ। দরঙ্গ বংশাবলীতে এই গড় সম্পর্কে — “বজ্রসম দ্বার ইতো অতি অনির্বার” বলে উল্লেখ করা হয়েছে। তবে বর্তমানে মাইবাঙে ঐতিহাসিক স্থাপত্য হিসেবে শুধু এক পাথরের অসাধারণ একটি মন্দির রয়েছে। এ ছাড়া আছে ভাঙা-চুরা কয়েকটি প্রস্তর ফলক ও মূর্তি। আনুমানিক ১৫৩৬ খ্রিস্টাব্দ থেকে ১৭৪০ খ্রিস্টাব্দ পর্যন্ত এখানেই ছিল ডিমাসা তথা হেড়ম্ব রাজ্যের রাজধানী। এর উর্বর ভূমিতে ধান ফলত প্রচুর। তাই

ডিমাসা ভাষায় স্থানটির নামকরণ করা হয় 'মাইবাং'। মাই+গাবাং, মাই অর্থাৎ ধান এবং গাবাং মানে প্রচুর। এই দুটি শব্দ মিলে হয়েছে মাইবাং। ডিমাসা লোকসঙ্গীতে আছে মাইবাঙের বর্ণনা —

মাইবাংমা হালালী ওয়ারবা ওয়ারয়াবা
ডাইন্ডো হিমখাবো হিমডেয়া,
মাইবাংমা ডিলালী লাউবা লাউয়াবা
ডাইন্ডো বিরহিবো বিরডেয়া,
মাইবাংমা হাঃ হাম্বা হাময়াবা
ব্লাইটা বাঠাইসে বাংডাওডাও
মাইবাংমা ডি হাম্বা হাময়াবা
লংঠাইঠা নাসে বাংডাওডাও
মাইবাংমা গারয়া গারখাডে
মাইবাংমা হাগারা জালানাং
মসোমা যাজংডি হা লানাং
নাফিমা খুডাবডি ডি লানাং।

বাংলা অনুবাদ

মাইবাং, সুন্দর ভূমি আমার এতো যে বড় সে দেশ
ছ'মাসের দীর্ঘ যাত্রায়ও হয়নাকো শেষ
মাইবাং, স্পটিক স্বচ্ছ জল, এতো দীর্ঘ যে তার নদী
ছয় মাস উড়ে উড়েও হয়নাকো শেষ,
মাইবাং, তোমার উর্বর মৃত্তিকায়
পাতার চেয়ে ফল হয় বেশি
মাইবাং, স্পটিক স্বচ্ছ তোমার নদী-জল
নুড়ি পাথরের চেয়ে মাছ যেখানে বেশি।
মাইবাং, তোমাকে যদি ছেড়ে যাই
বনে বনে ছেয়ে যাবে চার পাশ,
পর্বতী হরিণের দল, করবে ভূমি দখল
নাফিমা মাছে মাছে ভরে যাবে নদী-জল।

এই মাইবাঙের মাটিতেই ঊনবিংশ শতাব্দীর আশীর দশকের গোড়ায় স্বাধীনতা

সংগ্রামের এক ইতিহাস রচিত হয়েছিল। এই ইতিহাস ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে স্বাধীনচেতা নিভীক ডিমাঙ্গা যোদ্ধাদের বৃক্কের তাজা রক্তে রঞ্জিত। ডিমাঙ্গা-বীর কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংলো ছিলেন সেই গৌরবময় অধ্যায়ের প্রধান রূপকার। ১৮৮২ খ্রিস্টাব্দে তাঁরই নেতৃত্বে উত্তর কাছাড় ইংরেজ বাহিনীর বিরুদ্ধে স্বাধীনতাকামী ডিমাঙ্গা যোদ্ধাদের দুটি সংঘর্ষ সংঘটিত হয়েছিল। প্রথম সংঘর্ষে গুনজুং-এ অবস্থিত তৎকালীন উত্তর কাছাড় মহকুমার মুখ্য কার্যালয় ও থানা বিধ্বস্ত হয়।^১ গুনজুং সংঘর্ষের পরদিন দ্বিতীয় সংঘর্ষটি ঘটে মাইবাঙের বৃক্কে। ইংরেজ বাহিনীর বিরুদ্ধে সেদিনের সম্মুখ সমরে অন্তত ১১ (এগারো) জন ডিমাঙ্গা বীর আত্মাহুতি দিয়েছিলেন। সেই সংঘর্ষে আহত হবার ফলে মৃত্যু হয়েছিল তৎকালীন কাছাড়ের জেলাধিপতি মেজর বয়েডের।^২ ১৮৫৭ খ্রিস্টাব্দের সিপাহী বিদ্রোহের পর উত্তর-পূর্ব ভারতে এটাই সম্ভবত প্রথম ব্রিটিশ বিরোধী সশস্ত্র সংগ্রাম। উপজাতি অধ্যুষিত পার্বত্য অঞ্চল সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলে শম্ভুধনের সংগ্রামের মাধ্যমেই স্বাধীনতা চেতনার উন্মেষ ঘটেছিল, একথা বললে অত্যাুক্তি হবে না। কারণ পরবর্তীকালে ইংরেজ শাসনের বিরুদ্ধে এর প্রতিফলন ও প্রভাব যে পড়েছিল ইতিহাসবিদরা একথার উল্লেখ করেছেন।

ইংরেজ লেখক ও প্রশাসকদের লেখায় শম্ভুধনের সংগ্রাম যথাযথভাবে বর্ণিত হয়নি। তবে এ অঞ্চলে শম্ভুধনই যে প্রথম নূতন চেতনার সঞ্চার করেছিলেন একথার স্বীকৃতি আছে নানা জনের লেখায়। সরকারি নথিপত্রে রয়েছে —

“The political events in which Cachar was more or less involved were of considerable importance. Though not first in the point of time, the first place should be given to the rising in North Cachar, a rising which seemed contemptible in its origin, but which was lamentable in its conclusion. The main spring of revolt was a Kachari, named Sambhudan.”^৩

L.W.Shakespear, Allen Gait ও Allen Howard শম্ভুধনের আন্দোলনকে পুরোনো কাছাড়ী রাজ্য তথা ডিমাঙ্গা-হেড়ম্ব রাজ্য পুনরুদ্ধারের প্রচেষ্টা হিসেবে বর্ণনা করেছেন।^৪ উত্তর পূর্বাঞ্চলের ইতিহাস বিশেষজ্ঞ ড॰ জয়ন্ত ভূষণ ভট্টাচার্যের ভাষায় —

“Sambhudhan is still a legendary hero in Cachar and many considered his mission to revive the local institutions and a reaction to the British Rule”^৫

সুরেশ সিং সম্পাদিত ‘Tribal Situation In India (Vol-13)’ গ্রন্থে শম্ভুধনের প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে এভাবে —

“Sambhudhan was a charismatic leader with profetic power of inducing assurance in the minds of his followers that he will bring back the good old days, the proverbial Golden Age, secure justice or drive away the oppressors.”

কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংলোর সশস্ত্র বিপ্লবের বিস্তারিত প্রসঙ্গে যাবার পূর্বে আমরা পর্যায় ক্রমে আলোচনা করব ডিমাসাদের আর্থ-সামাজিক জীবন, বীর শম্ভুধনের বাল্য ও কৈশোর এবং তাঁর বিদ্রোহের প্রেক্ষাপট। এই সব তথ্য শম্ভুধনের অবদানের প্রকৃত মূল্যায়নে সহায়তা করবে বলেই আমাদের বিশ্বাস।

উল্লেখপঞ্জি :-

- ১। S.K. Borpujari (Ed); History of the Dimasas, Haflong, 1997, pp-1-2.
- ২। J.B. Bhattacharjee, Cachar under British Rule in North East India, New Delhi, 1977, p-248.
- ৩। C.A. Soppit, An Historical and Descriptive Account of Kachari Tribe in North Cachar Hills, Shillong, 1885, p-15.
- ৪। An Account of the province of Assam, chapter - II, Historical Summary, pp-78-79.
- ৫। L.W. Shakespear, History of Assam Rifles, London, 1929, p-80.
Allen Gait, Allen Howard, Gazetteer of Bengal and North East India, (Reprint India), 1984, p-455.
- ৬। J.B. Bhattacharjee, opcit, p-248-249.
- ৭। S.K. Borpujari (Ed); History of the Dimasas (From the earliest times to 1896 A.D), Haflong, 1997- p-114.

শম্ভুধনের বিপ্লবের ঐতিহাসিক প্রেক্ষাপট

ব্রহ্মদেশীয় সেনাদের বিতাড়ন করে ইংরেজরা নিজেদের আধিপত্য বিস্তার করার পূর্ব পর্যন্ত কাছাড় ও ব্রহ্মপুত্র উপত্যকা সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চল জুড়ে ছিল এক বিশৃঙ্খল অস্থির রাজনৈতিক পরিবেশ। ইস্ট ইণ্ডিয়া কোম্পানি ও ব্রহ্মদেশের মধ্যে ইয়াণ্ডাবু সন্ধি চুক্তি স্বাক্ষরিত হয় ১৮২৬ খ্রিস্টাব্দে। এই চুক্তির মধ্যে নিহিত ছিল সমগ্র উত্তর পূর্বাঞ্চলকে তাদের উপনিবেশিক শাসনের অন্তর্ভুক্ত করার কোম্পানির নীতি। যা প্রথম ধাপেই ১৮২৮ খ্রিস্টাব্দে নিম্ন অসমকে অধিগ্রহণ করার মাধ্যমে পরিস্ফুট হয়ে উঠে।^১

ইংরেজের এই উপনিবেশ সম্প্রসারণ নীতির পরিপ্রেক্ষিতে ডিমাসা রাজ্য কাছাড় তথা হেড়ম্বের পতনের পথও প্রশস্ত হয়ে উঠে। উপরন্তু যুদ্ধ বিগ্রহ ছাড়াও আভ্যন্তরীণ বিভিন্ন সমস্যায় জর্জরিত ছিল ডিমাসা রাজ্য। রাজাদের ধর্মাচরণের প্রতি অত্যধিক আসক্তির জন্য উদ্ভূত অর্থনৈতিক সঙ্কট, মহারাজ কৃষ্ণচন্দ্রধ্বজ নারায়ণ কর্তৃক নিয়োজিত ধর্মপুরের শাসক তথা রাজপ্রতিনিধি কোহিধন ওরফে ক্ষা'হিডাও ওরফে খাসাডাও এবং পরবর্তীকালে তাঁর পুত্র তুলারাম ওরফে তুলসীচন্দ্রের নেতৃত্বে উত্তর কাছাড়ে (ধর্মপুর) ডিমাসাদের বিদ্রোহ, আভ্যন্তরীণ ষড়যন্ত্র, ব্রহ্মদেশীয় আক্রমণ, বলিষ্ঠ সামরিক সংগঠনের অভাব ইত্যাদি ডিমাসা রাজ্যের (কাছাড়) পতনকে ত্বরান্বিত করে বলে ঐতিহাসিকদের অভিমত। ১৮৩০ খ্রিস্টাব্দে ২৪ এপ্রিল রাজা গোবিন্দচন্দ্র ধ্বজ নারায়ণ নিহত হবার সঙ্গে সঙ্গে ডিমাসা রাজ্যের পতন হয়।^২ আনুষ্ঠানিক ভাবে ১৮৩২ খ্রিস্টাব্দে ১৪ আগস্ট ইস্ট ইণ্ডিয়া কোম্পানি রাজার কোন উত্তরাধিকারী না থাকার অজুহাতে ডিমাসা রাজ্য অধিগ্রহণ করে।^৩ উল্লেখ্য যে, রাজা গোবিন্দচন্দ্র ধ্বজ নারায়ণ দণ্ডক গ্রহণ করতে ইচ্ছুক ছিলেন। কিন্তু ইংরেজ শাসকদের আপত্তির জন্য তা সম্ভব হয়নি।^৪ এছাড়া ডিমাসা ঐতিহ্যে রাজার কোন পুত্র সন্তান না থাকলে রাজপরিবার বা গোষ্ঠীর যোগ্য ব্যক্তিকে রাজা হিসেবে মনোনীত বা নির্বাচিত করার পরম্পরা ছিল। কিন্তু তাও ইংরেজ শাসকরা অগ্রাহ্য করেন।

অন্যদিকে ১৮২৯ খ্রিস্টাব্দ থেকে উত্তর কাছাড় তথা ধর্মপুর ছিল তুলারাম সেনাপতির শাসনাধীন। ব্রিটিশ পলিটিক্যাল এজেন্ট ডেভিট স্কটের মধ্যস্থতায় মহারাজ গোবিন্দচন্দ্রধ্বজ নারায়ণ তুলারামকে উত্তর কাছাড়ের সার্বভৌম ক্ষমতা সম্পন্ন শাসক হিসেবে স্বীকৃতি প্রদান করেন।^৫ মহারাজ গোবিন্দচন্দ্রের শর্ত ছিল তুলারাম কখনও রাজা হিসেবে পরিচিত হতে পারবেন না। তাই পরবর্তীকালে সন্তানহীন রাজা নিহত হবার পর শূন্য ডিমাসা রাজ সিংহাসনে অভিষিক্ত হবার যোগ্য উত্তরাধিকারী হিসেবে

তুলারামের ন্যায্য দাবীকেও ইংরেজ সরকার প্রত্যাখ্যান করে বলে কথিত। ফলে উত্তর কাছাড় ও দক্ষিণ কাছাড় একত্রীকরণের জন্য তুলারামের প্রচেষ্টা ফলপ্রসূ হয়নি। এছাড়াও ইংরেজ প্রশাসন উত্তর কাছাড়ের অধিবাসী ডিমাসাদেরও একত্রে বাস করতে দেয়নি। সেনাপতির সঙ্গে ইংরেজ সরকারের প্রতিনিধি ক্যাপটেন ফিশারের একটি চুক্তি স্বাক্ষরিত হয় ১৮৩৪ খ্রিস্টাব্দে। এরফলে স্বরাজ্যের পশ্চিমভাগ অর্থাৎ ডিয়ুং, মাহুর, কপিলি ও জাটিঙ্গা নদীর মধ্যবর্তী ভূভাগের কর্তৃত্ব হারাতে হয় তুলারামকে। অন্যদিকে পূর্বে ধনশিরি নদী, পশ্চিমে ডিয়ুং নদী, দক্ষিণে মাহুর নদী ও নাগা পাহাড়, উত্তরে যমুনা ও ডিয়ুং নদী — এই চতুঃসীমার মধ্যবর্তী অঞ্চল তাঁর রাজ্য হিসেবে স্বীকৃত হয়।^{১০} তুলারামের মৃত্যু হয় ১৮৫০ খ্রিস্টাব্দে। লোকশ্রুতি অনুযায়ী এই মৃত্যু ছিল রহস্যজনক। ১৮৫৩ খ্রিস্টাব্দে তুলারামের রাজ্যকেও তাদের শাসনের অন্তর্ভুক্ত করে নেয় ইস্ট ইণ্ডিয়া কোম্পানি। অজুহাত ছিল সেনাপতির পুত্ররা নাকি ইংরেজদের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির শর্ত পালনে ব্যর্থ হয়েছেন।^{১১}

ইংরেজের সঙ্গে তুলারামের স্বাক্ষরিত চুক্তির অন্যতম একটি শর্ত ছিল — তুলারাম প্রতিবেশী রাজ্যের কোন গোষ্ঠীপ্রধান বা দলনেতার বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হতে পারবেন না।^{১২} কিন্তু বাস্তবে এই শর্ত পালন করা ছিল প্রায় অসম্ভব। কারণ তুলারামের রাজ্যের সীমান্ত অঞ্চল মাহুর নদীর পূর্ব পারে নাগারা প্রায়শই উৎপাত করত এবং নিজেদের প্রাণ ও সম্পত্তির রক্ষার তাগিদেই কোন না কোন সময়ে তাদের সঙ্গে তুলারামের পুত্রদের সংঘর্ষে জড়িয়ে পড়া ছিল প্রায় অনিবার্য।^{১৩} তাই ধূর্ত ইংরেজ শর্তটি জুড়ে দিয়েছিল। ইংরেজদের এই কূটকৌশলের বর্ণনা করতে গিয়ে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিশিষ্ট ঐতিহাসিক এন্ জি রোডস ও এস কে বোসের মন্তব্য খুবই তাৎপর্যপূর্ণ। তাঁদের বিশ্লেষণটি নিম্নরূপ —

“However, on 16th October 1834 A.D., sensing the weakness of Tularam, the Company entered into an agreement with him and acknowledged his sovereignty in Northern Kachar, north Borail range, but there by reduced the size of his territory. He lost the remunerative portion of the tract in the Central Kachar (western portion of his territory), between the Mahur and Doyang and Doyang and Kapili rivers, retaining the eastern part of the hill Kachar. In lieu, Tularam was awarded a pension of Rs. 50 during his life. The portion of the country, ultimately retained by Tularam Senapati was almost entirely covered by forest, ‘containing an area of 2160 square miles’, which was yielding a petty net revenue of about Rs. 1200. This has crippled the financial position of the Senapati and he was not only

unable to maintain his levies, but also failed to look after the welfare of his subjects, as and when necessary. In 1844 A.D., having become infirm due to old age, Tularam, with the consent of British authority (the approval was communicated to the Agent to the Governor General, Gauhati, by the Secy. to the Government of India, Fort William, on the 19th October, 1844 A.D.) transferred the management of his country to his two sons, Nakulram and Brajanath. The two sons, however, were not up to the task and frequently quarrelled with each other. Ultimately, the elder son was killed while he was leading a group of Kacharis to retaliate on the Angami Nagas as they had attacked the village Semkhor, killed eighty six Kacharis and took away as many slaves.”

(তুলারামের দুর্বলতা অনুধাবন করতে পেরে ১৮৩৪ খ্রিস্টাব্দের ১৬ অক্টোবর কোম্পানী এক চুক্তি করে বড়াইল পাহাড়ের উত্তরাংশে উত্তর কাছাড়ে তাঁর সার্বভৌমত্ব মেনে নেয়। এর ফলে তুলারামের অধীনস্থ ভূভাগের আয়তন সঙ্কীর্ণ হয়ে যায়। পার্বত্য কাছাড়ের পূর্বাংশে তাঁর কর্তৃত্ব বহাল থাকলেও পশ্চিম মাহুর ও দয়াং এবং দয়াং ও কপিলী নদীর মধ্যবর্তী উর্বর অঞ্চল তাঁর অধিকারচ্যুত হয়। এর বিনিময়ে তুলারামকে মাসিক পঞ্চাশ টাকা হারে আজীবন পেনশন প্রদান করা হয়। ২১৬০ বর্গমাইলের যে অংশটুকু তুলারামের কর্তৃত্বাধীনে আসে এর প্রায় সম্পূর্ণটাই ছিল জঙ্গলাকীর্ণ এবং এ থেকে প্রাপ্ত রাজস্বের পরিমাণ ছিল মোটামুটি ১২০০ টাকা। এই বিড়ম্বিত আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে তুলারামের পক্ষে যেমন তাঁর সেনাবাহিনীর ব্যয় নির্বাহ করা কঠিন হয়ে পড়ে তেমনি প্রয়োজন অনুযায়ী প্রজাদের হিত সাধনের উদ্দেশ্যে কোন প্রকল্প গ্রহণ করতেও তিনি ব্যর্থ হন। ইতিমধ্যে বয়স জনিত কারণে তুলারামের পক্ষে কাজকর্ম চালানো মুশ্কিল হয়ে পড়ে। তাই ১৮৪৪ খ্রিস্টাব্দে ব্রিটিশ কর্তৃপক্ষের অনুমতি ক্রমে (ফোর্ট উইলিয়াম থেকে তৎকালীন ভারত সরকারের সচিব ১৮৪৪ খ্রিঃ ১৯ অক্টোবর গৌহাটিতে গভর্নর জেনারেলের এজেন্টকে এই অনুমোদনের সম্পর্কে অবহিত করেন)। তিনি তাঁর দুই পুত্র নকুলরাম ও ব্রজনাথের উপর রাজ্য পরিচালনার দায়িত্ব অর্পণ করেন। তুলারামের দুই পুত্র রাজ্য পরিচালনার ব্যাপারে দক্ষ ছিলেন না। তাঁরা প্রায়ই নিজেদের মধ্যে বিবাদে লিপ্ত থাকতেন। অঙ্গামী নাগাদের দ্বারা সেমখর গ্রাম আক্রান্ত হলে একদল কাছাড়ী সেই আক্রমণ প্রতিহত করার লক্ষ্যে সংঘর্ষে অবতীর্ণ হন। সেই দলের নেতৃত্বে ছিলেন তুলারামের জ্যেষ্ঠ পুত্র নকুলরাম। এই সংঘর্ষে নকুলরাম সহ ৮৬ জন কাছাড়ী নিহত হন এবং নাগারা অনেককে দাস হিসেবে ধরে নিয়ে যায়)।

তুলারাম সেনাপতির মৃত্যু হয় ১৮৫০ খ্রিস্টাব্দে ১২ অক্টোবর। *সেমখর

সংঘর্ষ ইংরেজদের চুক্তির শর্ত অনুযায়ী তুলারামের রাজ্যকে তাদের অধিকারভুক্ত করার সুবর্ণ সুযোগ সৃষ্টি করে। চুক্তি লঙ্ঘন ও আইন শৃঙ্খলা রক্ষার অজুহাতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি উত্তর কাছাড় অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে এবং তা ১৮৫৩ খ্রিস্টাব্দের ২৭ আগস্ট গভর্নর জেনারেল কর্তৃক অনুমোদিত হয়। ঐ বছর ৩ ডিসেম্বর আনুষ্ঠানিক ঘোষণার মাধ্যমে এটি বাস্তবায়িত হয়। একটি মহকুমা হিসেবে তুলারামের রাজ্যটিকে জুড়ে দেওয়া হয় ইংরেজ উপনিবেশের নগাঁও জেলার সঙ্গে। তুলারামের উত্তরাধিকারীকে আজীবন পেনশন ও নিষ্কর জমি মঞ্জুর করা হয়।”

কটকৌশলী ইংরেজরা বিশেষ উদ্দেশ্যে ডিমাসা রাজ্যের আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করতে শুরু করে। তুলারামের পক্ষ অবলম্বন করে তারা সামাজিক স্থিতি ও সংহতিকে দুর্বল করে তোলে। মণিপুরের রাজপুত্রদের যড়যন্ত্রে ও তাদের প্রচ্ছন্ন মদত ছিল। এর ফলশ্রুতিতে মহারাজা গোবিন্দচন্দ্রধ্বজ নারায়ণ নিহত হন। তুলারামের সঙ্গে সম্পাদিত চুক্তিতে অনৈতিক শর্ত আরোপ করে তাঁকে অর্থনৈতিক ভাবে পঙ্গু করে ফেলা হয়। বিদেশি ইংরেজদের এ ধরনের কৌশল ও চাতুর্য সম্পর্কে ডিমাসারা যে অবহিত ছিলেন না এমন নয়। তাই ইংরেজদের ডিমাসা রাজ্য অধিগ্রহণ ডিমাসা-কাছাড়ীরা খোলা মনে মনে নিতে পারেননি।

তবে কামরুলী-হালালী*, নীলাচল-হালালী, ডিমাবং-হালালী, সদিয়া, ডিমাপুর, মাইবাং ও খাসপুরে সহস্রাধিক বৎসরের রাজত্বকারী ডিমাসারা রাজ্য হারানোর জন্য গভীর শোকানুভব করলেও সক্ষম নেতৃত্বের অভাবে রুখে দাঁড়াতে পারে নি। শুধু ক্ষোভ ও অসন্তুষ্টি পোষে রাখে সময়ের অপেক্ষায়। ইংরেজরা উত্তর কাছাড়ের প্রশাসনকে সংহত করার পদক্ষেপ গ্রহণ করার সময় ১৮৮১-১৮৮২ খ্রিস্টাব্দে এই ক্ষোভের সঙ্গে অন্যান্য কারণ যুক্ত হয়ে বীর শম্ভুধনের নেতৃত্বে বিদ্রোহের রূপ পরিগ্রহ করে। ঐতিহাসিকদের মতে —

“Such usurpation of royal powers by the foreigners was not seen in good light by the Dimasa-Kacharis of North Kachar Hills. In 1881-1882 A.D., an uprising took place under the leadership of a Dimasa named Sambudhan Fonglo.”^{১৩}

উল্লেখপত্র ও টীকা :

- ১। Debabrata Dutta, History of Assam, Calcutta, Revised Fourth Edition, 1989, p-139 (Part-I)।
- ২। জে বি ভট্টাচার্য; কছাড়ী রাজ্য উত্থান আরু পতন; অসম সাহিত্য সভা, গুয়াহাটি, ১৯৯৩ খ্রিঃ, পৃঃ ১৪০-১৫৪। হেম বরদলৈ; বিদ্রোহী ডিমাসা বীরঃ শম্ভুধন ফংলোসা, আজির বাতরি, গুয়াহাটি, ১২ ফেব্রুয়ারী, ১৯৯৪ খ্রিঃ, পৃঃ ৫।
- ৩। Debabrata Dutta, Opcit, p-169 (Part-I)।
- ৪। জে বি ভট্টাচার্য; পূর্বোক্ত, পৃঃ ১৫৩।
- ৫। Debabrata Dutta, Opcit, p-36 (Part-II)।
- ৬। B.C. Allen, Assam District Gazetters, V-I, Cachar, Calcutta, 1905, pp-33-34।
- ৭। Debabrata Dutta, Opcit, p-37 (Part-II)।
- ৮। S.K. Borpujari (Ed); History of the Dimasas (From the earliest times to 1986 A.D); Haflong, 1997, pp-214-215।
- ৯। তন্ময় ভট্টাচার্য; কাঞ্চ সংবাদ, শিলচর, ১৯৯৮ খ্রিঃ, পৃঃ ১১৬।

*সেমখরঃ মাইবাং থেকে সেমখর গ্রামের দূরত্ব মোটামুটি ২৮ (আটাশ) কিলোমিটার। মাইবাঙে ডিমাসা রাজাদের রাজধানী থাকাকালে (আনুমানিক ১৫৩৬ খ্রিঃ — ১৭৪০ খ্রিঃ) সেখানে ছিল লবণের খনি। সেখান থেকে মাইবাং রাজবাড়ি ছাড়াও আগরতলার ত্রিপুরী রাজবাড়িতেও লবণ সরবরাহ করা হত বলে কথিত। তাই ইতিহাসে সেই সেমখর গ্রামের মর্যাদা স্বতন্ত্র ও তাৎপর্যপূর্ণ। গ্রামটি উত্তর কাছাড়ের প্রাচীনতম ও বৃহত্তম গ্রাম। ডিমাপুরের শেষ রাজা ডেটসাঙের স্মৃতি বিজড়িত গ্রাম সেমখর। এই সেমখরের অধিবাসীরাই হলেন 'সেমসা'। তারা ডিমাসাদেরই একটি গোষ্ঠী। তারা ছিলেন মূলতঃ রাজার ব্যক্তিগত সৈন্যবাহিনীর দুর্ধর্ষ যোদ্ধা। সেম (লবণ) + ডিখর (কুয়ো), এ থেকেই গ্রামের নাম হয় সেমডিখর > সেমখর বা লবণের কুয়ো। তাই সেমখর গ্রামের অধিবাসীরাই হলেন 'সেমসা'। এর অর্থ লবণ-সন্তান বা লবণ-জীবী। এমনকি সেমসা শব্দটি সেংয়াসা অর্থাৎ অস্থধারী (বীর সেনা অর্থে) শব্দের বিকৃতির ফলে সৃষ্টি হওয়াও অসম্ভব নয়।

সেমখরে সেমসাদের বসতি স্থাপন সম্পর্কে একটি লোকশ্রুতি আছে। সেমসারা তাদের বসতি কোথায় স্থাপন করবেন বলে রাজাকে জিজ্ঞেস করলে, রাজা নাকি সমস্ত শক্তি প্রয়োগ করে তীর নিষ্ক্ষেপ করেন এবং বলেন, তীরটি যেখানে গিয়ে পড়বে সেখানেই তোমরা বসতি স্থাপন কর। অনেক অনুসন্ধানের পর সেমসারা সেমখরে গিয়ে তীরের সন্ধান পান এবং সেখানে বসতি স্থাপন করেন। অন্যমতে, ডিমাপুর থেকে বিতাড়িত হয়ে মাইবাঙে রাজধানী স্থাপনের মধ্যবর্তী সময়কালে ডিমাসা রাজা যে কয়টি স্থানে অস্থায়ী রাজধানী স্থাপন করেছিলেন সেমখর সেগুলোর মধ্যে একটি। ডিমাপুর থেকে ডিমা-ডিবু

(ধনশ্রী নদী)র উজান বেয়ে 'ডিহারাং' নামে একটি স্থানে পাঁচ বৎসর অস্থায়ী রাজধানী ছিল। সেখান থেকে সেমডিখর (সেমখর)-এ আসার পর মাইবাং কীর্তিপুর্বে রাজধানী স্থানান্তরিত করা হয় বলে কথিত (কলঙমা, ৮ নভেম্বর, ১৮৮৫ খ্রিঃ)।

সেমখর ও সেমসাদের সম্পর্কে অনেক জনশ্রুতি বর্তমান। সেমসাদের কাছে রাজ প্রদত্ত একটি বস্ত্র আছে এবং তাতে কিছু কথা লেখা আছে বলে কথিত। বস্ত্রটিকে তারা প্রাণের চেয়েও অধিকতর প্রিয় ও অমূল্য ভেবে রক্ষা করে চলেছেন বংশ পরম্পরায় এবং সেটাকে মুষ্টিমেয় বিশ্বস্ত ছাড়া অন্য কাউকেই দেখানো হয় না। যখন রাজার পুনরাগমন ঘটবে তখন বস্ত্রটি রাজাকে দেখাতে হবে, এই নাকি রাজাদেশ। সেমখরে বসতি স্থাপনের সূচনায় যত সংখ্যক গৃহ ছিল তাও নাকি বৃদ্ধি করা নিষেধ। একটির মতো গৃহ বৃদ্ধি হলেই পৃথিবী জুড়ে এমন মহাযুদ্ধ সংঘটিত হবে যে পৃথিবী প্রায় জন শূন্য হয়ে পড়বে বলে লোকবিশ্বাস। তাই গৃহ সংখ্যা বৃদ্ধি রোধ করার পাশাপাশি নিজেদের জনসংখ্যা বৃদ্ধি জনিত বাসস্থান সঙ্কুলান করার জন্য পুরনো গৃহেই নূতন কোঠা সংযোজনের রীতি নাকি সেমখরে অনুসৃত হতো। সেমখর সম্পর্কে প্রবহমান জনশ্রুতিগুলোর মধ্যে অন্যতম হল — নাগাদের দ্বারা সেমখর গ্রাম আক্রমণ হওয়ার ঘটনা। এটি ইতিহাসে বর্ণিত ঘটনার প্রায় অনুরূপ। এখানে তার সংক্ষিপ্ত বিবরণ দেওয়া যেতে পারে।

প্রায় শ' দুয়েক বছর আগের একটি হৃদয় বিদারক ঘটনা। সেদিন সেমখর গ্রামের যুবা-পুরুষরা সবাই লাংটিং নদীর ভাটিতে মাছ ধরতে যায়। হঠাৎ তারা বিস্ময়ে লক্ষ করে নদীর স্রোতধারা রক্তে রাঙ্গা। অজানা আশঙ্কায় দুরূ দুরূ বক্ষে তৎক্ষণাৎ সকলেই ছুটে আসে গ্রামে। এসে মৃত্যুর মর্মভেদী দৃশ্য দেখে তারা শোকস্তব্ধ হয়ে পড়ে। নাগারা দ্বিপ্রহরে অতর্কিত প্রায় পুরুষহীন সেমখর গ্রামে হানা দিয়ে নির্বিচারে শিশু-বৃদ্ধদের হত্যা করে গেছে নৃশংসভাবে, আর নারী ও যুবতীদের তারা ধরে নিয়ে গেছে। এই হৃদয় বিদারক দৃশ্যে ডিমাসা-কাছাড়ী রাজার বিশিষ্ট যোদ্ধা সেমসাদের হৃদয়েও জেগে ওঠে প্রতিশোধ স্পৃহা। কয়েক মাসের মধ্যেই তারাও প্রতি আক্রমণে গিয়ে একটি অংগামী নাগা গ্রামের অধিকাংশ পুরুষদের হত্যা করে এবং নাগা রমণীদের ধরে নিয়ে এসে নিজেদের ঘরণী করে নেয়। এই নাগা রমণীদের সেমসারা তাদের পূর্বের স্ব স্ব স্ত্রীদের অনুযায়ী জুলু (ডিমাসা নারীদের গোষ্ঠী বা মাতৃকুল) প্রদান করে বলে কথিত।

১০। N.G. Rhodes S.K. Bose; A History of the Dimasa - Kacharis, As seen through Coinage, Kolkata-Guwahati, 2006, pp-62।

১১। Idid, p-63।

*হালালী : ডিমাসার নিজেদের রাজ্যকে হালালী (হা = মাটি/ভূমি + লালী = উজ্জ্বল, শ্রী), অর্থাৎ উজ্জ্বল ভূমি বা শ্রী ভূমি হিসেবে অভিহিত করত। নীলাচল হালালী, কামরুলী-হালালী, ডিমাং-হালালী (সদিয়া), ডিমাপুর-হালালী, মাইবাংমা-হালালী, খাসপুর-হালালী

ইত্যাদি বলার প্রচলন ছিল। উল্লেখ্য যে, গবেষক গ্রন্থকার উত্তম চাঁদ বর্মণের অভিमत হল কামরু বা কামরুপ শব্দটি ডিমাसा भाषा सङ्घात। डिमासा भाषाय 'कामरु' शब्दটির अर्थ হল क्रमाघ्रये वसति स्थापन करा वा वसा। शब्दটি आर्य संस्कृतिर प्रभावे कामरुप -ए रूपान्तरित হয়। होसेन शाहि मुद्राय कामरुपके 'कामरु' ओरफे 'चाउलिस्थान' हिसेवे उल्लेख करा হয়েছে। ঐতিহাসিকরা ডিमासादेर डिमावंग-हालाली अर्थां सदिया पूर्व इतिहास सम्पर्के विशेष आलोकपात करते सक्कम हननि ঐतिहासिक उपादानेर अप्रतुलतार जन्य। ए सम्पर्के आमरा किछु आभास नाइ लोकगाँथाय। एते कामरुप नीलाचल सह डिलिवाम, खासायवाम (काशमारी?) उलुवाम इत्यादिर कथा वर्णित হয়েছে। विशिष्ठ साहित्यिक-गवेषिका-ग्रन्थकार निरूपमा हागजेर 'कछारीर आँतिगुरि विचारि' शीर्षक निबन्धे ए सम्बन्धे आलोचना करेछेन। (दृष्टव्य : - The People, A Multi Lingual Magazine; People's Cultural Organisation, Haflong, 1995, pp-26-32)।

१२। N.G. Rhodes of S.K. Bose, Opcit, p-63।

শৈশবে শম্ভুধন

মাইবাঙের কোল বেয়ে অবিরাম গতিতে বয়ে চলেছে মাছের নদী। তারই তীর ঘেঁষে প্রায় তিনশো বছর পূর্ব থেকে অবিচলভাবে দাঁড়িয়ে রয়েছে এক পাথরের একটি মন্দির। মাইবাং রেল স্টেশন থেকে এর দূরত্ব হবে প্রায় দু' কিলোমিটার। ১৬৪৩ শতাব্দে (১৭২১ খ্রিঃ) এই ঐতিহাসিক রণচণ্ডী মন্দিরটি তৈরি করেন ডিমাসা রাজা প্রথম হরিশচন্দ্র নারায়ণ।^১ ঊনবিংশ শতাব্দীর পঞ্চাশের দশকের প্রারম্ভকাল পর্যন্ত এই মন্দিরের পাশেই ছিল 'লংখর' নামে একটি গ্রাম। ১৮৫০ খ্রিস্টাব্দে ফান্সুনি পূর্ণিমার প্রত্যুষে এই অখ্যাত লংখর গ্রামেই জন্ম হয় এক অসাধারণ শিশুর। পিতা শিবভক্ত ডেপ্রনডাও ফংলো, মাতা ধর্মপ্রাণা খাঠাইডি। শিবের আশীর্বাদেই প্রথম পুত্রসন্তান লাভ; তাই শিশুটির নামকরণ করা হয় শম্ভুধন। শম্ভুধনরা হলেন পাঁচ ভাই। অন্য চারজন হলেন উমাকান্ত, রমাকান্ত, রামচরণ ওরফে রামরেন এবং হাইশোলং।^২

শম্ভুধনের জন্মের কয়েক বছরের মধ্যেই লংখর গ্রামটি কোন কারণে বসতিহীন হয়ে যায়। সম্ভবত মহামারী জনিত মড়কই এর অন্যতম কারণ। গ্রামের অধিবাসীরা নিজেদের সুবিধা অনুযায়ী বিভিন্ন গ্রামে চলে যান। এ কথা আমাদের বলেছিলেন হামবাং বাথারী (বর্তমানে প্রয়াত) ১৯৮৬ খ্রিস্টাব্দে। ঐ গ্রামের অধিবাসী ডেপ্রনডাও ফংলোও স্ত্রী-পুত্রদের নিয়ে গুনজুং চলে যান। শম্ভুধনের শৈশব অতিবাহিত হয় এখানেই। এরপর যুবা বয়সে চলে যান সাউপ্রা গ্রামে।

শম্ভুধন ছিলেন মূলত ভাবগম্ভীর অন্তর্মুখী প্রকৃতির। শারীরিক গঠন ছিল শক্ত-পোক্ত, দীর্ঘ দেহী, দৃঢ় ও প্রশস্ত বক্ষ, কালো চোখ, স্বাভাবিকের চেয়ে কিছুটা চওড়া কান এবং হাত ছিল আজানুলম্বিত। যে কোন অন্যায় ও অবিচারের বিরুদ্ধে তিনি ছিলেন কঠিন ও কঠোর। তাঁর শৈশব ও কৈশোর জীবন সম্পর্কে বিস্তারিত জানা সম্ভব হয়নি। তবে শৈশব ও কৈশোরে তাঁর দুরন্তপনা ও সাহসিকতার পরিচয় সূচক দু'য়েকটি ঘটনা ও খেলা ধুলার কথা এখনও জনশ্রুতিতে বিদ্যমান। এখানে এরকম একটি ঘটনা ও কয়েকটি খেলার বিবরণ দেওয়া যেতে পারে। এগুলো সংগৃহীত হয়েছিল মাইবাং, হাফলং ও খাসপুরে ক্ষেত্র অনুসন্ধানের সময়।

শৈশবে একটি বড় দুর্ঘটনায় কিছুটা অলৌকিকভাবে রক্ষা পান শম্ভুধন। জুম চাষের জন্য বিশ-পঁচিশ ফুট উঁচু এবং প্রায় পনেরো ষোল বিঘা পরিমাণ টিলা ভূমির কাটা শুকনো গাছ-পালা পোড়ানো হবে। সেই উদ্দেশ্যে শম্ভুধনকে সঙ্গে নিয়ে পিতা ডেপ্রনডাও পৌঁছে যান জুম ক্ষেত্রে। স্বাভাবিক ধর্মানুযায়ী আগুনের শিখা উর্দ্ধগামী। তাই টিলা বা পাহাড়ের গোড়ায় থাকা শুকনো গাছপালাতেই শুধু আগুন ধরানোর

নিয়ম। সেভাবেই অগ্নি সংযোগ করে ডেপ্রনডাও ফংলো কাছের ডিসাখংয়ে (ছোট নদী) গেলেন হাত-পা ধুতে। তখনই লক্ষ করলেন শম্ভুধনতো সঙ্গে নেই। বিস্তর জাকাডাকি করলেন চিৎকার করে। এরপর তাকালেন আগুন ধরানো টিলা ভূমির দিকে। শুকনো গাছপালাকে পেয়ে দাউ দাউ করে জ্বলা চৈত্রের অগ্নিশিখা তখন দ্রুত উর্জগামী। ভাবলেন শম্ভুধন কি টিলার চূড়ায় আটকে পড়লো? আশঙ্কায় কেঁপে উঠলো বুক। অজান্তেই সেদিকে তাকিয়ে শম্ভুধনের নাম ধরে চিৎকার করে ডাকলেন পিতা ডেপ্রনডাও।

টিলার চূড়ায় উঠেই পাহাড়-বন, নদী-নালা বেষ্টিত প্রকৃতির রূপ দেখে আত্মমগ্ন হয়ে পড়েছিলেন শম্ভুধন। এদিকে যে শুকনো গাছপালায় আগুন ধরানো হয়েছে সেদিকে তার খেয়ালই ছিল না। পিতার চিৎকার শুনে সম্বিং ফিরে পেয়ে দেখেন প্রায় চতুর্দিক থেকে লেলিহান অগ্নিশিখার কুণ্ডলী ধেয়ে আসছে তার দিকে। অগ্নিবাহুে অপরূপ হতবিহুল শম্ভুধন আতঙ্কে আর্তনাদ করে ওঠেন — বাবা, তুমি কোথায়! পিতা চিৎকার করে বলেন — এদিকে নীচে নদীর তীরে। পিতার কণ্ঠস্বর শুনে তৎক্ষণাৎ বিহুলতা দূর হয়ে যায় শম্ভুধনের এবং পরক্ষণেই অগ্নিবাহু থেকে বেরুনের পথ সন্ধান তৎপর হয়ে ওঠেন তিনি। বাবার কণ্ঠস্বর যে দিক থেকে ভেসে আসছিল সেদিক গিয়ে দেখেন সামান্য কিছু ফাঁকা জায়গা তখনও আছে; তবে ঐ দিকটা গভীর খাদ, তাই নেমে যাওয়া প্রায় অসম্ভব। এদিকে তৎক্ষণে অগ্নি শিখার উত্তাপে তাঁর বাম উরু ঝলসে যাচ্ছে। তখনই হঠাৎ মা খাঠাইডির উপদেশের কথা মনে পড়ে যায়। শম্ভুধনের দুরন্তপনার জন্য তার বিপদের আশঙ্কায় মা ছেলেকে প্রায়ই “অউম” ও “হরাউলিম” মন্ত্র উচ্চারণ করিয়ে শিব্রায়ের (শিব) ধ্যানে নিমগ্ন থাকা অভ্যাস করাতেন। এছাড়া যে কোন বিপদের সময় শিব্রাইকে একান্তভাবে স্মরণ করার জন্য বলতেন। সে অনুযায়ী দেবাদিদেবকে স্মরণ করেন শম্ভুধন। তারপর মাথার উপর দু’হাতে গামছা মেলে ধরে প্রায় বিশ-পঁচিশ ফুট উঁচু টিলার উপর থেকে নীচের দিকে ঝাঁপ দেন। সৌভাগ্যবশত এসে পড়েন বালুর ছোট টিবির মত জায়গায়। সামনেই ছিলেন তাঁর পিতা। সঙ্গে সঙ্গে ছেলেকে তুলে বুকে জড়িয়ে ধরেন ডেপ্রনডাও এবং মাথা, হাত-পা ও দেহে হাত বুলিয়ে দেখে অবাক হয়ে যান — শম্ভুধনতো প্রায় অক্ষত! তবে বাম উরু আগুনে পুড়েছে বেশ কিছুটা। কিন্তু যা হতে পারত তার তুলনায় কিছুই হয়নি। মনে মনে ভাবেন শিব্রাই রক্ষা করেছেন। তাঁর উদ্দেশ্যে প্রণাম জানিয়ে পিতা-পুত্র দু’জনে ফিরে আসে গ্রামে।

লোকমুখে এই ঘটনার কথা ছড়িয়ে গড়ে গ্রাম থেকে গ্রামান্তরে। শিবের কৃপাতেই শম্ভুধন রক্ষা পেয়েছেন এই বিশ্বাসে মা-বাবা, আত্মীয়-স্বজন ও গ্রামবাসী

সবারই তার প্রতি স্নেহ মমতা বেড়ে যায় এবং অনেকে তাকে শ্রদ্ধা ও সমীহ করতে শুরু করে।

শৈশবে এভাবে গুরুতর বিপদ থেকে রক্ষা পাওয়াই শুধু নয়, কথা-বার্তা কাজ-কর্ম এবং খেলা ধূলায়ও শম্ভুধনের অসাধারণত্বের পরিচয় মেলে। তার মধ্যে এক বিশেষ প্রতিভার স্পূরন ঘটে শৈশবেই। সঙ্গী সাথীদের থেকে তার খেলার ধরণ ছিল সম্পূর্ণ ভিন্ন। পরম্পরাগত খেলা যঠাই ম্লাউবা (লাটিম খেলা), সুঠাই ম্লাউবা (ঘিলা খেলা) সহ ছোটদের অন্যান্য খেলাগুলোকে শম্ভুধন মোটেই পছন্দ করতেন না। অসি নিয়ে যুদ্ধ যুদ্ধ খেলাতেই তার আগ্রহ ছিল অধিক। মার্শাল আর্ট তথা অসি ক্রীড়ায় তার মতো নৈপুণ্য প্রদর্শন বড়দের পক্ষেও সম্ভব হত না।

যুদ্ধ যুদ্ধ খেলা করতে গিয়ে শম্ভুধন রূপোর চার আনা পয়সাকে শক্ত মাটিতে পুঁতে তার উপর শুধু এক পায়ের বৃদ্ধাসুলীর ভরে দাঁড়িয়ে লাটিমের মতো বন্ বন্ করে ঘুরতে ঘুরতেই বাঁশের টুকরোকে অসির মতো চালনা করতেন বলে কথিত। কৈশোরে শম্ভুধনের অসি খেলার ধরণ ছিল খুবই বিপজ্জনক। অসি খেলার জন্য তিনি এক বিশেষ পদ্ধতিতে ক্রীড়া-ভূমি তৈরি করে নিতেন। মাটিতে অনেকগুলো 'মাখাউ' অর্থাৎ তীক্ষ্ণ বাঁশের টুকরো পুঁতে সেগুলোকে ধূলা দিয়ে এমনভাবে ঢেকে ফেলা হতো যাতে উর্দ্ধমুখী সুতীক্ষ্ণ অগ্রভাগ শুধু দেখা যায়। এভাবে ক্রীড়াভূমি তৈরি করে তাতে অসি হস্তে লাফিয়ে লাফিয়ে রণনৃত্য করতেন শম্ভুধন। আঘাত ও রক্তপাত এড়িয়ে শম্ভুধনের এ ধরনের রণনৃত্যে পারদর্শিতা দেখে প্রত্যেকে বিস্ময়ে অভিভূত হতেন।°

অনেকেরই এই অভিমত যে, অতীতে ডিমাসা সংস্কৃতিতে যোগ, প্রাণায়াম ও মার্শাল আর্ট চর্চার এক বিশেষ স্থান ছিল। তাই শিশুকাল থেকেই জন্মগত বা সহজাত ভাবে শম্ভুধনের হয়তো যোগ ও প্রাণায়াম সম্পর্কিত জ্ঞান ছিল। যোগ ও প্রাণায়াম সম্পর্কে এমন প্রত্যয় জন্মানো শম্ভুধনের জীবনের আরেকটি ঘটনার কথা আমরা আলোচনা করব পরবর্তী অধ্যায়ে।

উল্লেখপঞ্জি ও টীকা :

- ১। জয়ন্ত ভূষণ ভট্টাচার্য ; কছাড়ী রাজ্য : উত্থান আরু পতন ; যোরহাট, ১৯৯৩, পৃ- ১২৪।
- ২। হামবাং বাথারী, মাইবাং, উত্তর কাছাড়।
Uttam Chand Barman; Shahid Vir Sombhudhan Fonglo, Silchar, 1989, p-1

***অউম ও হরাউলিম :** যোগেশ্বর শিব ডিমাসাদের প্রধান উপাস্য দেবতা। 'হঁয়া' অর্থাৎ সম্মতি জ্ঞাপনের ডিমাসা প্রতিশব্দ হল 'অউম'। অতীতে সম্মতি জ্ঞাপনের সময় এই 'অউম' শব্দটিই ব্যবহৃত হত। উত্তর কাছাড়, কার্বি আংলং, নগাঁও ও নাগাল্যান্ডের ডিমাসাদের মধ্যে সম্মতি জ্ঞাপনের সময় এই 'অউম' বা 'ওম' বা ওঁ শব্দ উচ্চারণের রীতি এখনও প্রচলিত। ডিমাসারা শিবকে বলেন শিবাই। এই শিবাই পূজো সহ প্রতিটি ইষ্ট দেবদেবীর পূজোয় ডিমাসা হজায় (পুরোহিত)রা সর্বত্র 'অউম' ও 'হরাউলিম' শব্দ মন্ত্র হিসেবে উচ্চারণ করেন। বিশিষ্ট ডিমাসা কবি সাহিত্যিক ও গ্রন্থকার কুমুদ চন্দ্র বড়ো এই হরাউলিম (হ+রাউ+লিম) শব্দের ধ্বনি বিশ্লেষণ করে দেখিয়েছেন যে এতে 'ওঁকার' (অউম) ধ্বনি নিহিত। 'হ+অ+র+আ+উ +ল+ই+ম = অউম্ বা ওম্ বা ওঁ ওঁকার ধ্বনির সৃষ্টি হয়। (কপিলী তীর্থ, ২য় : খণ্ড, পানিমূর, উত্তর কাছাড়, ১৯৯৪ খ্রিঃ, পৃঃ ২৭ (আসামীজ)।

৩। Biswajyoti Barman; The Life and Struggle of Shambhudhan; (An unpublished work submitted to the Political Science Department of Assam University, Silchar during 1999).

***যোগ ও প্রাণায়াম :** বিজ্ঞানজনের এই অভিমত যে, অতীতে যোগ, প্রাণায়াম ও মার্শাল আর্টের এক বিশেষ চর্চা ছিল ডিমাসা সংস্কৃতিতে। শৈশব ও কৈশোরেই শব্দধনের অসি ক্রীড়ায় পারদর্শিতা এই মতকে দৃঢ় করে। ত্রয়োদশ শতাব্দীতে ডিমাপুরে ডিমাসা রাজাদের রাজত্বকালে সেনাপতি ডেমালু ওরফে মানিক সিঙের বীরত্বের কথাও এ ক্ষেত্রে উল্লেখযোগ্য। উক্ত শতাব্দীর চল্লিশ বা পঞ্চাশের দশকে রাজা মকরধ্বজের সেনাপতিদ্বয় রাঙ্গাডাও ডেগাডাও-এর কর্মচারী ছিলেন ডেমালু। ডিমাসা রাজসভায় পশ্চিম দেশ থেকে আগত মল্লযোদ্ধাদের পরাস্ত করে রাজা ও রাজ্যের সম্মান রক্ষা করেছিলেন তিনি। তাঁর শৌর্য-বীর্য ও নিষ্ঠুরতায় তুষ্ঠ রাজা তাঁকে পরবর্তীকালে সেনাপতি পদে উন্নীত করেছিলেন। তাঁর সম্পর্কে বলতে গিয়ে ইতিহাসবিদ নলিনীন্দ্র কুমার বর্মণ লিখেছেন —

"Those vanquished wrestler from the west were said to be Sadhus on their way to pilgrimage of 'Parsuram Kunda' situated on the north eastern recess of inaccessible hilly regions of Assam. They were pleased with the feat of Dehmalu, and taught him secrets of some of the 'Yogo' cult, that enhanced power of edurance which teaching Dehmalu followed faithfully. That stalwart with accumulated force gathered by virtue of his sobriety out of Yogo practice could not remain a stalemate in the Capital. He became restless to find out ways and means for an outlet of his power and ability." (The Queens of Cachar or Herambo and The History of the Kachchhari, 2nd Edition,


Borkhola, Bijoypur, Cachar, 1992, pp-60-61).

এয়োদশ শতাব্দী বা তারও পূর্বে আহরিত সেই যোগবিদ্যার পরম্পরা শম্ভুধনের জীবনেও প্রতিফলিত। বিশিষ্ট কবি-সাহিত্যিক, গ্রন্থকার গবেষক যতীন্দ্রলাল থাউসেনের অভিমত হল, 'পতঞ্জলী যোগসূত্রে' বর্ণিত সংযম জ্ঞান ছিল শম্ভুধনের। ডিমাসাদের লোক নৃত্যাদিতেও যোগ ও প্রাণায়ামের প্রভাব পরিলক্ষিত বলে তাঁর অভিমত। বিরামহীন ভাবে ঘণ্টার পর ঘণ্টা প্রায় এক নিঃশ্বাসে ডিমাসা-বাদ্য 'মুড়ি' (বৃহৎ বাঁশী বিশেষ) বাজানো ও Claimax হীন ডিমাসা লোকনৃত্য এর প্রকৃষ্ট প্রমাণ। ডিমাসারা প্রধানত যোগেশ্বর শিবের উপাসক। তাই তন্ত্র সাধনার সঙ্গে যোগ ও প্রাণায়াম অনুশীলন তাদের সংস্কৃতির একটি অঙ্গ ছিল। তাদের পরম্পরাগত পূজা পদ্ধতিতেও কিছুটা হলেও এখনও যোগ ও তন্ত্র সাধনার সন্ধান পাওয়া যায়।

কৃতজ্ঞতা স্বীকার :- ১। হামবাং বাথারী, মাইবাং, উত্তর কাছাড়। ২। যতীন্দ্রলাল থাউসেন, হাফলং, উত্তর কাছাড়। ৩। সগৎ বর্মণ, টিকলপার, কাছাড়। ৪। সাইরুংডি বর্মণ, টিকলপার, কাছাড় (জন্মস্থান — সামফারিডিসা, উত্তর কাছাড়)। ৫। রেবতীবালা বর্মণ, ঠালীগ্রাম, কাছাড় (জন্মস্থান — সামফারিডিসা, উত্তর কাছাড়)।



Dimasa Plate Dance



Rimin Nehlaiba - Indigenous Dimasa Game

যুবনেতা শম্ভুধন, বিয়ু উৎসব, হাওসেউ ও নদ্রাং

ডিমাসাদের আর্থ-সামাজিক ব্যবস্থায় যুবনেতা ও তাঁর পরিচালিত সংগঠন হাওসেউ, সুরেম ও নদ্রাং-এর ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য। ঘটনা চক্রে শম্ভুধন সাউপ্রা গ্রামে যুবনেতার পদে নির্বাচিত হয়েছিলেন যা তাঁর সহজাত নেতৃত্বের গুণাবলীর বিকাশে সহায়ক হয়েছিল। বিগত শতাব্দীর আশির দশকের শেষ ভাগে মাইবাঙে 'জয়ভদ্র হাগজের ক্লাব' ও কোলকাতার 'সিনে লোকথ্রু'র যৌথ উদ্যোগে শম্ভুধনের জীবনী নিয়ে একটি চলচ্চিত্র তৈরির প্রয়াস নেওয়া হয়েছিল। এই চলচ্চিত্রের জন্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও স্ক্রিপ্ট রচনার কাজে সৌভাগ্যবশত এই লেখকও যুক্ত হয়েছিলেন। তখনই মাইবাঙে ফ্রেড্রানুসন্দানের সময় ১৯৮৭ খ্রিস্টাব্দে বিশিষ্ট সমাজসেবী হানবাং বাথারী-র (বর্তমানে প্রয়াত) কাছ থেকে আহরিত হয় বিভিন্ন তথ্য। তাঁর কাছ থেকেই শম্ভুধনের যুবনেতা নির্বাচিত হওয়ার প্রসঙ্গ জানা গিয়েছিল।

উত্তর কাছাড়ের গুনজুং অঞ্চলের একটি গ্রাম সাউপ্রা। উনবিংশ শতাব্দীর সত্তরের দশকের গোড়ায় এই গ্রামের যুবক যুবতীরা জোট বাঁধে হাওসেউ নামের সংগঠন গড়ার জন্য। এই সংগঠনের জন্য যুবক যুবতীদের একাত্মতা ও কঠোর নিয়ম নীতির মাধ্যমে শ্রমদানের উপযোগী দৃঢ় মানসিকতা প্রয়োজন হয়। এই নিয়মানুবর্তিতার জন্য একটি গ্রামে দশ বারো বছরের সময় সীমার মধ্যে শুধু দু'য়েকবারই এই হাওসেউ সংগঠন গড়া সম্ভব হতো। সেই বিরল মানসিকতা গড়ে ওঠেছিল সাউপ্রা গ্রামের যুবক যুবতীদের মধ্যে। কিন্তু সেই উৎসাহ ও উদ্দীপনার মধ্যে হঠাৎ তাদের নাগাহজা-র (যুবনেতা) মৃত্যু এক বিরাট শোক ও শূন্যতার সৃষ্টি করে। কারণ সুদক্ষ নাগাহজা ছাড়া হাওসেউ সংগঠন পরিচালনা করা সম্ভব নয়। এছাড়া প্রয়াত যুবনেতার স্থলাভিষিক্ত হবার মত যোগ্যতা সম্পন্ন যুবক পাওয়াও কঠিন।

এদিকে এই ডামাডালের সুযোগে 'সাগাডাওফা' নামে গ্রামের এক যুবক যুবনেতার পদে নির্বাচিত হবার জন্য উদগ্রীব হয়ে ওঠে। কিন্তু তার উচ্চাভিলাষ ও উদ্বৃত্ত স্বভাবের জন্য প্রায় সব যুবক যুবতী এবং বয়স্করাও তাকে অপছন্দ করত। তখনই একজনের হঠাৎ মনে পড়ে সূচাম দেহধারী এক বলিষ্ঠ যুবকের কথা। গ্রামে নূতন এসেছে এই কর্মোদ্যমী যুবকটি। এখনও সকলের সঙ্গে তেমন পরিচয়ই গড়ে ওঠেনি তাঁর। তবু তাঁর কথা ও নাম ধাম সকলের জানা। সেই যুবক আর কেউ নন — তিনি হলেন শম্ভুধন। একটু মুখচোরা। কিন্তু যুক্তিপূর্ণ অল্প কথাবার্তার মধ্যেই তাঁর সমীহ জাগানো ব্যক্তিত্ব সবাইকে আকৃষ্ট ও মুগ্ধ করেছিল। প্রত্যেকেই পছন্দ করল তাঁকে। তাদের বিশ্বাস সাউপ্রা গ্রামকে বর্তমান সঙ্কট থেকে উদ্ধার করা তাঁর পক্ষেই

সম্ভব। সকলের আন্তরিকতা ও অনুরোধে শম্ভুধনও নেতৃত্ব প্রদানে নিজের সম্মতি প্রদান করেন।

এর পর আনুষ্ঠানিকতা। সবাই মিলে খুনাং (গাঁওবুড়া) ও গাজায়বাউ-এর (Host of Organisation and Bisu Festival) কাছে গিয়ে তাদের নূতন যুবনেতা মনোনয়নের কথা জানাল। খুনাং গ্রামের সভা আহ্বান করলেন। সেই সভায় বুদ্ধিয়ে সুঝিয়ে সাগাডাওফাকে যুবনেতার পদে প্রতিদ্বন্দ্বিতা থেকে বিরত করা হল এবং শম্ভুধন সর্বসম্মতি ক্রমে যুবনেতা নির্বাচিত হলেন।

শম্ভুধনকে যুবনেতা হিসেবে পেয়ে দ্বিগুণ উৎসাহ ও উদ্দীপনায় গ্রামের যুবক যুবতীরা হাঙসেউ স্লাউবার (হাঙসেউ-এর মাধ্যমে শ্রমদান) মাধ্যমে দলবদ্ধভাবে জুম চাষে শ্রমদানে আত্মনিয়োগ করে। ফলে সে বছর ফসলে ফসলে ভরে ওঠে সবার ঘর। শ্রমদানের বিনিময়ে পাওয়া ফসল দিয়ে পালিত হয় ব্যয়বহুল হাঙসেউ বিয়ু উৎসব। সপ্তাহব্যাপী উৎসবে প্রতিটি গ্রামের জন্যই ছিল অব্যাহত দ্বার।

হাঙসেউ স্লাউবার মাধ্যমে আহরিত ফসল দিয়ে সপ্তাহব্যাপী এই উৎসব পালিত হয় বলে এটি 'হাঙসেউ বিয়ু' হিসেবে পরিচিত। এছাড়া 'সুরেম বিয়ু' ও 'যিডাব বিয়ু' তিন দিন ধরে পালিত হয়। তবে হাঙসেউ ও সুরেম হল বড় ও ছোট দু'টি পৃথক সংগঠন। হাঙসেউ স্লাউবার অর্থ হল দেহ-মন-প্রাণ উজাড় করে সার্বিক কল্যাণের জন্য শ্রমদান করা। হাঙ-প্রাণ, সাউ-দেহ, স্লাউবা-শ্রমদান করা। হাঙসেউ সংগঠনের প্রধান বা অধিতিসেবক (host) হলেন 'গাজায়বাউ'। গাজায় — চালনি, শোধন; বাউ, বাউয়া = উপস্থাপক, চিন্তক; অর্থাৎ গাজায়বাউ এর অর্থ শোধনকারী বা সমন্বয়কারী বা শোধন করে উপস্থাপনকারী। সংগঠনের অন্যান্য বিশিষ্ট পদগুলো হল — নাগাহজা (যুবনেতা), মাংলাহজা (যুবনেত্রী), নাগাহজাপারায় (সহ-যুবনেতা), মাংলাহজাপারায় (সহ-যুবনেত্রী)। সুরেম সংগঠনও হাঙসেউ-এর অনুরূপ, তবে অপেক্ষাকৃত ছোট সংগঠন।

যুবক-যুবতীরা প্রথমতঃ নিজেদের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করে। এরপর হাঙসেউ বা সুরেমের জন্য খুনাং-এর অনুমতি প্রার্থনা করার নিয়ম। তখন খুনাং আনুষ্ঠানিক সম্মতি প্রদান করে গ্রামের সভা ডাকেন। সেই সভায় গাজায়বাউ, নাগাহজা ইত্যাদি পদে উপযুক্ত যুবক-যুবতীদের নির্বাচিত করা হয়। গাজায়বাউ পদে বিবাহিত, স্ত্রী জীবিত আছে এমন যুবক বা মধ্য বয়স্ক ব্যক্তিকে নির্বাচিত করার নিয়ম। এছাড়া এই নির্বাচনে যে সব বিষয় বিবেচনা করা হয় তা হল — স্বামী-স্ত্রী কতটুকু ধৈর্যশীল, তারা সকলের মান্যতা আদায়ে সক্ষম কিনা; পাশাপাশি তাদের আর্থিক স্বচ্ছলতার দিকটিও একটি গুণ হিসেবে গণ্য করা হয়।

‘নদ্রাং’ হল অবিবাহিত যুবকদের রাত্রিবাসের স্থান বা যৌথ শয়নাগার। প্রয়োজনে অতিথিদেরও রাত্রিবাসের ব্যবস্থা থাকত নদ্রাংয়ে। তবে নদ্রাং-এর ব্যবহার শুধু রাত্রিবাসের ক্ষেত্রেই সীমাবদ্ধ ছিল না। এর ব্যবহার ও উপযোগিতা ছিল আরও ব্যাপক। প্রকৃত পক্ষে ডিমাসাদের আর্থ-সামাজিক ব্যবস্থায় হাওসেউ, সুরেম, নদ্রাং ইত্যাদির ভূমিকা ও অবদান ছিল অপরিসীম। এগুলো প্রত্যেকটি পরিচালিত হত যুবনেতার তত্ত্বাবধানে। হাওসেউ বা সুরেমের মাধ্যমে জুম চাষে শ্রমদান বা অংশ গ্রহণ সহ বিষু উৎসব পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব ছিল যুবনেতার। নদ্রাং ছিল শিক্ষা প্রতিষ্ঠানের অনুরূপ। যুব নেতৃত্বের মাধ্যমে পরিচালিত নদ্রাং-এর দ্বারা ব্যবহারিক শিক্ষা — বিভিন্ন ধরনের হস্তশিল্প, নৃত্য গীতাদির প্রশিক্ষণ দেওয়া হত। নৈতিক চরিত্র গঠন সম্পর্কিত উপদেশ দেওয়া হত ‘নদ্রাং খুবানী জাঁব্ঠাই’ অর্থাৎ নদ্রাং-এ রাত্রি যাপনের গান বলে কথিত সঙ্গীতের মাধ্যমে। নদ্রাং-এর মাধ্যমেই পরিচালিত হত গ্রামের নিরাপত্তার মত গুরুত্বপূর্ণ বিষয়টিও। খুনাং-এর নেতৃত্বাধীন পরম্পরাগত গ্রাম-পরিষদেও যুবনেতা বিশেষ সদস্যরূপে যুবকদের প্রতিনিধিত্ব করতেন। তাই নাগাহজা (যুবনেতা)-র পদ ছিল ডিমাসা গ্রাম ও সমাজে বিশেষ গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী; যার দক্ষ নেতৃত্বের উপর অনেকাংশে নির্ভর করত গ্রামের আর্থ-সামাজিক উন্নয়ন ও নিরাপত্তা।^১

শম্ভুধন গুরুত্বপূর্ণ নাগাহজার পদে নির্বাচিত হয়ে গ্রামবাসীদের আশানুরূপ দায়িত্ব পালনে সক্ষম হয়েছিলেন। এর ফলে প্রতিবেশী গ্রাম সহ বিরাট অঞ্চল জুড়ে দক্ষ ও কর্মশীল যুবনেতা হিসেবে তাঁর সুখ্যাতি ছড়িয়ে পড়ে এবং তাঁর ব্যক্তিত্ব আরও দৃঢ় হয়। এই খ্যাতি ও জনপ্রিয়তা পরবর্তীকালে ইংরেজ শাসনের বিরুদ্ধে ডিমাসাদের সংঘবদ্ধ করার ক্ষেত্রে বিশেষ সহায়ক হয়েছিল।^২

উল্লেখপঞ্জি :-

- ১। বিশ্বজ্যোতি বর্মণ ; উপনিবেশ শাসন পর্বে বর্তমান বরাক উপত্যকা ও উত্তর কাছাড় পার্বত্য অঞ্চলে দেশ ভক্ত ভারতীয়দের সংগ্রামের ইতিহাস : শম্ভুধনের নেতৃত্বে সংগ্রাম, শিলচর, ২০০৪, পৃঃ ৫ (একটি অপ্রকাশিত সেমিনার পেপার)।
- ২। Biswajyoti Barman; The Life and Struggle of Shambhudhan, 1999, (An unpublished work submitted to the Political Science Department of Assam University, Silchar).
- ৩। Biswayoti Barman, Opcit, p-8.
কৃতজ্ঞতা স্বীকার — ১। হামবাং বাথারী, মাইবাং, উত্তর কাছাড়।
২। যতীন্দ্রলাল থাউসেন, হাফলং, উত্তর কাছাড়।

চিকিৎসক স্বয়ংসিদ্ধ যোগী শম্ভুধন

পূর্ণ যুবক শম্ভুধনের মুখাবয়বে প্রতিফলিত হত শাস্ত্র ও সমাহিত রূপ। উপরন্তু যুবনেতা হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতায় তিনি ছিলেন ঋদ্ধ। তবু অজানা এক আহ্বানে যেন তাঁর অন্তরাত্মা অস্থির হয়ে উঠতো। তাই পিতা মাতার অনুমতি নিয়ে তিনি বেড়িয়ে পড়েন বিভিন্ন গ্রাম পরিক্রমায়। বহু দিন এ গ্রাম সেগ্রাম ঘুরে বেড়ানোর পর মাহরের কাছে সেমডিখর গ্রামে বাস করেন অনেক বছর। এই গ্রামেই তিনি নাসাইডি নামের এক ধর্মপ্রাণা যুবতীর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। পরিবারের অন্যান্যদের সঙ্গেও পুনরায় মিলন ঘটে এই গ্রামেই।

সেমডিখর গ্রামের কুয়োর জল হয়ত লবণ মিশ্রিত ছিল অথবা সেখানে ছিল লবণ জলের কুয়ো। এমন অনুমিত হয় গ্রামের নামকরণে। এ প্রসঙ্গ ইতিপূর্বে আলোচিত হয়েছে। গ্রামটিতে হয়ত বিশুদ্ধ জলের অভাব ছিল। সে জনাই শম্ভুধন মতিলালার কাছে একটি পুকুর খনন করেন। এটি 'শম্ভুধননি ডিখর' অর্থাৎ শম্ভুধনের পুকুর নামে পরিচিত।

এভাবে পানীয় জলের সুব্যবস্থা করার সঙ্গে সঙ্গে বনজ ঔষধির প্রয়োগ করে বিভিন্ন রোগের চিকিৎসায় শম্ভুধন অভিজ্ঞ হয়ে ওঠেন। উল্লেখ্য, ডিমাসা ঐতিহ্যে নিজস্ব চিকিৎসা পদ্ধতির পরম্পরা খুবই প্রাচীন। ডিমাসা রাজ পরিবারের — গোবিন্দরাম ১৮৪৫ খ্রিস্টাব্দে চিকিৎসা বিষয়ক একটি সম্পূর্ণ গ্রন্থ 'চিকিৎসার্ণব' সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ করেছিলেন।^১ এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক ও গ্রন্থকার ড. অমলেন্দু ভট্টাচার্যের মন্তব্য তাৎপর্যপূর্ণ —

"In line with their cultural heritage, the Ayurvedic system of medicine was practised by the Dimasas and side by side there were their own folk medicine!"

তাই আমাদের বিবেচনায় দেশজ ঔষধ প্রয়োগ করে অসুস্থ মানুষদের সুস্থ করে তোলার যে প্রক্রিয়া শম্ভুধন রপ্ত করেছিলেন তা ছিল ডিমাসাদের নিজস্ব ঐতিহ্যজাত গৃহবিদ্যা। নিজস্ব অধ্যাবসায় ও ক্রমাগত পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে তিনি এই চিকিৎসা বিদ্যাকে আরও উন্নত করে তুলেছিলেন। ফলে অনেক রোগী তাঁর চিকিৎসায় আরোগ্য লাভ করায় শম্ভুধনের খ্যাতি দূর দূরান্তের গ্রাম পর্যন্ত ছড়িয়ে পড়ে। তাই সুচিকিৎসা পাবার আশায় অনেক রোগী আসতে শুরু করেন তাঁর কাছে। তারা সঙ্গে নিয়ে নিয়ে আসতেন নানা ধরনের উপহার সামগ্রী। কেউ কেউ নাকি মোরগ, ছাগল, মহিষ ইত্যাদিও নিয়ে আসতেন — এমন কথাও আমরা শুনেছি।^২

কিন্তু চিকিৎসক হিসেবে শম্ভুধনের এই খ্যাতি ও স্বচ্ছলতা তাঁকে গতানুগতিক

জীবন ধারায় আবদ্ধ করতে পারেনি। যেহেতু শৈশব থেকেই শিব্রাই-এর প্রতি ভক্তিপরায়ণ ছিলেন তাই তিনি সাংসারিক জীবন অপেক্ষা ধর্ম-কর্মেই অধিক আকর্ষণ বোধ করতেন। শিব্রাই ও গামাডি (শিব ও সতি)র উপাসক ডিমাঙ্গারা নিজেদের শিবের সন্তান বলে বিশ্বাস করেন। তাদের ঐতিহ্যশালী সংস্কৃতিতে যোগ ও প্রাণায়াম ইত্যাদিরও এক বিশেষ পরম্পরা ছিল। এই যোগ প্রাণায়াম এক বিশেষ মুহূর্তে শম্ভুধনের জীবন প্রবাহের গতিকে নিয়ন্ত্রিত করেছে বলে মনে হয়। হয়ত তিনি কোন অজানা শক্তির আকর্ষণ বোধ করতেন। হয়ত এই আকর্ষণের বশবর্তী হয়েই একদিন শম্ভুধন বাড়ি থেকে অন্তর্ধান করেন। এ সম্পর্কে মাইবাঙে ক্ষেত্র অনুসন্ধানের সময় প্রাপ্ত জনশ্রুতিটি প্রাসঙ্গিক বিবেচনায় উপস্থাপন করছি। কাছাড়ের ডিমাঙ্গা সংস্কৃতি পরিষদ কর্তৃক প্রকাশিত উত্তম চাঁদ বর্মণের 'Shahid Vir Shambhudhan Fonglo' শীর্ষক পুস্তকেও এ সম্পর্কিত বিবরণ আমরা পাই।

অন্তর্ধানের প্রায় সঙ্গে সঙ্গেই প্রতিটি গ্রাম সহ পাহাড়-অরণ্য, নদী-নালা ইত্যাদিতে তন্ন তন্ন করে শম্ভুধনের খোঁজে প্রায় সপ্তাহব্যাপী অনুসন্ধান চালানো হল। তবু তাঁর সন্ধান পাওয়া গেল না। গ্রামবাসী ও পরিবারের লোকজনরা তাঁর অশুভ পরিণামের আশঙ্কায় গভীরভাবে চিন্তাশ্রিত। তবে মাতা খাসায়ডি ছিলেন ব্যতিক্রম। তাঁর দৃঢ় বিশ্বাস ছিল শিব্রাই-গামাড়ির উপাসকের কোন অশুভ হতে পারে না। এদিকে চতুর্দিকে পাঠানো অনুসন্ধানকারী দল একটির পর একটি হতোদ্যম হয়ে ফিরে আসছিল। শম্ভুধনের সর্বকনিষ্ঠ ভ্রাতা হাইশোলং-এর নেতৃত্বাধীন দলটিই শুধু ফেরে নি। শেষে তারাও ফিরল ; তবে বিফল হয়ে নয় সুসংবাদ নিয়ে।

উৎকণ্ঠায় প্রতীক্ষারত সমগ্র পরিবার সহ গ্রামবাসীদের তারা জানাল যে, গ্রাম থেকে অনেক দূরে ডিয়ুং নদীর প্রাণং নামের একটি স্থানে তারা শম্ভুধনের সন্ধান পেয়েছে। স্থানটির নৈসর্গিক শোভা চমৎকার। জলপ্রপাতের মত পাহাড়ের উপর থেকে ডিয়ুং নদীর জলধারা আছড়ে পড়ছে নীচে। সেখানে নদীর জলরাশির মধ্যে বিরাট একটি পাথর দৃশ্যমান। তারই উপর পদ্মাসানে আসীন শম্ভুধন গভীর ধ্যানে নিমগ্ন। উচু পাহাড়ে সুউচ্চ গাছগুলোর পত্র-পল্লব ভেদ করে সূর্যালোক এসে পড়ছে জলরাশির উপর। তারই প্রতিফলিত বিচ্ছুরিত আলো এক মায়াময় নৈসর্গিক দৃশ্যের সৃষ্টি করেছে সেখানে।

প্রথমে সেই নৈসর্গিক দৃশ্য দেখে সকলে বিস্ময়ে অভিভূত ও বাকরুদ্ধ হয়ে যায়। পরক্ষণে হাইশোলং কিছুটা দূর থেকেই চিৎকার করে জ্যেষ্ঠ ভাইকে ডাকে — 'আভা, আভা, হই আভা' (দাদা, দাদা, ও দাদা), কিন্তু শম্ভুধন নিরুত্তর। তাই কিছুটা কাছে গিয়ে দাদাকে কাকুতি মিনতি করে হাইশোলং, "দাদা তোমার পায়ে পড়ছি দাদা, উত্তর

দাও। মা, বাবা, বৌদি, পাড়া পড়শী সবাই তোমার চিন্তায় আহার নিদ্রা ত্যাগ করেছে। আমরা তোমাকে নিয়ে যেতে এসেছি দাদা! চল। তুমি না গেলে আমরা ঘরে ফিরে গিয়ে কি বলব বল!” হাইশোলং এর কাকুতি মিনতি শুনে শম্ভুধন নিমীলিত চক্ষে পদ্মাসনে বসেই ইঙ্গিতে হাইশোলং ও তার সঙ্গীসার্থীদের ফিরে যেতে বলে এবং উপরে হাত তুলে দু’টি আঙ্গুল দেখায়। অর্থাৎ তোমার ফিরে যাও, আমি দু’দিন পর ফিরব। শম্ভুধনের নির্দেশ অমান্য করে কার সাধি! হাইশোলংরা তাই গ্রামে ফিরে এসেছে।

শম্ভুধনের প্রত্যাবর্তন ঘটবে দু’দিন পরই। মুখে মুখে এই সংবাদ ছড়িয়ে পড়ে চতুর্দিকে। তাই সেদিন সকাল থেকেই ডেপ্রনডাও -এর বাড়ির উঠোন জুড়ে গ্রাম সহ দূর দূরান্তের প্রচুর মানুষের সমাবেশ। কেউবা কৌতুহল মেটাতে, কেউবা ভক্তি শ্রদ্ধায় একটু দর্শনের আকাঙ্ক্ষায় এখানে এসেছে। অবশেষে এক সময় অধীর উৎকণ্ঠার অবসান হয়। ঠিক নয় দিন পর ঘরে ফিরে আসেন শম্ভুধন। মুগ্ধিত কেশ, উজ্জ্বল মুখাবয়ব, স্থির ও দৃঢ় প্রতিজ্ঞ চক্ষুদ্বয়। ধীর পদক্ষেপে প্রত্যাবর্তন ঘটে এক নূতন শম্ভুধনের। এ যেন স্বয়ং সিদ্ধ যোগী শম্ভুধন। তাঁকে দেখে অজান্তেই ভক্তি শ্রদ্ধায় মস্তক অবনত হয়ে যায় সকলের।

পিতা-মাতাকে প্রণাম করে, গুরুজনদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শম্ভুধন ঘোষণা করেন — “এখানে আর নয়, এক মহত্তর ও বৃহত্তর কাজের জন্য এবার যেতে হবে মাইবাং। আগামীতে কঠিন দিন আসছে, এরজন্যে প্রস্তুত হতে হবে আমাদের। আমাদের সকলের মঙ্গলের জন্য নয় দিন নয় রাত ধ্যানে বসে আকুল প্রার্থনা জানিয়েছি শিব্রাই-এর কাছে। তাঁরই নির্দেশে নূতন উদ্দেশ্যে নূতন পথে আমাদের যাত্রা হবে শুরু। সেই পথ হবে কণ্টকময়। সেই কণ্টকময় পথ ও দুঃখময় রাত্রি শেষে ঘটবে এক নূতন সূর্যের অভ্যুদয়। তবে এর পূর্বে রক্তের স্রোতধারা বইবে —

নখাসাউ গিরিময়া গিরিমনাং
হাজীকমা হাঠাইমা গাল্লাউনাং,
সাব্ঠাই থ্রেঠাই গ্রায়নাং
বিথীজাং ডিল্লোং সূনাং।”

অর্থাৎ আকাশের গুরু গর্জনে পাহাড় পর্বত কেঁপে উঠবে। বজ্র বিদ্যুৎ ও শিলা বৃষ্টি হবে; রক্তের স্রোত ধারা প্রবাহিত হবে।

এই ভবিষ্যদ্বাণী পরবর্তীকালে মাইবাং ও গুণজুং-এর সংঘর্ষে প্রায় অক্ষরে অক্ষরে ফলেছিল বলে আমরা জানি। ডিমাসা ঐতিহ্যে এ ধরনের ভবিষ্যদ্বাণীর পরম্পরাও খুবই প্রাচীন। তাই শম্ভুধন ব্রহ্মজ্ঞানী (Theosophist) হিসেবেও অভিনন্দিত ও পূজিত হয়েছিলেন।” ভবিষ্যদ্বক্তা হিসেবে তাঁর একাধিক ভবিষ্যদ্বাণীর কথা

জনশ্রুতিতে এখনও প্রবহমান। প্রসঙ্গান্তরে আমরা এ সম্পর্কে আলোচনা করব। এখানে উল্লেখ্য, ডিয়ুং নদীর মধ্যবর্তী পাথরে বসে নয় দিন নয় রাত ধ্যানের শেষে প্রত্যাবর্তনের পর থেকেই শঙ্কুধনের চরিত্রে দেবত্ব আরোপিত হতে থাকে। জীবনের প্রতিটি সন্ধিক্ষণের বিশেষ ঘটনাবলী — শৈশবে একটি বড় দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া, অসাধারণ পারদর্শিতায় অসি-ক্রীড়া প্রদর্শন, প্রথম যৌবনে সফলতম যুবনেতা হিসেবে নেতৃত্ব দান, পরে বনজ ঔষধি দিয়ে রোগ নিরাময়ে অত্যাশ্চর্য দক্ষতা এবং শেষে শিবভক্ত যোগী হিসেবে সিদ্ধিলাভ ইত্যাদি শঙ্কুধনকে দেবতুল্য ব্যক্তিত্বে উন্নীত করে। ফলে সাধারণের কাছে তিনি 'দেও' হিসেবে পরিচিত ও পূজিত হতে থাকেন।

উল্লেখপঞ্জি :-

- ১। Amalendu Bhattacharjee; Chikitsarnava : A Rare Manuscript on Folk Medicine; (An unpublished seminar paper), p-2।
- ২। Ibid, p-2।
- ৩। Suresh Singh (Ed), Tribal Situation In India, Vol.13, Simla, 1972, p-402।
- ৪। Uttam Chand Barman; Shahid Vir Shambhudhan Fonglo, Silchar, 1989, p-3।

কৃতজ্ঞতা স্বীকার — হামবাং বাথারী, মাইবাং, উত্তর কাছাড়।

প্রশাসনিক পুনর্গঠন ও প্রতিক্রিয়া

দুর্গম পাহাড়, সবুজ অরণ্যানী, গভীর বাঁশবন, খরস্রোতা পাহাড়ী নদী ও প্রাকৃতিক সম্পদে পরিপূর্ণ উত্তর কাছাড় ইংরেজদের প্রশাসন সম্প্রসারিত ও সংহত করার প্রক্রিয়া শুরু হয়েছিল তুলারাম সেনাপতির রাজ্য অধিগ্রহণের মাধ্যমে। এই অধিগ্রহণের পর থেকেই উত্তর কাছাড় তথা তুলারামের রাজ্য ইংরেজ প্রশাসকদের দ্বারা বার বার খণ্ডিত হয়েছে। এটাও যথার্থ ভাবেই বলা যায় যে, অধিগ্রহণের পরও বাস্তবে উত্তর কাছাড়ের জনজীবনে ইংরেজ শাসনের কোন প্রভাব ও কার্যকর ভূমিকা পরিলক্ষিত হয়নি। নাগাদের উৎপাত চলতে থাকে। আইন শৃঙ্খলারও কোন উন্নতি হয়নি।

নাগা উপদ্রব প্রতিরোধে নগাঁও থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও তত্ত্বাবধান করা কঠিন বিবেচনায় ১৮৫৩ খ্রিস্টাব্দে উত্তর কাছাড় মহকুমা গঠন করা হয়। লেফটেন্যান্ট এইচ্ এস্ বিভার (H.S.Viber) এই মহকুমার প্রথম Sub Assistant হিসেবে নিযুক্ত হন। তুলারামের রাজ্যকেও এর সঙ্গে জুড়ে দেওয়া হয় ১৮৫৪ খ্রিস্টাব্দে। কিন্তু শান্তি শৃঙ্খলা রক্ষার যে অজুহাতে ইংরেজরা উত্তর কাছাড় তথা তুলারামের রাজ্য অধিগ্রহণ করে, তা ছিল সুদূর পরাহত। নাগাদের চোরা গোপ্তা আক্রমণকে প্রতিহত করে স্থানীয়দের নূন্যতম নিরাপত্তা প্রদানে ব্যর্থ হয় ইংরেজ প্রশাসন। ফলে ডিমাসারা উপদ্রুত অঞ্চলের নিজেদের গ্রামগুলোকে পরিত্যাগ করতে বাধ্য হয়। অন্যদিকে ইংরেজ প্রশাসন ডিমাসাদের পরিত্যক্ত লাংটিং নদীর পূর্ব তীরবর্তী অঞ্চলগুলোতে কুকিগ্রাম গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করে। এতে উত্তর কাছাড়ের কুকিদের প্রব্রজন ঘটে। এমনকি কুকিদের আগ্নেয়াস্ত্র দিয়েও সাহায্য করা হয় যাতে যুযুধান নাগা ও ডিমাসা সম্প্রদায় অধ্যুষিত দু'টি বসতি অঞ্চলের মধ্যবর্তী স্থানে তারা নিজেদের অবস্থানকে দৃঢ় করে তুলতে পারে। কুকি প্রব্রজনের ফলে এক বছরেই উত্তর কাছাড়ের জনসংখ্যা ৫,০৫৯ বৃদ্ধি পেয়ে ১৮৫৭ খ্রিস্টাব্দে ২৯,৪২৮ হয়েছিল। তবে তাদের বসতির পার্শ্ববর্তী অঞ্চলে জুম চাষের জমি নিঃশেষিত হয়ে যাওয়ার ফলে কুকিরা পরবর্তীকালে অন্যত্র চলে যায়।

নাগাদের বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে পুনরায় ১৮৬৭ সালে উত্তর কাছাড়ের নাগা অধ্যুষিত অঞ্চল, ধনশিরি নদীর তীরবর্তী অঙ্গামী নাগা পাহাড় ও ডিয়ুং নদীর তীরবর্তী অঞ্চল নিয়ে আলাদা এক জেলা গঠন করা হয়। অসামরিক মুখ্য কার্যালয় আসালু থেকে সরিয়ে আনা হয় সেমাগুটিং-এ (Semaguting)। অন্যদিকে উত্তর কাছাড় মহকুমাকে বিলোপ করা হয় এবং তিন ভাগ করে প্রতিবেশী জেলা কাছাড়, খাসি জয়ন্তিয়া ও নগাঁও -এর সঙ্গে যুক্ত করা হয়। এভাবে উত্তর কাছাড় বিভক্ত হয়ে

ভিন্ন ভিন্ন প্রশাসন ভুক্ত হয়ে যায়। তবে এর গুরুত্বপূর্ণ অংশ সহ আসালু যুক্ত হয় কাছাড়ের সঙ্গে।^১

কাছাড়ের তৎকালীন জেলাশাসক Edgar সাহেব এই অঞ্চলের উন্নতিকল্পে এক বিস্তৃত পরিকল্পনার খসড়া উচ্চতর কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করেছিলেন। এই খসড়াতে রাজস্ব সংগ্রহ, যোগাযোগের উন্নতির প্রস্তাব ছিল। Edgar সাহেবের কিছু প্রস্তাব অনুমোদিত হয়। এর অন্তর্ভুক্ত ছিল — অর্থের বদলে উৎপাদিত দ্রব্যের মাধ্যমে রাজস্ব সংগ্রহ করা, শিলচর-আসালু ডাক ব্যবস্থা চালু করা ইত্যাদি। এছাড়া আসালু ও বালাধন পাহাড়ী পথকে সারা বছর ধরে যাতায়াতের উপযোগী করে গড়ে তোলার পরিকল্পনাও গৃহীত হয়।^২ তবে উত্তর কাছাড়ে যাতায়াতের পথ বলতে মাত্র কয়েকটি ঘোড়ায় চলা পথ (Bridle Path) ছিল। এছাড়া অন্য পথগুলি ছিল খুবই দুর্গম। স্থানীয়রা নদীর তীর বরাবর বা হাতী চলার পথ দিয়ে যাতায়াত করত।

এই উত্তর কাছাড় পার্বত্য অঞ্চল আবার মহকুমা হিসেবে পূর্ণগঠিত হয় ১৮৮০ খ্রিস্টাব্দে। এর নূতন মুখ্য কার্যালয় স্থাপন করা হয় গুনজুং-এ। পাহাড়ী পথ দিয়ে এটি যুক্ত ছিল নগাঁও, শিলচর ও জোয়াই-এর সঙ্গে। একজন পুলিশ অধীক্ষক C.A. Soppit পূর্ণগঠিত উত্তর কাছাড়ের মহকুমা শাসক হিসেবে নিযুক্ত হন।^৩ এর এক বছর আগেই (১৮৭৯ খ্রিঃ) নিরাপত্তার ক্ষেত্রে রদবদল করা হয়। বহু বছর উত্তর কাছাড় পার্বত্য এলাকায় নিরাপত্তার দায়িত্বে থাকা ফ্রন্টিয়ার পুলিশকে সরিয়ে দেওয়া হয় শিলচরে। এর পরিবর্তে ২০০ জনের শক্তিশালী কুকি মিলিশিয়া (Kuki Militia) কে নিরাপত্তা রক্ষায় নিযুক্ত করা হয়। নিয়মিত যুদ্ধ বিদ্যায় প্রশিক্ষণ প্রাপ্ত এই কুকি-বাহিনী অবস্থান করে গুনজুং-এ। তবে একাংশ নিযুক্ত হয় দক্ষিণ পশ্চিম অঙ্গামী সীমানায়।^৪

কিন্তু উত্তর কাছাড়ের জনসাধারণকে এভাবে ইংরেজের প্রত্যক্ষ শাসনাধীনে নিয়ে আসার এই প্রয়াস শান্তি শৃঙ্খলা ও উন্নতির বাতাবরণ সৃষ্টির পরিবর্তে অশান্তির সৃষ্টি করে। বিদেশি শাসকদের নূতন নিয়ম কানুন, বিভেদ নীতি, রাজস্ব আদায় প্রক্রিয়া ইত্যাদি স্বাধীন জীবন যাপনে অভ্যস্ত পরম্পরাগত ঐতিহ্যে লালিত ডিমাসাদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। নিপীড়িত জনজীবনের এই ক্ষোভ প্রতিফলিত হয়েছে সেই সময়কার লোক সঙ্গীতে।

‘আলু মায় লামডু

সিসা মায় জিডু

সিবায়াারাও ফায়ডুনে

মায় রিখুলা।’^৫

অর্থাৎ বেড়াল ধান শুকচ্ছে, কুকুর ধান খাচ্ছে, সিপাহিরা আসছে, ধান উঠিয়ে নাও। দ্ব্যর্থবোধক লোকগীতিটি আসলে একটি সাক্ষেতিক বার্তা। এর উদ্দেশ্য সঙ্কেত পাঠিয়ে সকলকে সচেতন করে দেওয়া। গানটির মর্মার্থ হল গুপ্তচর ও সিপাহি আসছে, যা কিছু লুকনো প্রয়োজন লুকিয়ে ফেলো, আত্মগোপন কর। একই সঙ্গে খাজনা প্রদানে অনীহা এবং অত্যাচারিত হবার আশঙ্কাও এতে প্রতিফলিত। উল্লেখ্য যে, গীত হওয়া ছাড়া নির্দিষ্ট বিশেষ সুরে গানটি মুরি (বৃহৎ বাঁশী)তে বাজানো হত।

তখন অর্থাৎ ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকেই উত্তর কাছাড়ে সাহেব সিপাহিদের যাতায়াত বেড়ে গিয়েছিল। এমনকি সত্তরের দশকের শেষভাগে উত্তর কাছাড়ের মধ্য দিয়ে রেলপথ নির্মাণের জন্য জরিপ ও গুনজুং-এ মহকুমা নির্মাণ সম্পর্কিত কাজও চলছিল। এই সব নির্মাণ প্রকল্পে এবং ইংরেজ আধিকারিকদের মালবহন ইত্যাদি কাজে স্থানীয় মানুষদের নিয়োগ করা হয়েছিল। কিন্তু কাজের বিনিময়ে তারা নায্য মজুরি পেতেন না। আফিমের নেশায় প্রলোভিত করে অথবা স্বল্প মজুরি প্রদান করে জোর করে তাদের নিকট থেকে কাজ আদায় করা হত। এ ধরনের জোর-জুলুম ভুক্তভোগীদের আত্মসম্মানবোধে আঘাত করে। রাজ্য হারানোর বেদনার সঙ্গে এই অসন্তোষ মিশ্রিত হয়ে তাদের মনে তীব্র ক্ষোভ সঞ্চারিত হয়। তারা অপেক্ষা করতে থাকেন সেই প্রবাদপ্রতিম বীরের জন্য — যাঁর আবির্ভাব তাদের এই দুরবস্থা থেকে মুক্তি দেবে।

জিনীবা নলায়মা রাজীহা বেঙ

সুমুয়া ছপ্পেলাউ ছংফায়ডু বেঙ

ডাউসাসে ডাউলিংখে খেপ্‌ডুলাউ বেঙ!

জিনীবা নলায়মা রাজীহা বেঙ

গুফুসা হা' নেডাও নেফায়ডু

গুফুসা ডি নেডাও নেফায়ডু বেঙ!

জিনীবা নলায়মা রাজীহা বেঙ

সেরেব ফায়নাংব ঠাইনাংব

রাজীকে জিংকে সগোনে ফায়নাংব!

জিনীবা গ্‌জাউনী রাজীহা বেঙ

ডেমালু আমালু রাঙ্গাডাও ডেগাডাও

লংলাবডাও হালোডাও, ডেলায়-মায়লাইটি ফায়নাংব।*

অর্থাৎ আমাদের গ্রামে রাজ্যে একি অঘটন ঘটছে / শক্তিমান ঈগল-পক্ষী
পক্ষী-শাবক কর্তৃক তাড়িত হচ্ছে / শ্বেত মানুষরা ক্রমশ আমাদের ভূমি ও নদী কেড়ে

নিচ্ছে / আমাদের সোনার রাজ্যে এমন কার আবির্ভাব ঘটবে যে আমাদের ও আমাদের রাজ্যকে রক্ষা করবে / আমাদের রাজ্যে ডেমালু আমালু, রান্দাডাও-ডেগাডাও, লংলাবডাও হালোডাও, ডেলায়-ময়লাই কি জন্ম নেবে।

সমগ্র জাতির এই আকুতি ও অভিলাষই যেন বাস্তবে রূপ পরিগ্রহ করে শম্ভুধনের মাধ্যমে। তাই একাধারে যুবনেতা, চিকিৎসক ও স্বয়ংসিদ্ধ যোগী শম্ভুধন নূতন এক ভূমিকায় ডিমাসাদের আশা আকাঙ্ক্ষার প্রতিরূপ হয়ে সংগ্রামে অবতীর্ণ হতে সংকল্প বদ্ধ হন।

উল্লেখপঞ্জি :

- ১। J.B. Bhattacharjee; Cachar under British Rule in North East India, New-Delhi, 1977, pp-107 to 109।
- ২। Ibid, p-109।
- ৩। Ibid, p-111।
- ৪। Ibid, p-111-112।
- ৫। L.W. Shakespear; History of the Assam Rifles, London, 1929, pp-80-81।
- ৬। Biswajyoti Barman; The Life and Struggle of Shambhudhan, 1999, p-10 (An unpublished work submitted to the Political Science Department of Assam University, Silchar)।
- ৭। তন্ময় ভট্টাচার্য ; কাঞ্চ সংবাদ, শিলচর, ১৯৯৮, পৃঃ ৬৫-৬৬।
- ৮। বিশ্বজ্যোতি বর্মণ ; উপনিবেশ শাসন পর্বে বর্তমান বরাক উপত্যকা ও উত্তর কাছাড় পার্বত্য অঞ্চলে দেশভক্ত ভারতীয়দের সংগ্রামের ইতিহাস : শম্ভুধনের নেতৃত্বে সংগ্রাম, ২০০৪, শিলচর, পৃঃ ৭-৮ (একটি অপ্রকাশিত সেমিনার পেপার)।
- S.K. Borpujari (Ed); History of the Dimasas.....; Haflong, 1997., p-113।

ইংরেজ আধিপত্যের বিরুদ্ধে শম্ভুধনের সংগ্রাম

বীর শম্ভুধন ছিলেন স্বাধীনচেতা ও আত্মশক্তিতে বিশ্বাসী। ইংরেজদের আধিপত্য বিস্তারের সুকৌশল কর্মপদ্ধতি, বিভেদনীতি, অত্যাচার সব কিছুই তিনি প্রত্যক্ষ করছিলেন। তাই মাতৃভূমিকে বিদেশির দখল মুক্ত করতে তিনি সচেষ্টি হন। এই লক্ষ্যে শম্ভুধন আত্মদানে উন্মুখ যুবকদের নিয়ে এক বাহিনী গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেন। কিংবদন্তী ডিমাসা বীরদের বীরত্ব গাথা থেকেই হয়ত তিনি এ কাজে অনুপ্রাণিত হয়েছিলেন। বিশিষ্ট অসমীয়া বুদ্ধিজীবী যোগেশ দাসের মতে ১৮৫৭ সালের ইংরেজ শাসন বিরোধী জাতীয় আন্দোলন শম্ভুধনকে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করেছিল।^১ তিনি ডিমাসাদের ইংরেজদের বিরুদ্ধে সংঘবদ্ধ করে তোলেন যারা তাদের স্বাধীনতাই শুধু হরণ করেনি তাদের সমাজ ও সংস্কৃতিকেও করেছে কলুষিত। সাউপ্রা গ্রামের যুবনেতা থাকা কালীন লক্ষ অভিজ্ঞতা ও রোগ নিরাময়কারী হিসেবে বহুদিন থেকে জনসাধারণের সঙ্গে নিরবচ্ছিন্ন যোগাযোগ শম্ভুধনকে এ কাজে সাফল্য এনে দেয়। এছাড়া বিশ্বাস জন্মানোর জন্য ক্যারিশমা সম্পন্ন নেতার সমস্ত গুণাবলীর অধিকারী ছিলেন তিনি।^২ অনেকে বলেন, যোগ ও তান্ত্রিকাচার আশ্রিত ধর্মাচারই তাঁর সংগ্রামের শ্রেষ্ঠ আয়ুধ ছিল; দল গঠন ও বিশ্বাস জন্মানোর ক্ষেত্রে এসব গুণই সম্ভবত তাঁর প্রধান সহায়ক হয়ে উঠে। তাই সংগ্রামে বাঁপিয়ে পড়ার পূর্বে তিনি তান্ত্রিকাচার পদ্ধতিতে শেষ পরীক্ষা সেরে নেন। কথিত আছে, গুনজুং থেকে তিন কিলোমিটার দূরের গ্রাম ওয়ারিনলায়-এ এক বিশেষ প্রক্রিয়ায় তিনটি শিমূল গাছ লাগিয়েছিলেন শম্ভুধন। শিমূল গাছ তিনটির একটি থেকে আরেকটির দূরত্ব ৫০০ মিটারের মত। এক নিশ্বাসে দৌড়তে দৌড়তে অসির এক কোপে টুকরো করে গাছ গুলোকে উল্টো করে মাটিতে পৌঁতা হয়েছিল বলে লোকশ্রুতি বর্তমান। এটি ছিল এক ধরনের তান্ত্রিক প্রক্রিয়া, যার মাধ্যমে উদ্দেশ্য সিদ্ধ বা সফলকাম হবে কি না পরীক্ষা করা হয় বলে বিজ্ঞজনেরা বলেছেন। অর্থাৎ লাগানো শিমূল গাছ বেঁচে ওঠলে শম্ভুধন ইংরেজের বিরুদ্ধে জয়ী হবেন, না বাঁচলে হবেন না। উল্লেখ্য যে, দু'টি শিমূল গাছ বেঁচে উঠেছিল।^৩ এভাবে পরীক্ষায় সাফল্য লাভের পরই রাজ্য গড়ার জন্য স্বজাতীয়দের চরম ও উদাত্ত আহ্বান জানান শম্ভুধন —

‘রাজা লংঠাই গ্মায়াখো

খারনায় ডিমু রেনডুখো

নিসী রাজী খাডেই

রাজী খা’।^৪

অর্থাৎ রাজ প্রস্তর এখনও নিশ্চিহ্ন হয়নি / পুকুরে জলের উৎস শুকিয়ে যায়

নি / তোমরা রাজ্য গড় / রাজ্য গড়।

অতীন্দ্রিয় দর্শন, ধর্মীয় পদ্ধতি ও বিশ্বাস, সর্বোপরি তেজস্বী শম্ভুধনের নেতৃত্বে উদ্বুদ্ধ হয়ে অনেক ডিমাসা যুবক এগিয়ে আসেন নিজেদের মাতৃভূমিকে বিদেশি ইংরেজদের শাসন থেকে মুক্ত করার বাসনায়। কিন্তু সবাইকে শম্ভুধন তাঁর দলে অন্তর্ভুক্ত করেননি। শক্তি, সাহস ও দক্ষতা প্রদর্শন করে এক বিশেষ বাছাই পরীক্ষায় উত্তীর্ণরাই শুধু তাঁর যোদ্ধা-বাহিনীতে স্থান লাভে সক্ষম হয়েছিল। এছাড়া তাঁর দলের সদস্যরা ছিল দূরের ও কাছের বিভিন্ন গ্রামের। শম্ভুধনের দল গঠন-পদ্ধতি সম্পর্কিত তথ্যটি আহরিত হয়েছে কাছাড়ের খাসপুর রাজবাড়ীর সন্নিহিত ঠালীগ্রামের প্রায় ৮০ বৎসর বয়স্ক রেবতীবালা বর্মণ নামের এক বৃদ্ধা মহিলার কাছ থেকে। তিনি কৈশোরে উত্তর কাছাড়ের সামফারিডিসা গ্রামে পিতা-পিতামহদের কাছে শম্ভুধন সম্পর্কে অনেক কাহিনি শুনেছিলেন। সেই সব কাহিনির তখনো অনেকটিই তাঁর স্মৃতিতে অগ্নান ছিল। লোকশ্রুতি আশ্রিত তথ্যটি প্রাসঙ্গিক বিবেচনায় এখানে উপস্থাপিত হল।

শম্ভুধন দলে অন্তর্ভুক্তির জন্য আগ্রহী ব্যক্তিদের সারিবদ্ধভাবে দাঁড় করাতেন এবং তাঁদের পশ্চাতে গিয়ে অসির প্রশস্ত ভাগ দিয়ে তাঁদের পশ্চাদভাগে (নিতম্বে) সজোরে আঘাত করতেন। এই আঘাত যারা সহিতে পেরেছিল শুধু তাঁরাই দলে অন্তর্ভুক্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হয়েছিলেন। ‘রিমীন নেলায়বা’ নামের পরম্পরাগত এক বিশেষ প্রক্রিয়ার মাধ্যমেও শক্তি পরীক্ষা করা হয়েছিল বলে কথিত। এভাবে নির্বাচিত মাতৃভূমির মুক্তি-যোদ্ধাদের ডান কানে দুলের মত পরিয়ে দেওয়া হয়েছিল ‘খুন-গাঠার’ অর্থাৎ পবিত্র সূতো। এতে প্রত্যেকেই থর থর করে কেঁপে ওঠে সম্মোহিতের মত শম্ভুধনের আজ্ঞাবাহী হয়ে যেত বলে জনশ্রুতি। ডিমাসা ঐতিহ্যে উপবীতের মত এই খুন-গাঠার (পবিত্র সূতো) কবচ বা বর্ম রূপে ব্যবহারের রীতি সুপ্রাচীন। এয়োদশ শতাব্দীতেই *বস্ত্র-কবচ বা বর্ম রীতি (খাওডাম্) ছিল বলে কথিত।

এভাবে দল গঠনের পর শম্ভুধন তাঁর যোদ্ধাদের পরম্পরাগত যুদ্ধ বিদ্যায় পারদর্শী করে তুলতে প্রশিক্ষণেরও ব্যবস্থা করেছিলেন। এছাড়া বিভিন্ন দায়িত্ব ভাগ করে দিয়েছিলেন ‘হজাইরাউনী দল’ (পুরোহিতদের দল) হিসেবে পরিচিত অনুগামী যোদ্ধাদের মধ্যে। সিবিংহজা অর্থাৎ মুখ্য উপদেষ্টার দায়িত্ব অর্পিত হয় মানসিং-এর উপর। মলংঠং সহযোগী অধিনায়ক, ডেসাইন কেম্প্রাই ওষধির সংরক্ষক ও চিকিৎসক, জীবনরাম হাগজের খামহজা (মাদুলী বলে কথিত খাম অর্থাৎ ঢোলক বা মাদল জাতীয় বাদ্যের বাদক-নেতা) হিসেবে শম্ভুধন কর্তৃক মনোনীত হন। এছাড়া শম্ভুধনের বিশিষ্ট অনুগামীদের মধ্যে ছিলেন রাধাচরণ হাগজের ওরফে শিবারায়, জব্বর সিং মাইবাংসা, ডাংগাম লাংঠাসা ও লাইখংফা কেম্প্রাই প্রমুখ। এই দলকে যুদ্ধ বিদ্যা ছাড়াও পরম্পরাগত

পূজা-পদ্ধতি ও সামাজিক রীতিনীতি সম্পর্কেও প্রশিক্ষণ দেওয়া হয়েছিল ধর্মীয় চেতনায় উদ্বুদ্ধ করে তোলার উদ্দেশ্যে। তাঁরা বিভিন্ন পূজোতেও পুরোহিতের দায়িত্ব পালন করেছিলেন। এছাড়া সাধারণ লোকরা তাঁদের ঐশ্বরিক শক্তি সম্পন্ন বলেও বিশ্বাস করতেন। তাই শম্ভুধন ও তাঁর অনুগামীরা মাডায়রাউনী (ঈশ্বরদের) দল ও হজাইরাউনী দল হিসেবে পরিচিত হন।

পূর্ব ঘোষণা অনুযায়ী দল পরিচালনা ও সংগ্রাম সংগঠিত করার জন্য সঠিক অবস্থান গ্রহণের অপরিহার্যতা বিবেচনা করে শম্ভুধন মাইবাংকে কেন্দ্র হিসেবে নির্বাচন করেন। মাইবাং-এর অদূরে থাকা সাঁয়্যাডের পাহাড়ের অরণ্যের ভিতরে গড়ে তোলা হয় গোপন ঘাঁটি। এটি আপাতভাবে সাধারণ গ্রামের মত মনে হলেও এর কয়েকটি বিশেষত্ব ছিল বলে অনেকে বলেন। প্রথমত পাহাড়ের ঢালুর মধ্যভাগ থেকে উপরের দিকে একটির পর একটি সারিবদ্ধ ভাবে গৃহ নির্মাণ ছিল নিরাপত্তার দিক দিয়ে তাৎপর্যপূর্ণ। দ্বিতীয়ত গ্রামের প্রবেশ পথের মুখ্য দ্বারে অনেক গুলো বড় বড় কাঠের গুঁড়ি ও পাথর এমন ভাবে স্তরে স্তরে সাজানো ছিল যে, আক্রান্ত হলে যাতে সেগুলো সহজেই আক্রমণকারী শত্রুদের উপর গড়িয়ে দিয়ে প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হয়।^১ তৃতীয়ত প্রত্যেক ঘর থেকে নির্গমনের পথ তথা দরজার ডান ও বাম পার্শ্বে ভল্ল, অসি নিদেন পক্ষে দা রাখার পরম্পরাগত রীতি কঠোরভাবে অনুসৃত হয়েছিল যাতে বসবাসকারীরা জরুরী প্রয়োজনে ঘর থেকে সশস্ত্র অবস্থায় বেরুতে পারেন।

জনসাধারণের সঙ্গে শম্ভুধনের যোগাযোগের ক্ষেত্র হিসেবে ব্যবহৃত হয়েছিল ঐতিহাসিক *দামাডি মন্দির। এজন্য মন্দিরটির সংস্কার সাধন করেছিলেন শম্ভুধন। স্থানীয় অধিবাসীরা স্বচ্ছাশ্রম দান করা সহ চাল ও অন্যান্য খাদ্য সামগ্রী শম্ভুধন ও তাঁর অনুগামীদের সরবরাহ করতেন। তাঁদের বিরুদ্ধে কর আরোপের কোন অভিযোগ ছিল না। অনেকেই রোগ নিরাময়কারী শম্ভুধনকে ইংরেজের আগ্রাসন থেকে রাজ্যকে মুক্ত করতে সক্ষম ভগবান শিবের বরপুত্র বলে বিশ্বাস করতেন। তাই তিনি সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত সাহায্য লাভে সক্ষম হয়েছিলেন।

তবে ইংরেজের বিরুদ্ধে সংগ্রামের জন্য প্রস্তুতি পর্বের সময়ে শম্ভুধনরা কয়েকটি বিশেষ সমস্যার সম্মুখীন হয়েছিলেন। সে গুলোর মধ্যে উল্লেখযোগ্য হল, উত্তর কাছাড়ের মধ্য দিয়ে রেলপথ নির্মাণের জন্য জরিপ, অর্থনৈতিক শোষণ এবং প্রশাসনের পরোক্ষ সাহায্যে সর্বনাশা আফিম সরবরাহ। এসবের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য শম্ভুধন সচেষ্ট হন। উত্তর কাছাড়ের মধ্য দিয়ে রেলপথ নির্মিত হলে প্রব্রজনের মাধ্যমে কাছাড়ের পাহাড় ও সমতল অঞ্চলে ভিন্ন সমাজ সভ্যতা ও সংস্কৃতির অনুপ্রবেশ ঘটবে; ফলে স্থানীয় পরম্পরা ও ঐতিহ্যের হানি ঘটতে পারে, এরকম

একটা আশঙ্কা শম্ভুধনের মনে ক্রিয়াশীল ছিল বলে কোন কোন বুদ্ধিজীবী অনুমান করেছেন। মাইবাওঁের গড় কাপ্তানি বিভাগ ও নাট্য গোষ্ঠীর ১৯৮৫ খ্রিস্টাব্দে প্রকাশিত মঞ্চ মুখপত্রের একটি নিবন্ধে অসম সাহিত্য সভার তদানীন্তন সভাপতি যোগেশ দাস লিখেছেন —

“ইংরেজ সকলে যেতিয়া পাহাড় লাইন বুলিবর রেলর আলি সুরমা উপত্যকালৈ নিব ধরিছিল তেতিয়া সম্বোধনে তাত বাধা দিছিল। রেলর লাইন সম্প্রসারণ করাত বাধা দিয়াটো আজির দিনত অলপ আচরিত যেন লাগিব পারে। মেঘালয়ে ওওয়াহাটীর ফালর পরা বার্ণিহাট হৈ রেলর লাইন আওওয়াই যোওয়াত প্রতিরোধ করিছে। মেঘালয়ের ‘অনগ্রসর’ জীবন-পদ্ধতিত রেলগাড়ী যোগে যোওয়া প্রভাবে অনিষ্ট করিব পারে বুলি শঙ্কা করা হৈছে। বাহিরর প্রভাবে সহজ জীবন-যাত্রার ভারসাম্য নষ্ট করার ভয় সকলো মানুহরে থাকে। প্রাচীন সভ্যতা-সংস্কৃতির প্রভাব থকা দিনও শহীদ সম্বোধনর দরে দেশ প্রেমিকর মনতো তেনে এটা শঙ্কা আরু সন্দেহ উপজা তেনেই স্বাভাবিক আছিল। নিশ্চয় সেই কারণেই তেওঁ রেলর লাইন বহওয়াত বাধা প্রদান করিবলৈ গৈছিল আর তাতে করি আমার বিজয়ী প্রভু ইংরাজর হাতত প্রাণ আহতি দিব লগাও পরিছিল”।^{১৮}

কিন্তু উত্তর কাছাড়ের মধ্য দিয়ে রেলপথ স্থাপনের কাজ শুরু হয় ১৮৯১ খ্রিস্টাব্দে।^{১৯} তাই শম্ভুধনের পক্ষে রেলপথ স্থাপনের কাজে বাধা দান করা সম্ভব নয়। কেননা রেলপথের নির্মাণ কাজ শুরু হওয়ার অনেক আগেই তিনি শহীদ হন। তবে রেল সংযোগ স্থাপনের জন্য জরিপ, পথ নির্দেশ ইত্যাদি আনুষঙ্গিক কাজে শম্ভুধনরা প্রতিরোধের চেষ্টা করেছিলেন। তাই উল্লিখিত বক্তব্যটি সঠিক তথা হিসেবে স্বীকার্য। কেননা প্রয়োজনীয় জরিপের পর ১৮৮২ খ্রিস্টাব্দ নাগাদ অর্থাৎ শম্ভুধনের বিদ্রোহের সময়কালে উত্তর কাছাড়ের মধ্য দিয়ে রেলপথ নির্মাণের পরিকল্পনা ছিল।^{২০} এর জন্যে নিশ্চয় উত্তর কাছাড়ের মত উঁচু পাহাড় ও গভীর অরণ্যের মধ্য দিয়ে পথ নির্দেশ ও জরিপের কাজ সম্পূর্ণ করতে কয়েক বৎসর লেগেছিল তা শম্ভুধন ও তাঁর সহযোগীদের অগোচরে সম্ভব ছিল না। এমতাবস্থায় তারা এই কাজে বাধাদান করেছিলেন বলে মনে হয়। অনেকের মতে শম্ভুধনের বিদ্রোহ ও আইন শৃঙ্খলা জনিত কারণেই রেলপথ নির্মাণে লন্ডনের অনুমতি প্রাপ্তিতে প্রচুর বিলম্ব ঘটে। উল্লেখ্য যে, ১৮৮৭ খ্রিস্টাব্দে লন্ডনস্থ ‘ইন্ডিয়া হাউস’ থেকে এ ব্যাপারে সবুজ সঙ্কেত পাওয়ার পর দেখা দেল রেলপথ নির্মাণের জন্যে পূর্বের জরিপ করা পথ নতুন গজিয়ে ওঠা বনে জঙ্গলে ঢাকা পড়ে গেছে। তাই নতুন করে পথ নির্দেশ তৈরি করতে হয়।

যাইহোক, রেলপথ নির্মাণের জন্য জরিপ ও পথ নির্দেশের কাজে শম্ভুধনের

বাধাদানের ফলে ইংরেজ প্রশাসনের সঙ্গে তাঁদের সরাসরি সংঘাত হয়ত ঘটেনি। প্রশাসনের সঙ্গে সংঘাতের সূত্রপাত ঘটেছিল মূলত অর্থনৈতিক শোষণ ও অর্ধবন্য মহিষকে কেন্দ্র করে। কথিত হয় যে, এক দল ব্যবসায়ীর ষড়যন্ত্রের ফলে যখন শম্ভুধনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয় তখনই তাঁর বিপ্লবাত্মক কার্যকলাপ ইংরেজ প্রশাসনের নজরে আসে। কারণ শম্ভুধন অর্থনৈতিক শোষণের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছিলেন। এ সম্পর্কে কিছু আলোচনার প্রয়োজন রয়েছে।

ডিমাসা রাজাদের রাজত্বকাল থেকেই প্রাকৃতিক বনজ সম্পদ পরিপূর্ণ উত্তর কাছাড় থেকে বিভিন্ন বনজ সামগ্রী ধূনা, অগুরু (আগর), চন্দন কাঠ, বন্য জন্তুর ছাল, হাতির দাঁত ইত্যাদি রপ্তানী করা হত। পরবর্তীকালে ইংরেজ আমলে এই ব্যবসা সম্প্রসারিত হবার ফলে ভিন্ন সম্প্রদায়ের কিছু অসাধু ব্যবসায়ীদের চক্র গড়ে ওঠে; যারা সহজ সরল ডিমাসাদের শোষণ করতে থাকে। অত্যধিক কম মূল্যে স্থানীয় মানুষদের কাছ থেকে বনজ দ্রব্যাদি সংগ্রহ করা সহ অবৈধ ভাবে প্রাকৃতিক সম্পদ লুণ্ঠন চলতে থাকে। এছাড়া একজন ব্যবসায়ী মাইবাঙে ঘাঁটি করে অরক্ষিত অর্ধবন্য শত শত মহিষ সংগ্রহ করে সমতল কাছাড়ে বিক্রয় করতে থাকে। ব্যবসায়ীদের ইংরেজ প্রশাসনের অনুমতি সাপেক্ষে নিজস্ব রক্ষা বাহিনীও ছিল। মহাজনদের মধ্যে প্রভাবশালী ও নিষ্ঠুর ছিল কালাচাঁদ নামের এক মহাজন। সে একটি পয়সাও খরচ না করেই নিজস্ব রক্ষী বাহিনীর দ্বারা অর্ধবন্য মহিষ ধরে সমতল কাছাড়ের ব্যবসায়ীদের কাছে বিক্রয় করছিল। এই অবৈধ লুণ্ঠন ও অনৈতিক ব্যবসার বিরুদ্ধে শম্ভুধন প্রতিরোধ গড়ে তুলেন। ফলে ইংরেজদের তোষামোদকারী কালাচাঁদ গুণজুংস্থিত মহকুমা শাসকের আদালতে শম্ভুধনের বিরুদ্ধে পরিকল্পিত ও মিথ্যা অভিযোগ দায়ের করে বলে হেম বরদলৈ একটি নিবন্ধে উল্লেখ করেছেন।^{১১} এ সম্পর্কে Alexander Mackenzie লিখেছেন —

“At length a man brought a complaint against him in the Sub-Divisional officer's court having been beaten by him and his followers for resisting the expropriation of a buffalo”^{১২}

অভিযোগ প্রাপ্তির ফলে ইংরেজ কর্তৃপক্ষ শম্ভুধনের কার্যকলাপের মধ্যে এক বৃহত্তর সংগ্রাম ও গুরুতর পরিণতির পূর্বাভাস লক্ষ্য করে তৎক্ষণাৎ তা দমন করার অভিপ্রায়ে তাঁকে ও মানসিংকে সমন পাঠানোর প্রস্তুতি গ্রহণ করে। কিন্তু প্রশাসন সবিষ্ময়ে লক্ষ্য করে যে জনসাধারণতো বটেই এমনকি সাধারণ পুলিশদেরও শম্ভুধনের প্রতি ভয় মিশ্রিত শ্রদ্ধা এতো প্রবল যে, কেউই তাঁর কাছে সমন পৌঁছে দিতে রাজী নয়।^{১৩} অবশেষে খুনাং অর্থাৎ গাঁওবুড়ার মাধ্যমে তাঁদের কাছে সমন পৌঁছে দেওয়া হয়। উত্তর কাছাড় মহকুমার তদানীন্তন মহকুমা শাসক তথা পুলিশ অধীক্ষক C.A. Soppit এর ভাষায় —

"On information lodged, summonses were issued to Sombadan and his principal subordinates, but they failed to appear. A warrant of arrest was then placed in the hands of some Kachari headman, with orders for his apprehension. No violence was offered to the bearers of the warrant, but the letter written by Man Shinge, a scribe of Sombadan's was made over to them, and they were ordered to leave Maibang immediately and return to Gonjong. The letter almost illegible was to the effect that any army would not induce Sombadan to appear and any force despatched to Maibang would be annihilated."⁵⁴

নির্ভীক শম্ভুধন ইংরেজ প্রশাসনের সমনকে তুচ্ছ জ্ঞান করেই ক্ষান্ত থাকেননি; তিনি ইংরেজদের ডিমাসাদের ভূমি পরিত্যাগ করে চলে যাবার জন্য বললেন এবং তাঁর আদেশ রক্ষিত না হলে পরিণাম ভয়ঙ্কর হবে বলেও হুমকি দেন। এর ফলে উত্তর কাছাড়ের মহকুমা শাসক C.A. Soppit শিলচরস্থ কাছাড়ের জেলাধিপতি Major Boyd-এর সাহায্য প্রার্থনা করেন। মেজর বয়েড শম্ভুধনের উত্থানকে দমন করার অভিপ্রায়ে শিলচর থেকে ৩০ জনের ফ্রন্টিয়ার পুলিশ সহ উত্তর কাছাড়ের মহকুমা সদর গুনজুং এর পথে রওয়ানা হন। পাহাড়ী পথে অস্থায়ী শিবিরের জন্য নির্মিত কয়েকটি কুঁড়ে ঘরে অগ্নি সংযোগ করে শম্ভুধনের অনুগামীরা জেলাধিপতি ও তাঁর বাহিনীর গতিরোধ করার প্রচেষ্টা করেন।⁵⁵ এছাড়া পাহাড়ী পথে জেলাধিপতিকে অন্য কোন বিশেষ প্রতিরোধের সম্মুখীন হতে হয়নি। গুনজুং থেকে মাইবাং-এর দূরত্ব ছিল প্রায় ২০ মাইল, পায়ে হেঁটে যেতে ছয় বা আট ঘণ্টার মত সময় লাগত। জেলাধিপতি ও মহকুমা শাসক ৪০ জনের পুলিশ বাহিনী সহ ১৮৮২ খ্রিস্টাব্দের ১৫ জানুয়ারী মাইবাং পৌঁছেন। কিন্তু মাইবাং ছিল প্রায় জনমানব শূন্য।⁵⁶ পুলিশ বাহিনী সহ জেলাধিপতির আগমন ও গতিবিধি সম্পর্কে স্থানীয় অধিবাসীরা পূর্বেই শম্ভুধনের সহ যোগীদের মাধ্যমে অবহিত ছিল। তাই শম্ভুধন ও তাঁর সহ যোদ্ধারা তো বটেই, এমনকি সাধারণ মাইবাংবাসীরাও নিরাপদ আশ্রয়ে চলে যায়। Major Boyd ও C.A. Soppit পরিত্যক্ত মাইবাং-এ শিবির স্থাপন করে রাত্রি যাপনের ব্যবস্থা করেন।

এদিকে সেদিনই শম্ভুধন ও তাঁর সহযোদ্ধারা মেজর বয়েড ও তাঁর বাহিনীর অগোচরে অন্য পথে ঝটিকা বেগে পৌঁছে যান গুনজুং-এ। দুপুরেই তাঁরা প্রবল বিক্রমে ঝাঁপিয়ে পড়েন মহকুমা সদরের উপর। অতর্কিত আক্রমণে মহকুমা সদর পাহারায় রত ভীত সন্ত্রস্ত রক্ষীরা নিজেদের আগ্নেয়াস্ত্র থেকে একটিও গুলি নিষ্ক্ষেপ না করেই প্রাণ বাঁচাতে পালিয়ে যায়। এই আক্রমণে একজন পুলিশ কনস্টেবল ও দু'জন সরকারি কর্মী নিহত হন। শম্ভুধনের বাহিনী মহকুমা কার্যালয়, পুলিশ থানা, আফিম গুদাম সহ

৩৪ † ডিমাসা বীর কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফংবো

সবকয়টি ঘরে আগুন ধরিয়ে দেন। কিছুক্ষণের মধ্যেই সেগুলি ভস্মীভূত হয়।^{১৭} তারা সাহেবদের দু'টি ঘোড়াও মেরে ফেলে। কিন্তু স্বাধীনতা চেতনা ও নৈতিক চরিত্রে উদ্বুদ্ধ ডিমাসা যোদ্ধারা সরকারি কোষাগারের নগদ অর্থ লুণ্ঠন করেননি। গুনজুং বিধ্বস্ত করে জয়ী হবার প্রেরণায় উদ্বুদ্ধ শম্ভুধন-মানসিংরা বিদ্রোহকে পূর্ণ রূপ দেবার আকঙ্কায় সেদিনই ঝাটিকা বেগে মাইবাং ফিরে এসে অরণ্য মধ্যে গোপন ঘাঁটিতে আত্মগোপন করে থাকেন ভোরের প্রতীক্ষায়। মাইবাং-এ শিবিরে অবস্থানরত উপায়ুক্ত কিন্তু মহকুমা সদর গুনজুং আক্রান্ত ও বিধ্বস্ত হওয়ার সংবাদ পান নি।^{১৮}

শম্ভুধন, মানসিং ও মলংঠংরা আধুনিক অস্ত্রে সজ্জিত মেজর বয়েড ও তাঁর বাহিনীকে ফাঁদে ফেলে পরাস্ত করার লক্ষ্যে এক অভিনব পরিকল্পনা করেন। সেদিন রাতে কিছুই ঘটল না। পরদিন ১৬ই জানুয়ারি; কুয়াশাচ্ছন্ন পাহাড়ী শীতের সকালে হঠাৎ শোনা গেল টম্ টম্ জাতীয় বাদ্যের ধ্বনি। দেখা গেল অরণ্য মধ্য থেকে ডিমাসা যোদ্ধারা নির্ভয়ে মাদুলি (মাদল বা টম্ টম্ জাতীয় বাদ্য) বাজানোর তালে তালে অসি হস্তে নৃত্য করতে করতে বেরিয়ে আসছে। অগ্রসরমান এই বাহিনীকে দেখে উপায়ুক্ত একথা ভাবতে পারেননি যে তারা আক্রমণ করতে আসছে। নৃত্যরত যুবকদের দেখে তিনি ভেবেছিলেন, বোধহয় এরা পরম্পরাগত রীতিতে তাদের স্বাগত জানাতে অথবা আত্মসমর্পনের উদ্দেশ্যে এগিয়ে আসছে। তাই তিনি তাঁর সৈন্যদের গুলি বর্ষণ না করার নির্দেশ দিলেন। আসল উদ্দেশ্য শত্রুপক্ষকে বুঝতে না দেবার জন্যই শম্ভুধন এই কৌশল অবলম্বন করেছিলেন। পরিকল্পনা মারফিক তাঁর সহযোগীরা ইংরেজ বাহিনীর একেবারে কাছাকাছি এসে নৃত্যের তাল বদলে বিপক্ষ দলের উপর ঝাঁপিয়ে পড়ল। মাইবাং-এর বুকে সংঘটিত এই সংঘর্ষ সম্পর্কে অনেক বয়োবৃদ্ধ ডিমাসা এবং মাইবাং-এর বিশিষ্ট সমাজসেবী হামবাং বাথারী আমাদের কাছে লোকশ্রুতি আশ্রিত যে বর্ণনাটি দিয়েছিলেন তা এই সংঘর্ষের প্রত্যক্ষদর্শী C.A.Soppit এর লেখার সঙ্গে মিলে যায়। তিনি লিখেছেন —

“Nothing occurred during the night, but early in the following morning alarm was given by the sentries, and the Kacharis were seen rushing in a body from the neighbouring jungles on to the camp. Orders had been issued forbidding the sepoy to fire until hard-pressed, as it was desirable, if possible to avoid bloodshed. The Kacharis were armed with long double-edge swords, and were preceded by two men beating tom-toms. No attempt was made by them to seek cover, but they rushed in a compact body. One sepoy was struck by a sword which glanced off his rifle; and Major Boyd at the same moment received a cut on the hand”^{১৯}

মেজর বয়োড আক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গেই তাঁর রক্ষীবাহিনী আগ্নেয়াস্ত্র থেকে ঝাঁকে ঝাঁকে গুলি বর্ষণ করতে থাকে। এতে শম্ভুধনের অনুগামী স্বাধীনতাকামী কয়েকজন ডিমাসা যুবক প্রাণ হারান। পরিকল্পনা অনুযায়ী অন্য যোদ্ধারা পশ্চাদঅপসরণ করে অরণ্য মধ্যে প্রবেশ করে। পুলিশ বাহিনীও তাদের পিছু ধাওয়া করে কিছু দূর পর্যন্ত অগ্রসর হয়ে ফাঁদে পড়ার আশঙ্কায় ফিরে আসে। এই সংঘর্ষে অন্তত ১১ জন পরিচয়হীন ডিমাসা যুবক বীরোচিত মৃত্যু বরণ করে শহিদ হন।^{১০} আহত মেজর বয়োডকে শিলচরে নিয়ে যাওয়ার পর যথায়থ চিকিৎসার অভাবে তিনি ৩০ জানুয়ারি, ১৮৮২ খ্রিস্টাব্দে মারা যান।^{১১} হেম বরদলৈ এর মতে ডিমাসা যোদ্ধাদের অসি, তীর ইত্যাদি বিষাক্ত করার পদ্ধতি জানা ছিল।

মাইবাং সংঘর্ষের পর শম্ভুধন অনুমান করলেন যে, তাঁদের গ্রেপ্তার করতে অসমর্থ উপনিবেশিক শাসকরা এবারে উত্তর কাছাড়ে পুলিশ বাহিনীর শক্তি বৃদ্ধি করে সন্ত্রাস সৃষ্টি করবে এবং বিদ্রোহ দমনে কূটকৌশল প্রয়োগ করবে। সাধারণ মানুষের নৈতিক শক্তি যাতে নষ্ট না হয় এবং তাদের মনোবল অটুট থাকে এ জন্য শম্ভুধন সক্রিয় চেষ্টা শুরু করলেন। নিজস্ব শক্তি বৃদ্ধির দিকেও তিনি নজর দিলেন। তাঁর অনুগামী যুবকদের ছোট ছোট দলে ভাগ করে বিভিন্ন গ্রামে পাঠিয়ে দেওয়া হল। তারা সাধারণ মানুষদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রচার চালাতে শুরু করলেন। ইংরেজ পক্ষীয় সেনা ও গুপ্তচরদের দৃষ্টি এড়িয়ে এই কাজ করার প্রশিক্ষণ তাদের আগেই দেওয়া হয়েছিল। সাঙ্কেতিক পদ্ধতিতে তারা নিজেদের মধ্যে এবং গ্রামবাসীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করতেন। ঐ সময়ই পূর্বে উল্লেখিত 'বিড়াল ধান শুকোচ্ছে, কুকুর ধান খাচ্ছে, সিপাহিরা আসছে, ধান উঠিয়ে নাও' গানটি ব্যাপক ভাবে এক বিশেষ সুরে 'মুরি'তে (বাঁশী জাতীয় বাদ্য যন্ত্র) বাজানোর রীতি চালু হয়েছিল বলে শোনা যায়।

সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে যখন এ ধরনের অভিযান চলছিল তখন একটি অপ্রত্যাশিত ঘটনা সংঘটিত হয়। শম্ভুধন খবর পান কিছু লোক তাঁর নিষেধ অমান্য করে আফিং সংগ্রহ করছে। আফিং একটি মারাত্মক নেশার বস্তু। এই নেশা আর্থ-সামাজিক ক্ষেত্রে চূড়ান্ত অবক্ষয়ের সৃষ্টি করেছিল। সামাজিক সুস্থিতি নষ্ট করার পাশাপাশি এই নেশা মানুষের প্রতিবাদী চেতনাকে পঙ্গু করে ফেলছিল। শম্ভুধন এই ক্ষতিকারক নেশার কুপ্রভাব সম্পর্কে সচেতন ছিলেন। তাই আফিংয়ের ব্যবহার তিনি নিষিদ্ধ করেছিলেন। স্ব-সমাজে তাঁর এই নিষেধাঙ্গা পালিতও হচ্ছিল। কিন্তু পরিস্থিতির সুযোগ নিয়ে, সম্ভবত গুনজুং-এ আফিম গুদামে অগ্নি সংযোগের ফলে গলে যাওয়া আফিম তারা সংগ্রহ করেছিল। নিষেধ অমান্য করে এভাবে আফিং সংগ্রহ করার জন্য শম্ভুধন ক্ষিপ্ত হয়ে ওঠেন ও আফিং সংগ্রহকারীদের কঠোর শাস্তি দেন। এতে ব্যবসায়ী কালচাঁদ

ও তার সাস্পোপাঙ্গ ইংরেজের তোষামোদকারীরা পুনরায় শম্ভুধনের বিরুদ্ধে অপপ্রচার শুরু করে। শম্ভুধনের গণ-সমর্থনের ভিত্তি দুর্বল করার লক্ষ্যেই তারা এই অপপ্রচারে লিপ্ত হয়েছিল।^{২২}

ইতিমধ্যে শিলচর ও কোহিমা থেকে অতিরিক্ত ফ্রন্টিয়ার পুলিশ বাহিনী পাঠিয়ে উত্তর কাছাড়ের ব্যাপক তল্লাসী অভিযান শুরু করা হয়। এই অভিযান চলাকালীন সময়ে কয়েকটি স্থানে শম্ভুধনের অনুগামীদের সঙ্গে ইংরেজ বাহিনীর বিক্ষিপ্ত সংঘর্ষও ঘটে। পুলিশ বাহিনী জনসাধারণের মধ্যে ত্রাস সৃষ্টির জন্য মাইবাং ও লাংটিং-এ কয়েকজন ডিমাসা যোদ্ধার মৃতদেহ গাছের ডালে ঝুলিয়ে রাখে। এ সম্পর্কে সি এ সফিট নীরব। তবে শেক্সপিয়ার-এর বর্ণনা থেকে কিছু অনুমান করা যায় —

“Detachment of Frontier Police from Silchar and Kohima were sent up at once who scourd the district hunting down the ganges...”^{২৩}

এভাবে উত্তর কাছাড়ের প্রায় প্রতিটি গ্রামে চালানো হয় এই নৃশংস অভিযান। এতে গ্রামবাসী সাধারণ পুরুষরাও গভীর অরণ্যে আত্মগোপন করতে বাধ্য হন।

বিভিন্ন বাড়িতে আত্মরক্ষার প্রয়োজনে নূন্যতম যে সব অস্ত্র যেমন অসি, ভল্ল ইত্যাদি ছিল সেগুলি নদীগর্ভে, অরণ্যে বা গুহাকন্দরে লুকিয়ে রাখা হয়। এমনকি পূজোর অঙ্গ হিসেবে ব্যবহৃত বলিচ্ছেদও কেউ বাড়িতে রাখার সাহস করেননি। এ রকম লুকানো অস্ত্রাদি বিগত শতাব্দীর আশির দশকে উত্তর কাছাড়ের রিয়াম বাথারী গ্রামের সন্নিহিত রিয়াম নদীগর্ভ থেকে এবং গ্রায়ুং গ্রামে আবিষ্কৃত হয়েছিল। ফ্রন্টিয়ার পুলিশের দ্বারা সর্বাধিক নিগৃহীত ও অত্যাচারিত হয়েছিল সাধারণ পূজারীরা; কারণ শম্ভুধন ও তাঁর অনুগামীরাও ছিলেন শিবভক্ত ও পূজারী। এমনকি প্রকাশ্যে পূজা আয়োজনও অঘোষিত ভাবে নিষিদ্ধ হয়ে গিয়েছিল বলে কথিত।^{২৪} কিন্তু শম্ভুধনদের প্রতি সাধারণ লোকদের, এমনকি ডিমাসা ছাড়াও নাগা কুকিদেরও নৈতিক সমর্থন এতোই দৃঢ় ছিল যে, পুলিশ বাহিনী ও গুপ্তচররা আপ্রাণ চেষ্টা করেও শম্ভুধন ও তাঁর অনেক অনুগামীদের সন্ধান পেতে ব্যর্থ হয়। চারদিকে গুপ্তচর ছড়িয়ে দেওয়া সত্ত্বেও পুলিশ প্রশাসন যে এ ক্ষেত্রে সফল হয়নি তা ইংরেজ লেখকদের লেখাতেই পরিস্ফুট। এছাড়া আসামের চিফ কমিশনারের প্রতিবেদনের কথা উল্লেখ করে Alexander Mackenzie লিখেছেন “They gave no information beforehand of the probability of a Cachari rising, they were found of no use after it in hunting down the fugitives or collecting evidence against them”^{২৫}

উল্লেখপঞ্জি ও টীকা :

- ১। যোগেশ দাস, শহীদ সম্বোধনর প্রেরণারে; মঞ্চ মুখপত্র, মাইবাং গড়কপ্তানি বিভাগ ও নাট্যাগোষ্ঠী, মাইবাং, ১৯৮৫ খ্রিঃ, পৃঃ ২২।
- ২। S.K. Borpujari (Ed); History of the Dimasas (From the earliest times to 1896 A.D), Haflong, 1997, p-114।
- ৩। যতীন্দ্রলাল থাউসেন, হাফলং, উত্তর কাছাড়।
- ৪। খীমঠরী বর্মণ (ওরফে বিশ্বজ্যোতি বর্মণ); বীর শম্ভুধন; আমাদের সমকাল, গণতান্ত্রিক লেখক সংস্থা (কাছাড়) এর মুখপত্র, অক্টোবর, ১৯৮১ খ্রিঃ, পৃঃ ৭৫।
- ৫। Biswajyoti Barman; The Life and Struggle of Shambhudhan; An unpublished work submitted to the Political Science Department of Assam University, Silchar during 1999।

বস্ত্র-কবচ বা বর্ম : ডিমাসা ঐতিহ্যে খুন গাঠার বা পবিত্র সূতো দিয়ে তৈরি বস্ত্র-কবচ বা বস্ত্র-বর্ম (খাওডাম) ব্যবহারের রীতি খুবই প্রাচীন। ডিমাপুরে ডিমাসা রাজাদের রাজধানী থাকাকালে আহোমদের বিরুদ্ধে এক যুদ্ধে (সম্ভবত চতুর্দশ শতাব্দীতে) হালোডাও নামের এক বীর বালক পবিত্র সূতো দিয়ে তৈরি বস্ত্র পরিধান করে জয়ী হয়েছিলেন। কথিত হয় যে, হালোডাও বীরবিক্রমে যুদ্ধ করে শত্রু সেনাদের প্রায় সবাইকে একাই পরাস্ত করে হত্যা করেন। তবে কয়েকজন শত্রু সেনা পলায়ন করে অরণ্যে আত্মগোপন করতে সক্ষম হয়। এরপর যুদ্ধও ধীরে ধীরে স্তিমিত হয়ে আসে। তাই সেই বীরবালক তৃষ্ণগর্ত হয়ে দেহ থেকে বস্ত্র-কবচ অপসারণ করে পার্শ্ববর্তী অরণ্যের এক পাহাড়ী ঝর্ণায় জল পানে উদ্যত হয়। তখনই আত্মগোপনকারী শত্রুদের অতর্কিত আঘাতে নিরস্ত্র তৃষ্ণগর্ত বীর বালক হালোডাও-এর মৃত্যু ঘটে। লোকবিশ্বাস এই যে বীর-বালক স্বেচ্ছায় বস্ত্র-কবচ অপসারণ না করলে তাঁকে হত্যা করা সম্ভব ছিল না।

বস্ত্র-বর্মের ঐতিহ্য সম্পৃক্ত রয়েছে এয়োদশ শতাব্দীর কিংবদন্তী বীর ডেমালুর বীরত্ব গাথার সঙ্গেও। বিশিষ্ট ইতিহাসবিদ গবেষক নলিনীন্দ্র কুমার বর্মণ মানিক সিং ওরফে ডেমালু কর্তৃক বস্ত্র-বর্ম ব্যবহার প্রসঙ্গে বলেছেন, 'Legend still runs, that, Dehmalu had, in addition to his arms and shield, the armour of cloth provided by his two devoted wives which was magical proof against spear, sword and bullets. Surely, that so called shield of Dehmalu was the wearing apparel ingemously made with thick strong padded cotton and stiched profusely criss-cross over it.' (The Queens of Cachar or Herombo and the History of the Kachchhari, 2nd Edition, Borkhola, Bijoypur, Cachar, 1992, pp - 62-63)

৩৮ ♦ ডিমাসা বীর কিংবদন্তি পুরুষ শম্ভুধন ফধনো

এই বস্ত্র-কবচ বা বস্ত্র-বর্মের পরম্পরাই সম্ভবত কালের প্রবাহে বিস্মৃত হয়ে শব্দধনের সময়ে শুধু পবিত্র-সূতোর কবচে রূপান্তরিত হয়। প্রাচীন পরম্পরা ও ঐতিহ্য অনুসারী শব্দধন তাঁর বাহিনী গঠনের সময় এই রীতিরই অনুসরণ করেছিলেন বলে মনে হয়। এই পবিত্র সূতো ও বস্ত্র-কবচ তৈরির এক বিশেষ রীতি ছিল। ঐতিহ্যগতভাবে ডিমাঙ্গা মহিলারা প্রায় প্রত্যেকেই সুদক্ষ বয়ন শিল্পী। কার্পাস তুলো চাষ ও এণ্ডি মুগা পালন থেকে শুরু করে সূতো কাটা ও বিভিন্ন ধরনের রঙিন ও আকর্ষণীয় বস্ত্র সূক্ষ্ম কারুকার্যময় মেখলা, চাদর, ওড়না, গামছা, উত্তরীয় ইত্যাদি বয়নে তাদের পারদর্শিতা প্রস্ফাতিত। কিন্তু এই বস্ত্র-কবচ তৈরির অধিকার সকলের ছিল না। ঐন্দ্রজালিক ক্ষমতা সম্পন্ন এই বস্ত্র-কবচ বয়ন করতে সেই সব বালিকারা যারা ঋতুমতি হয়নি অথবা সেই সব প্রৌঢ়ারা যাদের ঋতু বন্ধ হয়ে গেছে। বিশেষ প্রক্রিয়ায় কঠোর কিছু নিয়ম কানুন মেনে এই পবিত্র কবচ তৈরি করা হত।

৬। C.A. Soppit; A Historical and Descriptive Account of Kachari Tribe in North Cachar Hills, Shillong, 1885, p-14।

Uttam Chand Barman; Shahid Vir Shambhudhan Fonglo, Silchar-1989, p-6।

নিরুপমা হাগজের; 'হাগজের চেংফং' (ডিমাঙ্গা), হাফলং, ১৯৮৬ খ্রিঃ, পৃ-৩০।

৭। Biswajyoti Barman; Opcit, p-19।

হামবাং বাথারী, মাইবাং, উত্তর কাছাড়।

দামাডি মন্দির : দামাডি মন্দির ডিমাঙ্গাদের ঐতিহ্যবাহী বারোটি মন্দিরের মধ্যে অন্যতম একটি মন্দির। পূজার্চনার সুবিধার্থে রাজ আমলে ডিমাঙ্গা রাজ্যকে ১২ (বারোটি) অঞ্চলে ভাগ করে বারোটি মন্দির নির্মাণ করা হয়েছিল। বারোজন 'জঠাই' এই বারোটি মন্দিরের দায়িত্বে ছিলেন। জঠাই হলেন মন্দিরের মুখ্য পুরোহিত। এই মুখ্য পুরোহিতরা 'গিসিয়া' অর্থাৎ প্রধান পুরোহিতের অধীনস্থ ছিলেন। ডিমাঙ্গা সমাজে পরম্পরাগত পূজা-অর্চনার ক্ষেত্রে সর্বোচ্চ পদাধিকারী ছিলেন 'গিসিয়া'। বিভিন্ন বিষয়ে নীতি-নির্ধারণ করতেন 'গিসিয়া' এবং তিনি ছিলেন পবিত্র-অপবিত্রতার উর্ধে। একমাত্র রাজা ছাড়া আর কেউ 'গিসিয়া'র সিদ্ধান্তে হস্তক্ষেপ করতে পারতেন না। অথবা এমনও হতে পারে 'গিসিয়া'র সিদ্ধান্ত রাজার অনুমোদন ক্রমেই কার্যকরী হত।

আলোচ্য 'দামাডি ডায়খো' (দামাডি মন্দির) হল স্বয়ং রাজা ও রাজপরিবারের জন্য নির্ধারিত মন্দির। মন্দিরটির নামকরণ সম্পর্কে দু'টি মতবাদ প্রচলিত আছে। ধামাদি বা ধর্মাধ্যক্ষ (রাজগুরু) রাজপরিবারের জন্য নির্ধারিত মন্দিরে পূজাপাঠের দায়িত্ব নির্বাহ করতেন বলে মন্দিরটি হয়তো দামাডি মন্দির হিসেবে পরিচিতি লাভ করে। সেই সুবাদে মন্দির সংলগ্ন অঞ্চলটিও দামাডি হাওয়ার হিসেবে পরিচিত হয়। অন্যমতে মন্দিরটির নাম আসলে দামাডি নয় তামাডি। অন্যান্য মন্দিরে বাঁশের চোঙায় 'ডিঠার' অর্থাৎ পবিত্র জল সংগ্রহ করা

হত। কিন্তু রাজ পরিবারের জন্য নির্দিষ্ট এই মন্দিরটিতেই প্রথম তামার পাত্রে পবিত্র জল আহরিত হয়েছিল। এই 'তামাডি' (তামা+ডি) থেকে পরবর্তী সময়ে মন্দিরটির নাম 'দামাডি' হয়ে যায়। কারণ ডিমাসারা প্রায়শই 'ত' কে 'দ' উচ্চারণে অভ্যস্ত। এই 'দামাডি' মন্দিরটির পূর্বনাম ছিল 'রিয়াউ' মন্দির। রি (বস্ত্র) + যাউ (হাত) = রি'য়াউ, অর্থাৎ হাতে বস্ত্রধারণকারী। তাই তিনি ইন্দ্র হতে পারেন বলে অনুমান। এই দ্বিতীয় মতের প্রবর্তক হলেন, বিশিষ্ট সমাজসেবী, আসামের রাজনৈতিক ব্যক্তিত্ব, সাহিত্যিক-সাংবাদিক, গবেষক ও গ্রন্থকার, বডো সাহিত্য সভার প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক সোনারাম থাউসেন (প্রয়াত)। (সোনারাম থাউসেন; 'ডীমাসারাওনী মাডাঈ খীলীমঠাই সোয়াঠাই', কলঙমা, ৪ জানুয়ারী, ১৯৮৫ খ্রিঃ)।

- ৮। যোগেশ দাস, পূর্বোক্ত, পৃ-২২।
- ৯। B.C. Allen, E.A. Gait, C.G.H. Allen, H.F. Howard; Gazetteer of Bengal and North East India, Delhi, Reprint, 1984, p-88।
- ১০। তন্ময় ভট্টাচার্য; কাঞ্চ সংবাদ, শিলচর, ১৯৯৮ খ্রিঃ, পৃ-৫-৬।
- ১১। হেম বরদলৈ; বিদ্রোহী ডিমাসা বীর : শম্ভুধন ফংলোসা; আজির বাতরি, গুয়াহাটি, ১২ ফেব্রুয়ারী, ১৯৯৪ খ্রিঃ, পৃঃ ৫-৬।
- ১২। Allexander Mackenzie; The North-East Frontier of India, New Delhi, Reproduced-1999, p-147।
- ১৩। Idid।
- ১৪। C.A. Soppit, Opcit, p-14।
- ১৫। Allexander Mackenzie; Opcit, p-147।
- ১৬। L.W. Shakespear; History of the Assam Rifles; London, 1929, p-80।
B.C. Allen; Assam District Gazetteers, V-I, Cachar; Calcutta, 1905, p-35।
- ১৭। L.W. Shakespear; Opcit, p-80।
- ১৮। Allexander Mackenzie; Opcit, p-148।
- ১৯। C.A. Soppit; Opcit, p-15।
- ২০। Idid।
- ২১। S.K. Borpujari (Ed); Opcit, p-116।
- ২২। Biswajyoti Barman; Opcit, p-17।
- ২৩। L.W. Shakespear; Opcit, p-80।
- ২৪। Biswajyoti Barman; Opcit
সোনারাম থাউসেন, হাফলং, উত্তর কাছাড়।
- ২৫। Allexander Mackenzie; Opcit, p-148।

সমতল কাছাড়ে শম্ভুধনের কার্যকলাপ এবং পরিশেষে মৃত্যু বরণ

গুনজুং ও মাইবাং -এর দু'টি সংঘর্ষের পরিপ্রেক্ষিতে পুলিশ বাহিনী যে গ্রামে গ্রামে তল্লাসী অভিযান চালাবে শম্ভুধন তা অনুমান করেছিলেন। তাই আত্মরক্ষার পন্থা পদ্ধতি সম্পর্কে গ্রামবাসীদের সচেতন করার উদ্দেশ্যে তিনি তাঁর অনুগামীদের ছোট ছোট দলে ভাগ করে বিভিন্ন গ্রামে পাঠিয়ে দিয়েছিলেন। আর তিনি নিজে কয়েকজন ঘনিষ্ঠ অনুগামীকে নিয়ে ইংরেজ সেনা ও গুপ্তচরদের চোখে ধুলো দিয়ে উত্তর কাছাড়ের দুর্গম পাহাড় ও গভীর অরণ্যের অধিকতর নিরাপদ আশ্রয় ছেড়ে সমতল কাছাড়ে এসে আত্মগোপন করেন। উদ্দেশ্য ছিল, এখানেও ডিমাসাদের ঘরে ঘরে তাঁদের সংগ্রামের বার্তা পৌঁছে দেওয়া ও স্বাধীনতা চেতনার উন্মেষ ঘটিয়ে ইংরেজ শাসনের বিরুদ্ধে বিপ্লব সংগঠিত করা।

সমতল কাছাড়ের জনসাধারণের সঙ্গে যোগসূত্র স্থাপনের ক্ষেত্র হিসেবে শম্ভুধন বিভিন্ন দেব-দেবীর মন্দির ও তীর্থস্থান গুলোকে বেছে নিয়েছিলেন। কাছাড়ে অতীত ইতিহাসের স্মৃতি বিজড়িত খাসপুরে রয়েছে ডিমাসা রাজাদের নির্মিত বিভিন্ন মন্দির, ভুবন পাহাড়ের শীর্ষে আছে শিব মন্দির সহ প্রাচীন স্থাপত্য নিদর্শন, রয়েছে সোনাই-এর শৈবতীর্থ ও বদরপুরের বরাক তীরবর্তী সিদ্ধেশ্বর শিবের পবিত্র মন্দির। এ ছাড়াও প্রায় প্রতিটি ডিমাসা গ্রামেই আছে বিভিন্ন দেব দেবীর মন্দির। কয়েকজন বিশ্বস্ত অনুগামী সহ শম্ভুধন প্রায় প্রতিটি মন্দির ও তীর্থ স্থান পরিভ্রমণ করেন। প্রতিটি মন্দিরে তীর্থে আভূমি প্রণতি জানিয়ে আমৃত্যু সংগ্রামের শক্তি প্রার্থনা করেন দেবতাদের কাছে। তীর্থ ও মন্দির পরিক্রমা করেই শম্ভুধন ক্ষান্ত হলেন না। যে লক্ষ্য ও আদর্শ নিয়ে সংগ্রামে ব্রতী হয়েছিলেন, জনসাধারণের মধ্যে সেই ভাবধারা প্রচার করতে লাগলেন। তিনি যেখানেই যান সেখানেই উদাত্ত কণ্ঠে ঘোষণা করেন — “রাজপ্রস্তর এখনও নিচিহ্ন হয়নি / পুকুরে জলের উৎস শুকিয়ে যায় নি / তোমরা রাজ্য গড় / রাজ্য গড়।”

কাছাড়ের উদ্দেশ্যে রওয়ানা হয়ে শম্ভুধন মাইবাং থেকে গুনজুং হয়ে প্রথমে কাছাড় ও উত্তর কাছাড়ের সীমান্তবর্তী গ্রাম হারাদ্জাও-এ আসেন। উল্লেখ্য যে, বর্তমান হারাদ্জাও রেল স্টেশনের পাশ দিয়ে এক দুর্গম পাহাড়ী পথ ছিল গুনজুং হয়ে মাইবাং পর্যন্ত; এই পথের ধ্বংসাবশেষ এখনও বর্তমান। হারাদ্জাও-এ এসে শম্ভুধন শিববাড়িতে আশ্রয় নেন। এখানে কয়েকদিন কাটিয়ে তিনি ডিমাসা রাজা তাম্রধ্বজ নারায়ণের

স্মৃতি বিজরিত হাওয়ারমা (গড়ের ভিতর) গ্রামের লারাংসা (হারাং) নদীর তীরবর্তী ভৈরববাড়ি ও করকরি গ্রামের কালীবাড়ি হয়ে বদরপুরের সিদ্ধেশ্বর শিবের পবিত্র ভূমিতে গিয়ে পৌঁছেন। এরপর শেষ ডিমা সা রাজা গোবিন্দচন্দ্রধ্বজ নারায়ণের প্রতিষ্ঠিত হাইলাকান্দির কালীবাড়িতে গিয়ে যোগাযোগ করেন উজির ডিব্রাগেডের সঙ্গে; তিনি ছিলেন রাজার সেনাবাহিনীর একজন সেনাপতি। হাইলাকান্দির সম্মিহিত কাঞ্চনপুর গ্রামের খুনাং (গাঁওবুড়া) গাভাও কেম্প্রাই তখনই শম্ভুধনের আহ্বানে অনুপ্রাণিত হয়ে তাঁর অনুগামী হয়েছিলেন। শম্ভুধন তাঁর বিরামহীন মন্দির পরিক্রমায় পরবর্তী যে মন্দিরে গিয়েছিলেন সেটি হল বর্তমান শিবটিলা বা চাঙ্গুটিলা নামে পরিচিত সোনাই-এর চন্দ্রগিরির শিব মন্দির।^১ রাজা কৃষ্ণচন্দ্রের আদেশে সচিব জয়সিংহ বর্মণ (বর্মা, সোংফং-ডিব্রাগেডে) মন্দিরটি প্রতিষ্ঠা করেছিলেন ১৭০৯ শকাব্দের (১৭৮৭ খ্রিঃ) কার্তিক মাসে শুক্র পক্ষের দ্বিতীয়া তিথিতে।^২ এরপর শম্ভুধন ধলাই অঞ্চলের সদাগ্রামের কালীবাড়ি দর্শন করেন। তিনি ধলাই-এ কিছুদিন অবস্থান কালে রুক্মী নদীর তীরে একটি স্নানঘাট নির্মাণ করেছিলেন। এই ঘাটটি শম্ভুধনের শিবস্নানঘাট নামে পরিচিতি লাভ করেছিল। এছাড়া তিনি সদাগ্রামের পূর্বে একটি মন্দির নির্মাণ করে সেখানে মহাদেব প্রতিষ্ঠা করেছিলেন। এই সূত্রেই পরবর্তীকালে স্থানটি মহাদেবপুর নামে পরিচিত হয়।^৩

কিন্তু একই স্থানে অবস্থান করেতো বিপ্লব সংগঠিত করা সম্ভব নয়। এছাড়া তৎপর ইংরেজ গুপ্তচরদেরও নজর এড়িয়ে চলতে হবে। তাই আবার স্থান পরিবর্তন। শম্ভুধনের পরবর্তী ঠিকানা হল সুপ্রাচীন শৈবতীর্থ ভুবন পাহাড়ের পাদমূলেস্থিত দর্মিখাল গ্রাম। এখানে অবস্থানকালে তিনি ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে সংগ্রামের জন্য অনুগতদের দ্বারা সংগৃহীত লৌহখণ্ড দিয়ে যুদ্ধাস্ত্র তৈরি করেছিলেন। এই অস্ত্রের মধ্যে প্রধানত ছিল অসি, ভল্ল ও তীর ইত্যাদি। লোকশ্রুতি এই যে, তিনি সেখানে একটি পুকুরও খনন করেছিলেন এবং সেই জলাধারে নির্মিত অস্ত্র এবং সংগৃহীত লৌহখণ্ডগুলো লুকিয়ে রাখতেন। তবে দর্মিখাল গ্রামেও দীর্ঘদিন বাস করা অসমীচীন বিবেচনায় শম্ভুধন একদিন মোটামুটি সাত মাইল দূরবর্তী শৈল তীর্থ ভুবন পরিভ্রমণে যান। সেখানে গোপন শিবির তৈরি করা ছিল তাঁর অভিপ্রায়। ভুবনতীর্থ যাত্রায় বহু অনুগামী তাঁর সহযাত্রী ছিলেন। এদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন কাছাড়ের ভবানন্দ, জয়নাথ, ডাংপ্রাংফা, তুলারাম, কর্ণমুণি, গাভাও কেম্প্রাই এবং পুরাতন সহযোগী মানসিং, মলংঠং, ডেসাইন্ কেম্প্রাই প্রমুখ।^৪

ভুবনতীর্থের প্রাচীন স্থাপত্য নিদর্শন, পর্বতশীর্ষে মন্দির, জলাশয় এবং বিশেষত দুর্গম পথ ও অগম্য গুহা গোপন শিবির স্থাপনের জন্য ছিল আদর্শ স্থান। তীর্থ দর্শন করে অভিভূত শম্ভুধন তাই দেবাদিদেব শিবের উদ্দেশ্যে প্রণতি জানিয়ে সেখানেই তাঁর

গোপন শিবির স্থাপন করার সিদ্ধান্ত নেন। এ সম্পর্কিত জনশ্রুতি এই যে, ভুবনতীর্থে অবস্থানকালে শম্ভুধন সেখানে স্বহস্তে অসি দিয়ে একটি প্রস্তর খণ্ডকে শিবলিঙ্গ রূপান্তরিত করে সেই লিঙ্গ প্রতিষ্ঠা করেছিলেন। প্রতিষ্ঠিত শিবলিঙ্গ গাত্রে একটি এক পয়সার তাম্রমুদ্রা প্রতিস্থাপন করে তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে সেখানে প্রচুর পয়সার ফল ধরবে। অন্য এক ভাষ্য অনুযায়ী তিনি শিব মন্দিরের চার কোণে চারটি মুদ্রা পুঁতে এই ভবিষ্যদ্বাণীটি করেছিলেন। এছাড়া সেখানে তিনি একটি তুলসী গাছও রোপন করেন বলে কথিত।^{১০} ভুবন পাহাড় ও দুর্বাঘাস সম্পর্কে শম্ভুধনের আরেকটি ভবিষ্যদ্বাণীর কথা শুনা যায়। তিনি নাকি বলেছিলেন, যখন ভুবন পর্বত শীর্ষের মন্দির প্রাপ্তনে তথা ভুবন পাহাড়ে দুর্বাঘাস জন্মাবে তখন বরাক নদীর দক্ষিণপারে বসবাসকারী ডিমাসাদের জীবনে নেমে আসবে দুর্দিন।

ভুবনতীর্থে অবস্থান কালে শম্ভুধন ডিমাসা রাজ্যের প্রাচীন রাজধানী খাসপুর গিয়েছিলেন। খাসপুরের পার্শ্ববর্তী অঞ্চলের নাম ঠালীগ্রাম। ঠালীগ্রাম থেকে মোটামুটি ১০ কিলোমিটার উত্তরে একটি ছোট গ্রামের তৎকালীন নাম ছিল তাপ্লা। জনপদটির বর্তমান নাম চলিতাছড়া। তাপ্লা থেকে হারাঙ্গাজাও যাবার একটি পাহাড়ী পথ ছিল। যাতায়াতে সময় লাগত ১০/১২ ঘণ্টা। শম্ভুধন তাপ্লা গ্রামে গিয়ে উপলব্ধি করলেন এসব অঞ্চলে শিবির স্থাপন করলে উত্তর কাছাড়ের সঙ্গে যোগাযোগ সহজতর হবে। তাই তিনি ভুবন পাহাড় থেকে সরে এসে খাসপুরের কাছাকাছি ইগ্রালিং এ নূতন শিবির গড়ে তুললেন। এর পূর্বে তিনি সন্নিহিত গ্রাম খিল-এ (সমালামতপুর ২য়ঃ খণ্ড) কিছুদিন অবস্থান করেছিলেন বলে শোনা যায়। ইগ্রালিং এর বর্তমান নাম উত্তর নারাইনপুর। ইগ্রালিং এর অবস্থান নানা কারণেই শম্ভুধনের পক্ষে সুবিধাজনক ছিল। ইগ্রালিং এর পূর্বে কয়েক কিলোমিটার দূরে রয়েছে ডিমাসাদের সর্ববৃহৎ গ্রাম জয়পুর। জয়পুর একটি ঐতিহাসিক স্থান। কৃষ্ণচন্দ্র মহারাজার মন্ত্রী জয়সিংহ বর্মণ অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি সময়ে গ্রামটি প্রতিষ্ঠা করেছিলেন বলে শোনা যায়। জয়সিংহ-এর নামানুসারে গ্রামটির নাম হয়েছে জয়পুর। জয়সিংহ এখানে একটি শিব মন্দিরও নির্মাণ করেছিলেন। যাইহোক, ইগ্রালিং-এ শিবির স্থানান্তরিত করার পর শম্ভুধনের কর্মপ্রয়াসে নতুন গতি সংগঠিত হয়। ইতিমধ্যে তাঁর সংগ্রামে সামিল হবার অভিপ্রায়ে নাসাইডিও কন্যা ডুরিডিকে সঙ্গে নিয়ে ইগ্রালিং গ্রামে এসে স্বামীর সঙ্গে মিলিত হন। এদিকে মুখ্য উপদেষ্টা মানসিংকে পাঠানো হয়েছে ত্রিপুরায়। উদ্দেশ্য — বৃহত্তর কাছাড়ী গোষ্ঠীর টিপ্সাসা (ককবরক)দের সঙ্গে যোগাযোগ করে তাদের সহায়তা কামনা করা।^{১১}

কিন্তু ততোদিনে গুপ্তচর মারফত শম্ভুধনের আগমন এবং তাঁর কর্ম প্রচেষ্টার সংবাদ কাছাড়ের জেলা প্রশাসনের কাছে পৌঁছে গিয়েছিল। শম্ভুধনও তাঁর সংবাদ সংগ্রহের জন্য তৎপর গুপ্তচরদের সম্পর্কে সচেতন ছিলেন। তাই ইগ্রালিং গ্রামের কুটিরে

বসবাস করা বা ঘন ঘন যাওয়া আসা বিপজ্জনক হতে পারে ভেবে কবাচিৎ স্ত্রী নাসাইতি ও কন্যা ভূবিভির সঙ্গে মিলিত হবার জন্য আনতেন। এভাবেই একদিন হঠাৎ ইখ্রালি-এর কুটিরে এসে উপস্থিত হন শম্ভুধন। স্ত্রী ও কন্যাকে বেধে, তাদের সঙ্গে কিছু সময় কাটিয়ে আবার চলে যাবেন গোপন শিবিরে অথবা অন্য কোনও গ্রামে বিপ্লবের বার্তা পৌঁছে দিতে।

কিন্তু অন্যান্যবারের মতো এবার আর সহজে কিরে বেতে পারলেন না শম্ভুধন। তিনি যখন নিশ্চিন্ত চিত্তে ঘুমিয়ে আছেন তখন ভোরবেলা বৃটিশ পুনিশ বাহিনী তাঁর কুটিরটি ঘেরাও করে ফেলল। গুপ্তচরদের কাছ থেকে সংবাদ পেয়ে আগে ভাগেই তারা নির্দিষ্ট কুটিরটি চিহ্নিত করে রেখেছিল। শোনা যায়, গোপন আস্তানায় চলে যাবার সময় আসন্ন দেখে শম্ভুধন তখন স্ত্রীর অনুরোধে ভাত বেতে বসেছিলেন। তাই পুনিশ বাহিনী যে তাঁর বাড়ি ঘিরে ফেলেছে তা তিনি ভালো রকমই বুঝতে পেরেছিলেন। তৎক্ষণাৎ খাবার ফেলে তিনি উঠে দাঁড়িয়ে অস্ত্রের সন্ধান করতে লাগলেন। কিন্তু আশ্চর্য হয়ে লক্ষ্য করলেন অস্ত্রতো দূরে থাক দৈনন্দিন ব্যবহারের দা-টি পর্যন্ত ঘরে নেই। তিনি বুঝতে পারলেন এক গভীর চক্রান্তের জালে তিনি আটকা পড়ে গেছেন। শোনা যায়, চক্রান্তকারীদের দলে এক মহিলাও ছিলেন। তিনি শম্ভুধনের স্ত্রী নাসাইতির সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক গড়ে তুলেছিলেন। নিয়মিত তিনি নাসাইতির বাড়িতে আসা যাওয়া করতেন, সুখ-দুঃখের সংবাদ নিতেন। এভাবেই বিশ্বাস উৎপন্ন করে তিনি শম্ভুধনের সংবাদ সংগ্রহ করতেন। তিনিই নাকি সব অস্ত্র-শস্ত্র সরিয়ে রেখেছিলেন।

বিশ্বাসঘাতকতার পরিণতিতে পুনিশ বেষ্টিত হওয়ার পর নিরস্ত্র শম্ভুধন কিন্তু ভেঙ্গে পড়লেন না। বরং বিপদ থেকে রক্ষা পাওয়ার জন্য প্রত্যাশমতি শম্ভুধন মুহূর্তেই ভেঙ্গে ফেললেন উনুন। উনুনের অভ্যন্তরে পেয়ে গেলেন মরচে ধরা দা। কারণ পুরনো অব্যবহৃত দা উনুন তৈরিতে ব্যবহৃত হত। সেই ছোট্ট দাটি নিয়ে নিতীক শম্ভুধন মুহূর্তে কুটির থেকে বেরিয়ে দ্রুত গতিতে সশস্ত্র পুনিশ বাহিনীর বেষ্টিনী ছিন্ন করে দ্রুত দৌড়তে শুরু করলেন। এত দ্রুত ঘটনাটি সংঘটিত হয়েছিল যে হতচকিত পুনিশ বাহিনী বন্দুক থেকে গুলি চালানোর সুযোগ পায়নি। শম্ভুধন দ্রুত পুনিশের নাগালের বাইরে কুটিরের সম্মিহিত জঙ্গলে পৌঁছে বেতে সক্ষম হলেন। কিন্তু লতা গুল্মে অচ্ছাদিত ঘন জঙ্গল। ছোট্ট মরচে ধরা দা দিয়ে পথ পরিষ্কার করে এগোতে হচ্ছিল। হঠাৎ দূর্ভাগ্য ক্রমে পায়ে জড়িয়ে পড়ে বনজ লতা। ভোঁতা দা দিয়ে তাও কেটে ফেললেন। কিন্তু একটু দেরি হয়ে গেল। এই সুযোগে পেছনে যাওয়া করে আসা এক গোষ্ঠী পুনিশ শম্ভুধনের দিকে কুকরী (kind of dagger) ছুঁড়ে দেয়। নিকিণ্ড কুকরী প্রায় সঠিক নিশানায় শম্ভুধনের ডান পায়ে জোরালো আঘাত হানে। শম্ভুধন দৌড়ানোর ক্ষমতা হারিয়ে মাটিতে লুটিয়ে পড়েন। এবং ইংরেজ বাহিনী সহজেই শম্ভুধনকে

কাবু করে ফেলে। তাঁকে গ্রেপ্তার করা হয়। ইতিমধ্যে অবিরাম রক্তপাতের ফলে শম্ভুধন অবসন্ন হয়ে পড়েন। পুলিশ দল শম্ভুধনকে নিয়ে আসার জন্য ছোট ছোট গাছ কেটে একটি স্ট্রচার তৈরি করে। সেই স্ট্রচারে শুইয়ে লতা দিয়ে বেঁধে তাঁকে নিয়ে শিলচরের উদ্দেশ্যে রওয়ানা হয় পুলিশ বাহিনী। কিন্তু ততক্ষণে আরও সময় অতিবাহিত হয়ে গেছে। শম্ভুধনের শরীর থেকে অবিরাম রক্তপাত হচ্ছে। শরীর আরও অবসন্ন হয়ে পড়ল। তৃষ্ণার্ত শম্ভুধন জল পান করতে চাইলেন। অদূরবর্তী একটি ঝরণার পাশে স্ট্রচারটি মাটিতে রাখা হল। কিন্তু জল পান করার আগেই ইগ্রালিং-এর পার্শ্ববর্তী কোন এক ঝরণার পাশে ১৮৮৩ খ্রিস্টাব্দে ১২ ফেব্রুয়ারি দেশমাতৃকার এই বীর সন্তান মৃত্যুর কোলে ঢলে পড়লেন। দেশকে স্বাধীন করার স্বপ্ন অধরা থেকে গেল।

নিহত শম্ভুধনের দেহ কাছাড় জেলার সদর শিলচর নিয়ে আসা হয়। কিন্তু মৃতদেহ সনাক্ত করার ক্ষেত্রে এক সমস্যার সৃষ্টি হয়। কারণ শম্ভুধনের নিকট আত্মীয় কেউই আশে পাশে ছিলেন না। তাই পুলিশ আবার ইগ্রালিং-এ গিয়ে শম্ভুধনের স্ত্রী নাসাইডি়র খোঁজ করে। কিন্তু সেই ভয়াবহ ঘটনার পর নাসাইডি়ি কন্যা ডুরিডি সহ নিরুদ্দেশ হয়ে গিয়েছিলেন। কেউই তাঁদের সন্ধান দিতে পারল না। তাই উত্তর কাছাড় থেকে নিয়ে আসা হয় শম্ভুধনের মা খাঠাইডিকে। তিনি পুলিশের সঙ্গে দীর্ঘ ও দুর্গম পাহাড়ী পথ পায়ে হেঁটে শিলচরে এসে পৌঁছার সঙ্গে সঙ্গেই ছুটে যান পুত্রের শব দেহের পাশে। বীরমাতা খাঠাইডি শম্ভুধনের পচন ধরা মৃত দেহ সনাক্ত করেন শৈশবে জুম ক্ষেতে বাম উরু অগ্নিদগ্ধ হওয়ার চিহ্ন দেখে। এরপর শিলচরেই কোন একটি স্থানে শম্ভুধনের মৃতদেহ দাহ করা হয় বলে কথিত।

অন্যদিকে মুখ্য পরামর্শদাতা তথা জাঠাই মানসিংকে পুলিশ ত্রিপুরায় গ্রেপ্তার করে। শিলচরে আনার পর বিচারে তাঁকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। শিলচর জেলে অন্তরীণ থাকার সময় তিনি ইংরেজের কোন খাদ্য গ্রহণ করবেন না বলে সিদ্ধান্ত নিয়ে স্বেচ্ছামৃত্যু বরণ করেন।

শম্ভুধন ও মানসিং-এর মৃত্যুর পর ইংরেজ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে ডিমাসাদের সংগ্রামের এই অধ্যায়ের শোকাবহ পরিসমাপ্তি ঘটে। যে উদ্দেশ্য নিয়ে শম্ভুধন ও তাঁর সহযোগীরা সংগ্রাম শুরু করেছিলেন তা সফল হয়নি। কিন্তু তাঁরা যে বিদ্রোহের বহিঃপ্রজ্জ্বলিত করেছিলেন বহু পরে ১৯৪৭ খ্রিস্টাব্দের ১৫ আগস্ট তা সার্থকতায় মণ্ডিত হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্যে শম্ভুধন ফংলোর মত বীর পুরুষদের অবদান ডিমাসা জাতি তথা আপামর ভারতবাসী চিরকাল মনে রাখবে। শম্ভুধন আমাদের মধ্যে নেই — কিন্তু লোকমুখে প্রজন্মবাহিত হয়ে তাঁর বীরত্ব গাথা আজও কথিত হচ্ছে ডিমাসাদের ঘরে ঘরে।

উল্লেখপঞ্জি :-

- ১। Uttam Chand Barman; Shahid Vir Sombhudhan Fonglo, Silchar, 1989, pp-14-15।
- ২। উত্তম চাঁদ বর্মণ, চন্দ্রগিরি (সোনাই শিবটিলা), রাণী ইন্দুপ্রভা রোড, তারাপুর, শিলচর, ৭৮৮০০৮, ২০০৮, পৃ: ১৯-২০।
- ৩। Uttam Chand Barman; Opcit, p-15।
- ৪। Idid, p-15।
- ৫। Idid, p-16।
খীমঠরী বর্মণ (ওরফে বিশ্বজ্যোতি বর্মণ); বীর শম্ভুধন, আমাদের সমকাল, গণতান্ত্রিক লেখক সংস্থা (কাছাড়)-এর মুখপত্র, অক্টোবর, ১৯৮১ খ্রিঃ, পৃঃ ৭৫-৭৬।
- ৬। Biswajyoti Barman; The Life and Struggle of Shambhudhan, An unpublished work submitted to the Political Science Department of Assam University, Silchar during 1999।
- ৭। Uttam Chand Barman; Opcit, pp-18-20।
J.B. Bhattacharjee; Cachar under British Rule in North East India, New Delhi, 1977, p-248
Biswajyoti Barman, Opcit।
- ৮। C.A. Soppit; A Historical and Descriptive Account of Kachari Tribe in North Cachar Hills, Shillong, 1885, p-15।

উপসংহার

বিপ্লবী শম্ভুধন ও তাঁর অনুগামীরা ডিমাসাদের হৃদয়ে উচ্চাসনে অধিষ্ঠিত। তাঁদের সংগ্রাম ভারতবর্ষের স্বাধীনতার সংগ্রামেরই এক গৌরবময় অধ্যায়। যে উদ্দেশ্য নিয়ে শম্ভুধন এই সংগ্রামে ব্রতী হয়েছিলেন তাঁর জীবৎকালে সেই স্বপ্ন সফল হয়নি। কিন্তু এই ব্যর্থতা কোনভাবেই তাঁদের তেজস্বীতা, অদম্য সাহস ও মাতৃভূমিকে মুক্ত করার অদম্য স্পৃহাকে হেয় করতে পারে না কারণ তাঁদের স্বদেশ প্রেম ছিল নিখাদ। পণ্ডিত গণ ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে শম্ভুধন সহ বিভিন্ন জনজাতি নেতাদের মুক্তি আন্দোলনের স্বরূপ উদ্ঘাটনের প্রচেষ্টা করেছেন। যদিও শম্ভুধনের নেতৃত্বে এই অভ্যুত্থান দীর্ঘস্থায়ী ছিল না, তবুও এটি ছিল — নূতনের বিরুদ্ধে পুরাতনকে প্রতিষ্ঠিত রাখার সংগ্রাম এবং এতে নূতন বিজয়ী হয় বলে মন্তব্য করেছেন Frederik Downs। ডিমাসাদের মত যোদ্ধা জনগোষ্ঠী সম্পর্কে তাঁর ‘The defeat at arms’ (অস্ত্রে পরাভূত) কথা গুলি তাৎপর্যপূর্ণ।

“Messianic leaders like Sambhudhan of North Cachar Hills and Jadunang of Manipur sent large number of their followers to death against British arms by assuring them that magic spells would dissolve the bullets. The old magic was impotent against the new reality. Hence the preservation of a distinctive identity was not so much a matter of preserving the old ways as it was a matter of maintaining mastery in their own house, control of their own destiny”

এ.আর.এন, শ্রীবাস্তবের মতে জনজাতীয় ভাবধারায় স্বাধীনতার অর্থ হল — বিদেশি বা অন্য কোন সংস্কৃতির প্রভাব থেকে মুক্ত থাকা অথবা শাসকের কাছ থেকে কিছু রেহাই-এর দাবি আদায় এবং ভূমি ও অরণ্যের ক্ষেত্রে পরম্পরাগত অধিকারের পুনরুদ্ধার। তিনি আরও বলেছেন, জনজাতীয়বোধে স্বাধীনতা বলতে নৃগোষ্ঠীগত স্বাভাবিক বা সাংস্কৃতিক পরিচিতি অক্ষত থাকা বুঝায়। জাতীয়তাবোধ সম্পন্ন স্বাধীনতা সংগ্রামের সঙ্গে একে সম্পৃক্ত করার আবশ্যিকতা নেই।*

শ্রীবাস্তবের মন্তব্যের প্রেক্ষিতে আমাদের বক্তব্য হল, যখন শম্ভুধনের মত জনজাতীয় সংগ্রামী মুক্তির জন্য লড়াই করেছিলেন তখনও জাতীয় চেতনা বলতে এখন আমরা যা বুঝি সেই অর্থও ভারতীয় চেতনার উন্মেষ ঘটেনি। এছাড়া ভারতের স্বাধীনতা সংগ্রামের সূচনায়ও জাতীয় নেতারা আংশিক স্বাধীনতা, স্বায়ত্ব-শাসন ইত্যাদির জন্য প্রয়াস চালিয়েছিলেন। পূর্ণ স্বাধীনতা বা পূর্ণ স্বরাজের দাবি উত্থাপিত হয়েছিল অনেক পরে। ইংরেজ আগমনের পূর্ব পর্যন্ত সাংস্কৃতিক ঐক্যসূত্রে গ্রথিত থাকলেও

রাজনৈতিক দিক দিয়ে ভারতবর্ষ ছিল বিভিন্ন রাজ্যে বিভক্ত। বিদেশি শাসক বর্গের বিরুদ্ধে ব্যক্তি, সমষ্টি, জাতিগোষ্ঠী বা আঞ্চলিক অভ্যুত্থানের প্রাথমিক রূপটি অভিন্ন; কারণ প্রাথমিক ভাবে তা জীবন-জীবিকা ও সাংস্কৃতিক স্বাভাবিকতার উপরই প্রতিষ্ঠিত ছিল। ভারতের স্বাধীনতা সংগ্রামের প্রথম অধ্যায় সিপাহি বিদ্রোহের প্রাথমিক প্রতিক্রিয়াও সিপাহীদের ধর্মীয় চেতনা প্রসূত ছিল। এ প্রসঙ্গে দক্ষিণ আফ্রিকায় মহাত্মা গান্ধীর বর্ণবৈষম্য বিরোধী আন্দোলন, বঙ্গদেশে নীল চাষীদের বিদ্রোহ ইত্যাদির উল্লেখ করা যেতে পারে। জাতীয় স্তরে স্বাধীনতা সংগ্রাম সংগঠিত হওয়ার অনেক পূর্বে উত্তর পূর্বাঞ্চলের মেঘালয়ের তিরত সিং (১৮২৯ খ্রিঃ), জেলিয়াংরং-এর গুইবাঁরীয়াং (১৮৬০ খ্রিঃ) ও আসামের উত্তর কাছাড় পার্বত্য অঞ্চলের শম্ভুধন ফংলো (১৮৮২ খ্রিঃ) ঔপনিবেশিক শাসন বিরোধী সংগ্রামে নেতৃত্বদান করেছিলেন। এইসব সংগ্রাম আঞ্চলিক স্তরে সংগঠিত হলেও পরবর্তীকালে এই সংগ্রামী চেতনার ভিত্তি ভূমিতেই ইংরেজ বিরোধী অঞ্চল ভারতীয় চেতনার উন্মেষ ঘটেছিল। উপরন্তু, জনজাতীয়দের সংগ্রাম শুধু আংশিক স্বাধীনতা বা পরম্পরা রক্ষার জন্যই ছিল না বরং বিদেশি শাসক থেকে স্ব স্ব মাতৃভূমির পূর্ণ মুক্তিই ছিল তাঁদের সংগ্রামের মূল লক্ষ্য। তাঁরা বিচ্ছিন্নভাবে নিজ নিজ অঞ্চলের মুক্তির জন্য সংগ্রাম করলেও ঐ সব অঞ্চল যেহেতু আমাদের মহান দেশ ভারতবর্ষের অবিচ্ছেদ্য অঙ্গ, তাই তাঁদের প্রত্যেককেই দ্বিধাহীনভাবে জাতীয় স্বাধীনতা সংগ্রামের সেনানী হিসেবে অভিহিত করা যায়।

অবশ্য জনজাতীয় বিপ্লবীর স্বাধীনতা আন্দোলনের স্বরূপ সম্পর্কে কিছু বিতর্ক থাকলেও ঐতিহাসিকরা এ সম্পর্কে এক মত যে, ইংরেজ প্রশাসন শম্ভুধনের সংগ্রামের মধ্যে পরবর্তীকালে বৃহৎ আন্দোলন গড়ে উঠার বীজ নিহিত বলে আভাষ পেয়েছিল। তাই গুনজুং ও মাইবাং সংঘর্ষকে 'minor insurrection' বলে উল্লেখ করলেও আগামীতে যাতে পুনরায় এ ধরনের আন্দোলন গড়ে উঠতে না পারে এ সম্পর্কে প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছিল। ইতিহাসবিদ এস, কে, বরপুজারীর মতে —

“Samhudhan sacrificed his life for the cause of his people and the British saw in these development a great threat to their existence and became determined to take effective steps to prevent recurrence of such a movement of the hill people to fight for their own liberation to preserve their identity which might shake the very foundation of British hold in the Hills.”

তাই উত্তর কাছাড়ের ঔপনিবেশিক প্রশাসনকে অধিকতর সবল করার উদ্দেশ্যে নিরাপত্তা ব্যবস্থায় আমূল পরিবর্তন করা হয়। কুকি মিলিশিয়ার বদলে সুরমা ড্যালি

ফ্রন্টিয়ার পুলিশকে পুনরায় নিয়োগ করা হয়। এছাড়াও প্রশাসন আরও কয়েকটি ব্যবস্থা গ্রহণ করে। যেমন গৃহকরের পরিবর্তে প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ব্যক্তির উপর বসানো হয় 'দাও ট্যাক্স'।^{১৩} এতে পাহাড়ের দৈনন্দিন জীবনে প্রতি মুহূর্তে অপরিহার্য 'দাও' নিয়ে চলাফেরা করা বাধাপ্রাপ্ত হয়েছিল। পাহাড়ে জঙ্গলে শুধু জীবিকার জন্যেই যে দাও অপরিহার্য তা নয়, নিরাপত্তার জন্যেও এর প্রয়োজনীয়তা ছিল। তাই দাও নিয়ে চলাফেরা করা ছিল পাহাড় ও অরণ্যবাসীদের জন্মগত অধিকার। ইংরেজ প্রশাসন সেই দাও ব্যবহারে বাধা আরোপ করে তাদের নিরাপত্তা ও জীবিকার অধিকারের উপর হস্তক্ষেপ করে সুকৌশলে তাদের নিয়ন্ত্রণ করার পরিকল্পনা গ্রহণ করেছিল।

অনেকের মতে, শম্ভুধনের আন্দোলনের প্রেক্ষিতে প্রশাসন পার্বত্য অঞ্চলের অধিবাসীদের সংগ্রামী চেতনাকে পঙ্গু করার উদ্দেশ্যে আফিমের ব্যবহার বিধি সম্পর্কে এক সুদূর প্রসারী পদক্ষেপ গ্রহণ করে। নূতন নীতি নির্ধারণ করে আফিংকে সরকারি নিয়ন্ত্রণধীনে আনা হয়। আফিম সরবরাহ প্রতিরোধ ও নিয়ন্ত্রণই গৃহীত সরকারি নীতির লক্ষ্য বলে প্রকাশ্যে ঘোষণা করা হলেও এর পেছনে যে এক গুঢ় অভিসন্ধি ছিল তা সরকারি নিয়ন্ত্রণে আফিম সরবরাহ বৃদ্ধির পরিসংখ্যানেই প্রমাণিত হয়। আফিম-এর নেশা পার্বত্য জনজীবনকে কি হারে গ্রাস করেছিল এই চিত্র সরকারি পরিসংখ্যানেই পরিস্ফুট। ১৯০০-১৯০১ খ্রিঃ আর্থিক বছরে মাত্র ৪০,৮১২ জন মানুষ বসবাসকারী উত্তর কাছাড় পার্বত্য মহকুমায় আফিম সরবরাহ করা হয়েছিল ২৮ (আটাশ) মন। বিপরীতে প্রায় চার লক্ষ জনসংখ্যার সমতল কাছাড়ের জন্য সরবরাহ করা হয়েছিল ২১ (একুশ) মন।^{১৪} বিশিষ্ট ঐতিহাসিক নলিনীন্দ্র কুমার বর্মণের মতে, আণ্ডেয়াস্ত্রের চেয়েও শক্তিশালী ও কার্যকর আফিমকে ইংরেজরা আসামে বিশেষত কাছাড়ে যথেষ্টভাবে ব্যবহার করেছিল যা জনজাতি লোকদের বিশেষত ডিমাসাদের আর্থসামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে প্রায় ক্রীতদাসে পরিণত করেছিল।^{১৫} তবে আফিম-এর নেশায় ডিমাসাদের থেকেও বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল বর্তমানে কার্বি বলে পরিচিত মিকির জনগোষ্ঠী। এক সময় তাদেরকে অহিফেনসেবী জনগোষ্ঠী হিসেবে অভিহিত করা হত।^{১৬} এভাবেই অস্ত্রের দ্বারা যা সম্ভব হয় নি, আফিং-এর দ্বারা তা সম্ভব হয়েছিল।

শম্ভুধনের অভ্যুত্থানের পরিপ্রেক্ষিতে আসামের চিফ কমিশনার চার্লস ইলিয়ট শিলং থেকে সপার্বদ গুনজুং-এ গিয়েছিলেন সরেজমিন তদন্তের জন্য। ১৮৮২ খ্রিস্টাব্দের শীতকালে তাঁরা ঘোড়ায় চড়ে গুনজুং সফরে যান। সরেজমিন তদন্তের পর চিফ কমিশনার যে সুপারিশগুলি করেছিলেন তাতে শুধু উপনিবেশিক শাসনকে অধিকতর সবল করার বিষয়টি প্রাধান্য পেয়েছিল। ডিমাসাদের আর্থ-সামাজিক বা মানসিক উন্নতি বিষয়ে বিশেষ আগ্রহী ছিলেন না।^{১৭}

কিন্তু শম্ভুধনের বিপ্লবের প্রেক্ষিতে ঔপনিবেশিক শাসকদের তাৎক্ষণিক বিরূপ প্রতিক্রিয়ার ফলস্বরূপ জনজীবনে শুধুই কি প্রত্যাঘাত এসেছে? এই বিপ্লবের কি কোন প্রত্যক্ষ সুফল ছিল না? এ প্রশ্নে বিশিষ্ট ঐতিহাসিক এস, কে, বরপূজারীর অভিমতটি তাৎপর্যপূর্ণ। তাঁর মতে, যদিও শম্ভুধনের মৃত্যুর পরই প্রবল প্রতাপশালী বিদেশি শাসকদের তৎপরতায় এই আন্দোলন স্তব্ধ হয়ে যায় তবু এই আত্মবলিদানকে কোনভাবেই ব্যর্থ আখ্যা দেওয়া যায় না, কেননা পরবর্তীকালে দূর দূরান্তের গ্রাম পর্যন্ত এই আন্দোলনের অনুরনন প্রতিধ্বনিত হয়েছিল।^{১৯} বিশিষ্ট সাংবাদিক অমিত কুমার নাগের অভিমত হল, তান্ত্রিকাচার বা যাদুবিদ্যা সমন্বিত ধর্মীয় বিশ্বাস যেমন শম্ভুধনের বিদ্রোহের ভিত্তি ছিল তেমনি বর্তমানে জেলিয়াংরং জনগোষ্ঠী হিসেবে পরিচিত যাদুনাং ও গুইর্দিংলিউর আন্দোলনের পটভূমি ছিল একই রকম। তাঁর মতে এটা বাস্তব ঘটনা যে, ইংরেজ শাসকরা শম্ভুধনের আন্দোলনকে 'contemptible in its origin, but lamentable in its conclusion' বলে বর্ণনা করলেও ডিমাসা বীর শম্ভুধন ফংলো ও তাঁর অনুগামী দেশভক্ত-যোদ্ধারা মাতৃভূমির পরাধীনতা মোচনের লক্ষ্যে মৃত্যু ভয়ে সামান্যতমও ভীত না হয়ে তাঁদের যে বীরোচিত ভূমিকা পালন করেছিলেন, এতে বিন্দুমাত্র সন্দেহ নেই।^{২০} তৃতীয়ত ভারতের অন্যান্য আদিবাসী অঞ্চলে যেভাবে মহাজনী বা জমিদারীর প্রথা বিস্তৃত হয়েছিল উত্তর কাছাড় সহ উত্তর পূর্বাঞ্চলে এরকম ব্যাপার ঘটেনি। চতুর্থত সমগ্র ঔপনিবেশিক শাসনকালে উত্তর কাছাড় সহ অন্যান্য অঞ্চলের ডিমাসারা নিজেদের ঐতিহ্য ও পরম্পরা থেকে বিচ্যুত হয়নি তথা ক্রীশ্চান মিশনারীদের প্রভাব থেকে নিজেদের মুক্ত রাখতে সক্ষম হয়েছিলেন। পঞ্চমত শম্ভুধনের আন্দোলনের প্রেক্ষিতে উত্তর কাছাড়ে প্রশাসনকে সবল করে তুলতে পুলিশ ও সেনাবাহিনীর শক্তি বৃদ্ধি করার ফলে জনজাতীয় গোষ্ঠীগুলির মধ্যে পারস্পরিক হানাহানি (Inter Tribal Feuds) কে অনেকাংশে প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছিল।

তবু উপসংহারের শেষাংশে আমরা এই অভিমত ব্যক্ত করতেই অধিক আগ্রহী যে, শম্ভুধনের সংগ্রামের কালসীমা, তাঁর ব্যর্থতা এবং এই সংগ্রামের প্রভাবের বিচারে একে মূল্যায়ন করা হয়তো সমীচীন হবে না। ইংরেজ শাসকের সমনের উত্তরে মানসিং-এর লেখা পত্র এবং বিদ্রোহ দমনে শিলচর থেকে জেলাধিপতির পর্যাপ্ত পুলিশ সেনা সহ মাইবাং আগমন এটা সন্দেহাতীতভাবে প্রমাণ করে যে শম্ভুধন ইংরেজের বিরুদ্ধে মুখোমুখি সংঘর্ষে অবতীর্ণ হবার জন্য সংকল্পবদ্ধ হয়েই প্রস্তুতি গ্রহণ করেছিলেন। তাঁদের কর্মকাণ্ডের মূল্যায়নের সময় একটা কথা মনে রাখতে হবে — কোন আধুনিক অস্ত্র-শস্ত্র তাদের ছিল না বা অন্য কারোর সহযোগীতাও তাঁরা পাননি। তাঁদের সম্বল ছিল নিষ্ঠা, একাগ্রতা ও সাহস। এই বাস্তব অবস্থার কথা মনে রেখে বীর শম্ভুধন ও তাঁর অনুগামী যোদ্ধাদের এই উদ্যোগের মূল্যায়ন করতে হবে। যদি এই বিশেষ প্রেক্ষাপটে

তাঁদের কর্মকাণ্ডকে বিচার করা হয়, তাহলে দেখা যাবে শত্রুধন ও তাঁর অনুগামীদের স্বদেশপ্রেম ও বীরত্ব আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামী যাঁরা প্রিয় দেশ মাতৃকার মুক্তির জন্যে নিজেদের অমূল্য প্রাণ উৎসর্গ করেছেন, তাঁদের স্বদেশপ্রেম ও বীরত্বের চেয়ে কোন অংশেই কম নয়। আমরা এটা আশা করতে পারি যে, শত্রুধনের মত জনজাতীয় সম্প্রদায়ভুক্ত স্বাধীনতা সংগ্রামীদের যথার্থ মর্যাদায় অভিষিক্ত করার আয়োজন হবে। ইতিহাসের এই অধ্যায় নিয়ে নূতন ভাবে চিন্তা চর্চা হবে। এই প্রত্যন্ত ভূমির বীর শহিদদের বীরত্ব গাথা স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের অন্তর্ভুক্ত হবে।

উল্লেখপত্র :

- ১। F.S. Downs; Christianity In North East India, Gauhati, 1983, p-192 (Vide History of the Dimasas, Haflong, 1977, p-117)।
- ২। A.R.N. Srivastava; Tribal Freedom Fighter of India, New Delhi, 1988 (Vide History of the Dimasas, p-117-118 ।
- ৩। S.K. Barpujari, (Ed); History of the Dimasas, Haflong, 1997, p-118।
- ৪। Ibid।
- ৫। B.C. Allen; Assam District Gazetters, Valume-I, Cachar; Calcutta, 1905, p-134।
- ৬। Nalinindra Kumar Barman; The Queens of Cachar or Herombo and the History of the Kachchhari (Second Edition), Borkola, Cachar, 1992, p-138।
- ৭। B.C. Allen, Opcit, p-133।
- ৮। S.K. Barpujari, (Ed); Opcit, p-119।
- ৯। Ibid।
- ১০। Amit Kumar Nag. Raniguidinliu, Gauhati, 1976, pp-46 (Vide History of the Dimasas, pp-119-120)।

শম্ভুধনের কয়েকজন সহযোগী

মলংঠং : শম্ভুধনের অনুগামী ও সহযোগী অধিনায়ক মলংঠং পরবর্তীকালে ইথালিং-এর সমিহিত এক ছোট টিলায় বসবাস করেছিলেন। প্রিয় নেতা শম্ভুধনের প্রতি শ্রদ্ধাবশত তিনি ছোট টিলার কুটিরেই আজীবন কাটিয়েছিলেন। সেই টিলা পরবর্তীকালে 'মলংঠং হাডিং' অর্থাৎ মলংঠং-এর টিলা হিসেবে পরিচিত হয়।*

ডেসাই কেম্প্রাই ও গাডাও কেম্প্রাই : সুপরিচিত কবিরাজ (Ayurvedic practitioner) ডেসাই কেম্প্রাই ও কাঞ্চনপুর গ্রামের গাঁওবুড়া (Headman) গাডাও কেম্প্রাই ধলাই-এর সদাগ্রামে শম্ভুধনের নির্মিত স্নান ঘাটের পাশে তাঁদের পরবর্তী জীবন অতিবাহিত করেন। ডেসাই বিভিন্ন ধরনের ঔষধি গাছপালা সদাগ্রামে নিয়ে গিয়েছিলেন। তিনি শম্ভুধনের নিবিড় সান্নিধ্যে থেকে বিভিন্ন ওষুধের গুণাগুণ ও চিকিৎসা সম্পর্কিত পর্যাণ্ড জ্ঞান আহরণ করেছিলেন। ফলে তিনি একজন অভিজ্ঞ কবিরাজ হিসেবে পরিচিতি লাভ করেছিলেন। ধলাই অঞ্চলের সদাগ্রামের বয়োবৃদ্ধদের স্মৃতিচারণে এখনও চিকিৎসক হিসেবে তাঁর সুখ্যাতির কথা উল্লিখিত হয়।*

রাধাচরণ হাগজের :- রাধাচরণ হাগজের ওরফে শিবারাই শম্ভুধনের সংগ্রামী দলের একজন বিশিষ্ট যোদ্ধা ছিলেন। তাঁর পিতার নাম নাইমা। নাইমার চার ছেলের মধ্যে রাধাচরণ দ্বিতীয়। তাঁর অন্য ভাইরা হলেন নাইল, ধনিরাম ও মালাই। গুনজুং ও মাইবাং সংঘর্ষের পর যখন ইংরেজ সেনারা তম্বাসী অভিযান শুরু করে তখন রাধাচরণ হাগজের ডিদান্ধা বানজু হালুর সমিহিত সাঁয়য়াডের পাহাড়ের একটি গুহায় এক সপ্তাহ আত্মগোপন করেছিলেন বলে কথিত। এই এক সপ্তাহ তিনি নাকি শুধু বাঁশের মধ্যস্থিত জলপান করেই কাটিয়েছিলেন। পরবর্তীকালে রাধাচরণের জীবনের সঙ্গেও জড়িয়ে পড়ে কিছু অলৌকিকতা। বিশিষ্ট প্রাবন্ধিক ও গ্রন্থকার নিরুপমা হাগজের রাধাচরণ সম্পর্কে মূল্যবান তথ্য প্রদান করেছেন তাঁর 'হাগজের চেংফঙ' গ্রন্থে। রাধাচরণ সম্পর্কিত তথ্যটি তিনি আহরণ করেছেন উত্তর কাছাড়ের মনডু গ্রামের মখন্ত হাগজের ও বাউজেন গ্রামের বিপিন হাগজেরের কাছ থেকে।

কথিত আছে যে, আত্মগোপন করে থাকাকালেই রাধাচরণ স্বপ্নে বা জাগরণে মিসিহজা (Master of Tiger) হবার অর্থাৎ ব্যাঘ্রকে বশীভূত করার মন্ত্রপ্রাপ্ত হন দেবতার কাছ থেকে। এছাড়া ওঝা হয়ে ঝাড়-ফুঁকের মতাদি সহ বিভিন্ন ঔষধও তাঁর

অধিগত হয়। এর পরই গ্রামবাসীদের দ্বারা তিনি 'শিবারাই' উপাধিতে ভূষিত হন। মিসিহজা হয়ে রাধাচরণ নাকি পাঁচটি বাঘের সঙ্গে নাওয়া-খাওয়া করতেন, বাঘের সঙ্গে বালুর উপর ঘুমোতেন এবং খেলাও করতেন নিশ্চিত। তাই তাঁর নির্দেশ ছিল, যদি তাঁর ঘরে যেতে হয় তাহলে যেন আগে তাঁকে জানানো হয়। শিবারাই মিসিহজা হবার পর থেকে ওয়ারী খেলের হাগজেরদের দ্বারা 'রায়সিয়া' (সম্ভবত বাঘের দেবতা) পূজার রীতি চালু হয়। রাধাচরণের পরবর্তী জীবন অতিবাহিত হয় উত্তর কাছাড়ের মাছর অঞ্চলের বাউজেন গ্রামে। তাঁর মৃত্যুর পর পুত্র-পৌত্রাদিক্রমে তাঁর বংশধরগণ মিসিহজা ও হজাই-এর দায়িত্ব সুচারু রূপে পালন করেছিলেন বলে কথিত।*

উল্লেখ্য যে, ভুবন পাহাড়ের গুহায় অবস্থানকালে শম্ভুধনেরও পালিত বাঘ ও সাপ ছিল বলে লোকশ্রুতি আছে। তাঁর কনিষ্ঠ ভ্রাতা হাইশোলং-এর পুত্র গঙ্গানগর গ্রামের বাসিন্দা অন্নদাচরণ বর্মণ একথা পিতা হাইশোলং-এর কাছ থেকে অবগত হন। শম্ভুধনের মৃত্যুর কয়েক বছর পর তিনি যখন কয়েকজন শ্রমিক সহ ভুবন পাহাড়ে গিয়েছিলেন তখন নাকি উক্ত গুহায় অনুসন্ধান করে একটি বাঘ ও সাপ দেখেছিলেন।*

জীবন রাম : জীবনরাম হাগজের শম্ভুধনের বাহিনীর গ্রামহজা অর্থাৎ ঢোলক-বাদক দলের নেতা ছিলেন। বিবাহিত জীবনরামের বাকী দিন গুলো কাটে উত্তর কাছাড়ের মাছর অঞ্চলের বাউজেন গ্রামে। যেহেতু তিনি ছিলেন বাদক দলের নেতা তাই শম্ভুধনের বাহিনীর সদস্য হলেও তাঁরা (বাদকরা) অস্ত্র ধারণ করতেন না। ইংরেজ পুলিশ বাহিনীর বিরুদ্ধে সংঘটিত সংঘর্ষে তিনি বংলোপ্ফাং বা বনলাং গাছের আড়ালে থেকে গ্রাম (ঢোলক জাতীয় বাদ্য) বাজাতেন ও যোদ্ধাদের উৎসাহিত করতেন বলে কথিত। জীবন রামের পিতার নাম আলাইদাও। তিন ভাইয়ের মধ্যে জীবনরাম ছিলেন কনিষ্ঠ। তাঁর বড় দুই ভাই এর নাম ছিল রিংহাম ও রূপানন্দ।*

ভবানন্দ : সমতল কাছাড়ে শম্ভুধন ফংলোর অনুগামীদের মধ্যে অন্যতম ছিলেন ভবানন্দ হান্নুসা (বর্মণ)। দর্মিখাল নিবাসী ভবানন্দ ছিলেন ডিমাসা রাজ পরিবারের সন্তান। মহারাজ তাম্রধ্বজ নারায়ণের উত্তর পুরুষ (অষ্টম) ভবানন্দের পিতার নাম গোকুল। দুই ভাই-এর মধ্যে ভবানন্দ ছিলেন কনিষ্ঠ। তাঁর বড় ভাই-এর নাম ছিল সদানন্দ। ভবানন্দের আনুগত্য ও নিষ্ঠার জন্যে শম্ভুধন তুষ্ট হয়ে তাঁকে আশীর্বাদ প্রদান করে বলেছিলেন যে, তিনি (ভবানন্দ) এক সুসন্তানের পিতা হবেন। শম্ভুধন নিজের অসি ভবানন্দের মাথায় স্পর্শ করার পর পিঠে মৃদু স্পর্শ করে পূর্বোক্ত বরদান করেছিলেন বলে শুনা যায়।*

উল্লেখ্য যে, শম্ভুধনের বরদান তথা ভবিষ্যৎবাণী পরবর্তীকালে সত্যে পরিণত হয়েছিল। ভবানন্দের পুত্র জন্মেজয় বর্মণ পড়াশুনায় কৃতিত্ব প্রদর্শন করে ১৯২০ খ্রিঃ

বি এ পাশ করেন। এ ছাড়া আইনে স্নাতক হন ১৯২৪ খ্রিঃ। ডিমাসা সম্প্রদায়ের মধ্যেতো বটেই, সম্ভবত তদানীন্তন কাছাড়ে তিনিই প্রথম আইন স্নাতক হয়েছিলেন। তদানীন্তন Provincial Civil Service এ যোগদান করে সংযুক্ত মিকির পাহাড় ও উত্তর কাছাড় পার্বত্য জেলার জেলাধিপতি হয়ে ১৯৫৭ খ্রিঃ তিনি সরকারী চাকুরী থেকে অবসর গ্রহণ করেছিলেন। তাঁর বিয়ে হয়েছিল মুম্বাই ফিল্ম ইণ্ডাস্ট্রীর বিখ্যাত গায়ক-সুরকার ত্রিপুরা রাজ পরিবারের উত্তর পুরুষ শচীন দেব বর্মণের ভাগিনেয়ী জয়ন্তীয়া রাজকন্যা ইরাদেবীর সঙ্গে।

ডিমাসা সমাজের উন্নয়নে জন্মেজয় বাবুর অবদানের কথা বিশেষ স্মরণযোগ্য। তাঁর উদ্যোগে গঠিত হয়েছিল ডিমাসাদের প্রথম সামাজিক সংগঠন 'দক্ষিণ বরাকপার সমিতি'। এই সংগঠনের মাধ্যমেই সর্বপ্রথম ১৩৩৩ বাংলায় অথবা তারও আগে 'বিরাট সভা' নামে কাছাড়ের ডিমাসাদের সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। ফলে ডিমাসাদের সমাজ সংস্কারের কাজ বিশেষ গতি লাভ করেছিল। উল্লেখ্য যে, মাত্র ৩২ বৎসর বয়সে জন্মেজয় বর্মণ (জন্ম-১৮৯৫ খ্রিঃ) ভাগার অদূরে জামালপুরে অনুষ্ঠিত ডিমাসাদের 'বিরাট সভায়' সভাপতির আসন অলংকৃত করেছিলেন। ১৩৩৪ বাংলার ২৩ ও ২৪ অগ্রহায়ণ দু'দিন ব্যাপী কার্যসূচীর মাধ্যমে বিরাট সভা নামের সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছিল। সম্মেলনে ডিমাসাদের আর্থ-সামাজিক উন্নয়ন সম্পর্কিত মোট ১৩ (তেরো)টি প্রস্তাব গৃহীত হয়েছিল বলে জানা যায়। উক্ত বিরাট সভায় গৃহীত প্রস্তাব সমূহের হাতে লিখা প্রতিলিপি থেকে এই তথ্যগুলি জানা গেছে। বর্তমান লেখক ৮১ বছরের পুরনো প্রতিলিপিটি সংগ্রহ করেছেন ডিমাসা সমাজসেবী অজিতসিং বর্মণের (বর্তমানে প্রয়াত) সহধর্মিনী বিজয়পুর গ্রামের শ্রীমতী মাধবী বর্মণের কাছ থেকে।

জব্বরসিং : জব্বরসিং মাইবাংসা হলেন শম্ভুধনের অনুগামী যোদ্ধাদের মধ্যে অন্যতম একজন। পিতার নাম ছিল গঙ্গারাম মাইবাংসা। মায়ের নাম খাসায়ঁডি। গঙ্গারামের তিন ছেলের মধ্যে জব্বরসিং ছিলেন জ্যেষ্ঠ। জব্বরসিং শম্ভুধনের খুবই বিশ্বস্ত ছিলেন। তাই শম্ভুধন তাঁকে নিজের সহ সমগ্র দলের জন্য রান্নার ও ভাণ্ডারীর দায়িত্ব দিয়েছিলেন বলে লোকশ্রুতি রয়েছে। জব্বরসিং ছিলেন খুবই বলশালী। 'রুমুন নেলায়বা' নামের পরম্পরাগত খেলায় তিনি এতোই পারদর্শী ছিলেন যে কেউই তাঁকে এই খেলায় পরাস্ত করতে পারতেন না। 'রুমুন নেলায়বা' হল উদুখল-এর ডাঙা অর্থাৎ সিয়াকে ডান বগলে চেপে ধরে ঠেলাঠেলি করে শক্তি পরীক্ষার খেলা। কোন যুদ্ধ বা অভিযানে যাবার পূর্বে জব্বরসিং রুমুনকে অবহেলায় মাথার উপর ও দেহের চারপাশে বন বন ঘুরিয়ে লাঠিয়ালদের মত কসরৎ দেখাতেন বলে শুনা যায়। জব্বরসিং-এর পরবর্তী বিবাহিত জীবন অতিবাহিত হয়েছিল কাছাড় জেলার বিহারার অদূরে করকরি গ্রামে।

করকরি জনপদে চাটাই ও পাটি তৈরিতে তাঁর খ্যাতি হয়েছিল। এছাড়াও তিনি ওঝা হিসেবেও চোখের রোগ, মাথাব্যথা ইত্যাদিতে ঝাড়-ফুক করে অনেক রোগীকে সুস্থ করে তুলেছিলেন। জব্বারসিং সম্পর্কিত তথ্যগুলি আহরিত হয়েছে তারই অধস্থান চতুর্থ পুরুষ করকরি গ্রামের বাপন বর্মণের কাছ থেকে। বাপন বর্তমানে আসাম কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্ব বিভাগ থেকে পিএইচডি লাভ করেছেন।

উল্লেখপঞ্জি :

- ১। Uttam Chand Barman; Shahid Vir Sombhudhan Fonglo, Silchar, 1989, p-21।
- ২। Idid।
- ৩। নিরুপমা হাগজের; হাগজের চেংফেঙ; হাফলং, উত্তর কাছাড়, ১৯৮৬ খ্রিঃ, পৃঃ ৩০ (ডিমাসা)।
- ৪। Uttam Chand Barman, Opcit, p-23।
- ৫। নিরুপমা হাগজের; পূর্বোক্ত, পৃঃ ৩০।
- ৬। Uttam Chand Barman, Opcit, p-22।
- ৭। Jengklongmander, Guwahati, 2000, p-90।
কৃতজ্ঞতা স্বীকার — মাধবী বর্মণ, বিজয় পুর, কাছাড়, বাপন বর্মণ, কুরকুরি, কাছাড়।

শম্ভুধন সম্পর্কে বিচিত্র দু'টি কাহিনি

শম্ভুধন ফংলো সম্পর্কে ডিমাঙ্গা সমাজে বেশ কয়েকটি লোকশ্রুতি রয়েছে। আপাত দৃষ্টিতে অলৌকিক মনে হলেও এ সব কাহিনির কোন বিশেষ অর্থ থাকা অসম্ভব নয়। সমাজ বিজ্ঞানের আলোকে আলোচনা করলে এসব কাহিনির প্রকৃত তাৎপর্য উদ্ঘাটিত হতে পারে। একথা বিবেচনা করে শম্ভুধন সম্পর্কিত দু'টি কাহিনি এখানে উল্লিখিত হল।

যুবক শম্ভুধন তখন উত্তর কাছাড়ের কোন এক গ্রামে বাস করছেন। তখনও তাঁর এত খ্যাতি হয়নি। জুম চাষে পিতাকে সাহায্য করতেন সাধ্য মত। তবে তাঁর কাজকর্মে বিশিষ্টতা ছিল। জুম ক্ষেতে পিতাকে সাহায্য করে একদিন দুপুরে তিনি একাই বাড়ি ফিরছিলেন। অবলীলায় কাঁধে করে আনছিলেন শিকড় ও ডাল পালা সহ বিশাল এক গাছ। হঠাৎ তিনি দেখতে পান জঙ্গলের মধ্যে এক অপূর্ব রূপসী নারী দাঁড়িয়ে আছেন। কিন্তু শম্ভুধন নির্বিকার। তিন আপান মনে গম্ভীর দিকে হাঁটতে লাগলেন। তখন সেই রূপসী দু'হাত প্রসারিত করে তাঁর পথরোধ করলেন। শম্ভুধন প্রশ্ন করলেন, 'হে নারী, কেন আমার পথরোধ করছ'। উত্তরে নারী বললেন — 'তুমি যে গাছটি নিয়ে যাচ্ছ সেটি আমার। এই সমগ্র অরণ্য ও ভূমির অধিষ্ণরী আমি। আমার অনুমতি ছাড়া তুমি গাছটি নিয়ে যেতে পার না। তাই গাছটি এখানেই রেখে যাও। কিন্তু তোমার প্রতি আমি নিষ্ঠুর আচরণ করব না — এর বিনিময়ে তোমাকে আমি তিন কলস স্বর্ণ ও রৌপ্য মুদ্রা দিচ্ছি'। এই কথা শেষ হতে না হতেই সেই রমণী স্বর্ণ ও রৌপ্যমুদ্রা পূর্ণ তিনটি কলস শম্ভুধনের সামনে রাখলেন। রহস্যময়ী রমণীর কথা শুনে এবং স্বর্ণ ও রৌপ্য মুদ্রা পূর্ণ কলসগুলি দেখে শম্ভুধন বিস্ময়াভিভূত হয়ে পড়লেন। পরক্ষণেই সশিঙে ফিরে পেয়ে শুনলেন সেই রমণী বলছেন — 'তবে একটি শর্ত আছে। একটি বা দু'টি নয়, তোমাকে এক সঙ্গে তিন হাতে তিনটি কলসই নিয়ে যেতে হবে'। তিনটি হাতের কথা শুনে শম্ভুধন অবাক হলেন। কাঁধের গাছটিনামিয়ে রেখে রমণীকে জিজ্ঞেস করলেন — 'আমার তো শুধু দু'টি হাত, কি করে আমি তিনটি কলস একই সঙ্গে নিয়ে যাব' ? সেই রমণী এবার রহস্যপূর্ণ ভঙ্গিতে হেসে উঠে বললেন — 'কেন তোমার তো পুচ্ছাকারে তৃতীয় হাত ছিল! সেটি কি এখন নেই' ? একথা বলেই তিনি অন্তর্হিত হয়ে গেলেন।

বিস্ময়াভিভূত শম্ভুধন গাছ, স্বর্ণ ও রৌপ্য মুদ্রা পূর্ণ কলস কোন কিছু না নিয়েই দ্রুত বেগে ঘরে গিয়ে মায়ের কাছে সমস্ত ঘটনা খুলে বললেন এবং অধীর আগ্রহে তাঁর পুচ্ছাকারে তৃতীয় হাত ছিল কি না জানতে চাইলেন। মা খাঠাইডি বললেন যে, জন্ম সময়ে

শত্রুধনের একটি পুচ্ছ ছিল বৈকি। তবে বড় হয়ে লজ্জা পেতে পারে ভেবে তা শিশু কালেই কেটে ফেলা হয়েছে। মায়ের কথা শুনে শত্রুধন প্রথমে বিমর্ষ হলেও পরে উৎসাহ হয়ে উঠেন। এ সম্পর্কে পরবর্তীকালে কাউকেই নাকি তিনি কোন কিছু বলেননি।

ডিমাসাদের বিশ্বাস এই যে, লেজ কাটা না হলে শত্রুধন হনুমানের মতই পূর্ণ বলশালী ও বীর হতেন এবং অতি অবশ্যই দেশ-মাতৃকাকে বিদেশি শাসনের কবল থেকে মুক্ত করার সংগ্রামে জয়ী হতেন। তবে আমাদের মনে হয় কাহিনিটির হয়ত কোন বিশেষ তাৎপর্য আছে। এই কাহিনিটি শুনেছি ঠালীগ্রামের ব্রজগোপাল বর্মণ, কাপারহাওর গ্রামের সন্ধ্যারাণী বর্মণ ও বিজয়পুরের মহীতোষ বর্মণের কাছে।

শত্রুধনকে ডিমাসারা ঈশ্বরের প্রতিভূ অপরাডেয় বীর বলে মনে করেন। শত্রুধনের মৃত্যুর একশো পঁচিশ বছর পূর্ণ হবার পরও ডিমাসাদের এই বিশ্বাস এখনও অটুট। নিগোক্ত কাহিনিটিতে সেই বিশ্বাসের প্রমাণ রয়েছে। কাহিনিটিতে অলৌকিকতা খুব একটা নেই। তবে ডিমাসাদের ধর্মীয় বিশ্বাসের শেকড় কতটুকু গভীরে প্রোথিত এই কাহিনি থেকে তা অনুমান করা সম্ভব।

সূর্যাস্ত হয় না এমন সাত্রাজ্যের অধিকারী ইংরেজরা যতই পরাক্রমশালী হোক না কেন শত্রুধনকে গ্রেপ্তার করা বা হত্যা করা তাদের পক্ষে মোটেই সম্ভব নয়। কারণ শত্রুধন শিবের বরপুত্র। স্বয়ং ঈশ্বর সর্বক্ষণ তাঁর দেহে ভর করে থাকেন। শত্রুধনের এই ঐশ্বরিক শক্তির কথা উপলব্ধি করে ইংরেজ শাসকরা নাকি পুলিশ বাহিনীকে এক বিশেষ নির্দেশ দিয়েছিলেন। সে অনুযায়ী ইংরেজের পুলিশ বাহিনী নাকি প্রচুর গরুর চর্বি সংগ্রহ করে এবং শত্রুধনকে ঘেরাও করার আগে ইগ্রালিং গ্রামে ও শত্রুধনের কুটিরের চারপাশে নাকি সেই চর্বি ছিটিয়ে দেয়। এতে ইগ্রালিং-এর ভূমি অপবিত্র হয়ে যায়। অপবিত্র স্থানে ও দেহে ঈশ্বর বাস করেন না, তাই শত্রুধনের দেহে সর্বক্ষণ ভর করে থাকা ঈশ্বর অন্তর্হিত হন। এর ফলেই ইংরেজ পুলিশ বাহিনী ঐশ্বরিক শক্তি বিহীন শত্রুধনকে গ্রেপ্তারে সমর্থ হয়। এই কাহিনিটি কাছাড়ের ঠালীগ্রামের এক বৃদ্ধা মহিলা রেবতী বালা বর্মণের কাছ থেকে সংগৃহীত। তিনি শৈশবে উত্তর কাছাড়ের সামফারিডিসা গ্রামে তাঁর মা-বাবা ও ঠাকুরমা-দিদিমাদের কাছে শত্রুধন সম্পর্কে অনেক গল্প শুনেছিলেন।

শত্রুধন সম্পর্কে এ সমস্ত লোকশ্রুতি কি নিছকই গল্প-গাথা? জনমানসে পুষ্পিত পল্লবিত এই কাহিনিগুলি কি বাস্তবতার সঙ্গে সম্পর্কহীন? প্রশ্নগুলি আমাদের ভাবায়। ভবিষ্যতে কোন সমাজ বিজ্ঞানী হয়ত এর উত্তর দেবেন। তবে এসব কাহিনি একথাই প্রমাণ করে যে ডিমাসা ঐতিহ্যে শত্রুধন একজন কিংবদন্তি পুরুষ হিসেবে শ্রদ্ধার আসনে অধিষ্ঠিত।

কৃতজ্ঞতা স্বীকার : (১) ব্রজগোপাল বর্মণ, ঠালীগ্রাম, কাছাড়। (২) সন্ধ্যারাণী বর্মণ, কাপারহাওর, কাছাড়। (৩) মহীতোষ বর্মণ, বিজয়পুর, কাছাড়। (৪) রেবতীবালা বর্মণ, ঠালীগ্রাম, কাছাড়।

শম্ভুধনের সময়কালের কয়েকটি গান

শম্ভুধনের সময়কালের কয়েকটি লোকসঙ্গীত, শম্ভুধনের ভবিষ্যদ্বাণী ও কাহিনি ইত্যাদি উল্লেখিত হয়েছে গ্রন্থের বিভিন্ন অধ্যায়ে। এছাড়াও শম্ভুধনের সময়কালের কিছু গানের কথা শুনা যায়। সে গুলির অধিকাংশই বিস্মৃতির অতলে তলিয়ে গেছে বলে মনে হয়। তবু এখনও 'মুরিঠাই' (মুরি অর্থাৎ সানাই জাতীয় বাঁশীতে বাজানো গানের কথা) বলে কথিত কয়েকটি গান বিচ্ছিন্নভাবে রয়ে গেছে কাছাড়, খাসপুর রাজবাড়ির সন্নিহিত কয়েকটি ডিমাসা গ্রাম ও এগ্রালিং অঞ্চলে। এগুলিও হয়ত হারিয়ে যেত। কিন্তু হারিয়ে যেতে দেননি বাগেরকোনা-নয়াগ্রামের শিক্ষক বিশিষ্ট ডিমাসা গল্পকার ও প্রাবন্ধিক নৃপেন্দ্র কুমার বর্মণ ও নয়ারবন্দ গ্রামের ডিমাসা কবি কামেশ্বর বর্মণ। গানগুলি তাঁরা সংগ্রহ করেছেন নিজেদের প্রতিবেশী গ্রাম শিবেরবন্দের উমেশ বর্মণের মার কাছ থেকে। তিনি নাকি নেচে-গেয়ে গানগুলি তাঁদের শুনিয়েছিলেন। বাংলা অনুবাদ সহ গানগুলি এখানে উপস্থাপন করছি।

(১)

গুফুসা হা নেডাও নেফায়ডু
গুফুসা ডি নেডাও নেফায়ডু
বাইজা বাইজা ডিমাসারাও
বাইগো বাইগো লুগুরাও।

বাংলা অনুবাদ :

সাদা মানুষরা ক্রমশ
ঠেলছে মাটি,
সাদা মানুষরা ক্রমশ
ঠেলছে জল,
জাগো জাগো ডিমাসারা
এগিয়ে এসো বন্ধুরা।

(২)

শম্ভুধন গো বাইগোখা
জামলং খ্রাম বুরংখা
বাইগো বাইগো ডিমাসারাও
কামহি জনহি জায়াখা।

বাংলা অনুবাদ :

শম্ভুধন ঐ বেড়িয়েছে
যুদ্ধের বাদ্যি ঐ যে বাজছে
এসো এসো ডিমাসারা
বসে থেকে হবে নাকো।

(৩)

নাওয়াই রাজা সফাইখা
রাজীহা জাগেলাউ জামাখা
ডাউলিং বারিহা হাব্ফাইখা,
রুকুই বোখে শম্ভুডাও লংখা।

বাংলা অনুবাদঃ

শকুন রাজা এসে গেছে
রাজ্যে অমঙ্গল এই ঘটছে
চিল বাড়িতে ঢুকে পড়েছে,
তাড়াও তাদের, শম্ভুডাও ডাকছে।

গানগুলি সম্পর্কে কোন মন্তব্য বা ব্যাখ্যা ছাড়াই সে গুলিকে এখানে উপস্থাপন করা হয়েছে। হয়তো আমাদের অগোচরে কারও স্মৃতিতে সন্দোপনে এমনি আরও কত গান রয়ে গেছে। সচেতন ভাবে সেগুলিকে সংগ্রহ করে সংরক্ষণ করা প্রয়োজন। কারণ এগুলি আমাদের ইতিহাস ও ঐতিহ্যেরই অঙ্গ। এছাড়া শম্ভুধনের সংগ্রামের ইতিহাস পরিবর্ধিত আকারে রচনা করার ক্ষেত্রেও এগুলি মূল্যবান উপাদান হিসেবে বিবেচিত হতে পারে।

ডিমাসা ঐতিহ্যে ভবিষ্যদ্বক্তা : গণৎকার ও ফাত্ত

ধন, সন্তান, সৌভাগ্য, রোগ-শোক থেকে মুক্তি, অমঙ্গলের কারণ প্রতিকার, পূজা-পাঠ, শান্তি-স্বস্তায়ন ইত্যাদির জন্য মানুষ গণৎকার বা জ্যোতিষীর শরনাপন্ন হয়। আর ঈশ্বর ও পরলোকের সঙ্গে যোগাযোগের মাধ্যমও মানুষই। বাকসিদ্ধ ভবিষ্যদ্বক্তাও মানুষের মঙ্গলামঙ্গল বলে দেন। ডিমাসাদের মধ্যে এ ধরনের গণৎকার, মাধ্যম ও ভবিষ্যদ্বক্তার ঐতিহ্য বহু প্রাচীন। ডিমাসা সমাজে সাধারণ গণনার জন্য ঈশ্বর বা পরলোকের সঙ্গে যোগাযোগ করার প্রক্রিয়াকে বলা হয় 'ফাত্ত গারিবা' অর্থাৎ ফাত্ত ভর করানো। ডিমাসারা ব্যক্তিগত বা পারিবারিক প্রয়োজনে 'স্মা নাইরিবা' করেন। কিন্তু সমাজ, জাতি, দেশ, জুলু (মাতৃকুল), সেংফং (পিতৃকুল) ইত্যাদি অর্থাৎ সমষ্টিগত প্রয়োজনে 'ফাত্ত গারিবা' করেন। পদ্ধতিগত দিক দিয়ে এগুলি সম্ভবত তন্ত্র ও যোগের প্রভাব প্রসূত।

'স্মা নাইরিবা' অর্থাৎ সাধারণ গণনার বিভিন্ন পদ্ধতি আছে। এগুলি গুরুমুখী গুহাবিদ্যা। কেউ কেউ স্বপ্নাদিষ্ট হয়ে গণনার পস্থা-পদ্ধতি এবং প্রশ্নের উত্তরও অবগত হন বলে কথিত। সম্ভবত গণনাকারী বা গণককে ডিমাসা ভাষায় 'গরাশালী' ও বলা হয়। গণনার জন্যে গণৎকারের কাছে প্রশ্ন সহ পান-সুপারী অথবা 'জু লাউঠাই' (বিশেষ ধরনের লাউ দিয়ে নির্মিত আধারে জু অর্থাৎ rice bear ভরা পাত্র) পৌঁছে দিতে হয়। দায়িত্ব পাবার পর গণৎকাররা নিজস্ব পদ্ধতিতে গণনা করেন। যাঁরা স্বপ্নে উত্তর পাবার পস্থা অনুসরণ করেন না তারা পরদিন সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে গণনা শুরু করেন। অবশ্য অন্য পদ্ধতিও আছে।

লেখকের জন্মস্থান কাছাড়ের ঠালীগ্রামে এক সময়ে তিনজন ডিমাসা হজাই (পুরোহিত) ছিলেন। তাঁর হলেন জরেং ওরফে বীরেশ চন্দ্র বর্মণ, খেপ্রে ওরফে নকুল চন্দ্র বর্মণ এবং পুলাং ওরফে কুমুদ বর্মণ। তিনজনের মধ্যে বর্তমানে শুধু কুমুদ বর্মণ জীবিত। তিনি ছাড়া প্রথমোক্ত দু'জন কবিরাজী বিদ্যায়ও দক্ষ ছিলেন। তবে গণনা জানতেন শুধু বীরেশ চন্দ্র বর্মণ। প্রায় ৪০/৪২ বছর পূর্বে তাঁর গণনা প্রত্যক্ষ করেছিলাম। তিনি সকালে সূর্যোদয়ের মুহূর্তে পূর্ব বা উত্তর মুখী হয়ে বসে গণনা করতেন। গণনার উপাদান ছিল জল ভরা থাল ও কিছু চাল। বিড় বিড় করে অস্ফুট মন্ত্রোচ্চারণ করে বৃদ্ধাঙ্গুলী ও তর্জনীর সাহায্যে কিছু চাল নিয়ে জলপূর্ণ থালে ছিটিয়ে নিবিষ্ট চিত্তে নিরীক্ষণ

করতেন। এভাবে কয়েক মিনিট গণনা করে গণনার ফলাফল জানাতেন।

জন্মান্তরে বিশ্বাসী ডিমাসা সমাজে নবজাত সন্তান অস্বাভাবিক আচরণ করলেও গণনা করানোর রীতি আছে। এতে সন্তান রূপে প্রয়াত কোন পূর্বপুরুষ জন্মগ্রহণ করেছেন এবং তার অস্বাভাবিক আচরণের কারণ কি — এসব গণনা করা হয়। এই রীতিকে বলা হয় 'সিমাং নাইরিবা'। এই গণনায় পিতা-মাতা ও আত্মীয় স্বজনদের কাছে নবজাতকের অনুযোগ-অভিযোগ সম্পর্কে জানা যায়। পিতা-মাতা ও আত্মীয়দের কাছে নবজাতক বিভিন্ন সামগ্রী — বস্ত্র, সোনা, রূপা বা পূর্বজন্মে ব্যবহৃত সামগ্রী 'সিমাং খাপাবা' নামক অনুষ্ঠানের মাধ্যমে নবজাতককে প্রদান করে তার সন্তোষবিধানের চেষ্টা করা হয়। এতে নবজাতকের অস্বাভাবিক আচরণ সংশোধিত হয় বলে বিশ্বাস। নবজাতক স্বাভাবিক বোধ প্রাপ্তির পূর্বে এই অনুষ্ঠান করতে হয়। অনুষ্ঠানের নির্দিষ্ট সময়ও আছে। ক্ষেতের ফসল ঘরে তোলার পর থেকে নূতন ফসল রোপনের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠানটি করতে হয়।

এ সবই সাধারণ গণনার পর্যায়ভুক্ত। বিশেষ গণনা 'ফাতৃ গারিবা' খুবই গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বলে ডিমাসা সমাজে স্বীকৃত। 'ফাতৃ গারিবার' অর্থ হল 'ফাতৃ' ভর করানো। সাধারণত যার দেহে ফাতৃ ভর করেন তাঁকেও ফাতৃ বলা হয়। কিন্তু ফাতৃ Medium বা মাধ্যম নয়। স্বয়ং 'ফাতৃ' এসে ভর করবেন মাধ্যম বা Medium এর দেহে। কবি-প্রাবন্ধিক ও গ্রন্থকার কুমুদ চন্দ্র বডো 'ফাতৃ'র এই বিশেষ মর্মার্থের ব্যাখ্যা করেছেন। তাঁর মতে ফাতৃ (ফাথিরি) শব্দটি সংস্কৃত শব্দ 'হোতৃ'র প্রায় সমার্থক। বেদের প্রচারকদের সংস্কৃতে 'হোতৃ' বলা হয়। 'হ' হল হং-য়াবা অর্থাৎ সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ড জুড়ে বিরামহীনভাবে ধ্বনিত হওয়া শব্দ-ব্রহ্ম। তাই — হ = ব্রহ্মা, তৃ = থিরিয়াবা (বলা কথা), অর্থাৎ ব্রহ্মার কথাকে বলে দেওয়া, হ (ব্রহ্মা) + থিরিয়াবা = হথিরি > হোতৃ। ফা = ফাইয়াবা (আগত), হোতৃ থেকে আগত ফাতৃ।' অবশ্য 'ফাতৃ' শব্দের ভিন্নতর বিশ্লেষণও সম্ভব। ফা = বুফা অর্থাৎ ব্রহ্মপিতা, তৃ = থিরিয়াবা (বলা কথা), ফা+থিরি = ফাতৃ।

হোতৃ শব্দকে ডিমাসা ভাষার আলোকে বিশ্লেষণের ক্ষেত্রে আমাদের চিন্তাকে আরও কিছুটা প্রসারিত করা হয়। পূর্বে বলা হয়েছে 'হংয়াবা' শব্দের অর্থ হল 'হ' শব্দে ধ্বনিত হওয়া শব্দ-ব্রহ্ম। হরিণের ডাককে ডিমাসা ভাষায় 'হং-বা' বলা হয়। আবার প্রাণ ও শ্বাস-বায়ুকে ডিমাসায় বলা হয় 'হাঙ' হিন্দু শাস্ত্রাদিতেও 'হং' বা 'হাঙ' প্রাণ ও প্রাণবায়ু সম্পর্কিত বলে উল্লিখিত। ডাঃ রণতোষ সাহা বলেছেন, "স্বরোদয় শাস্ত্রে মানুষের শ্বাস প্রশ্বাসের ক্রিয়াকে 'হংসচার' বলা হয়েছে। মানুষের প্রশ্বাসের সময় 'হংস' শব্দের উচ্চারণ হয়। এই শব্দের 'হং' দ্বারা — মৃত্যু, সং শব্দে শক্তি রূপ বোঝায়। অর্থাৎ বীজ স্বরূপ হংস শব্দ দ্বারাই ভূত, ভবিষ্যৎ, বর্তমান পরিজ্ঞাত হওয়া যায়।" ডিমাসা ভাষায়

‘হাঙ সংঃ সংঃ জাবা’ (হাঙ সংঃ সংঃ হওয়া) শ্বাস কষ্ট বা শ্বাস প্রক্রিয়া জনিত গতিকে বোঝায়। ডিমাসা ভাষায় সংস্কৃত শব্দের এধরনের ব্যবহার খুবই তাৎপর্যপূর্ণ। হং, হাং, ফাত্ত, হরাউলি, অউম ইত্যাদি সহ অজস্র সংস্কৃত শব্দের প্রায় একই অর্থে ডিমাসায় আত্মস্তু হওয়া অথবা ডিমাসা থেকে সংস্কৃতে গৃহীত হবার ইঙ্গিত বহন করে। ডিমাসা ভাষা ভোট-বর্মী থেকে সৃষ্ট হলেও এই ভাষার বহু শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সাদৃশ্য এই অনুমানকেই দৃঢ় করে যে স্মরণাতীত কাল থেকেই হিন্দু ধর্ম ও সংস্কৃতির সঙ্গে ডিমাসা ভাষা তথা সংস্কৃতির নিবিড় সংযোগ রয়েছে। সম্ভবত প্রাচীনকাল থেকেই ডিমাসারা সনাতন ধর্মাশ্রিত ছিল এবং হিন্দুধর্ম তথা সংস্কৃত ভাষার উৎকর্ষ সাধনে এই জনগোষ্ঠীরও বিশেষ অবদান রয়েছে। ডিমাসা চিন্তাবিদ তথা কবি-সাহিত্যিক যতীন্দ্রলাল থাউসেন, উত্তম চাঁদ বর্মণ, সরোজ বর্মণ, কুমুদ চন্দ্র বডো প্রমুখ এ জাতীয় অভিমতের প্রবর্তক ও পৃষ্ঠ-পোষক। তবে এ সম্পর্কে সামগ্রিকভাবে বিজ্ঞান সম্মত আলোচনা ও গবেষণার অবকাশ রয়েছে।

এখানে ভবিষ্যদ্বক্তা সম্পর্কিত আলোচনায় আরও কয়েকটি ডিমাসা শব্দের বিশ্লেষণ করা প্রয়োজন। ডিমাসা হজাই (পুরোহিত) পরম্পরাগত পূজা ইত্যাদিতে ডিমাসা ভাষায় মন্ত্রোচ্চারণের প্রারম্ভে ‘অউম’ ও ‘হরাউলিম’ শব্দ উচ্চারণ করেন। আরেকটি তাৎপর্যপূর্ণ বিষয় হল — ডিমাসায় ‘হ্যাঁ’ অর্থাৎ সম্মতি বাচক শব্দের প্রতিশব্দ ‘অম্’ বা ‘অউম্’। হরাউলিম শব্দের অর্থ হল — হ = ব্রহ্মা, রাউ = রাউখীয়া, অর্থাৎ রক্ষক (বিষ্ণু), লি = Malesex (শিব লিঙ্গ) শিব্রাই। এই হরাউলিম শব্দ আবার শুধু ব্রহ্মা-বিষ্ণু-শিবকেই বোঝায় না, শব্দটির মধ্যে ওঙ্কার ধ্বনি নিহিত। হ + রাউ + লিম = হ + অ + র + আ + উ + ল + ই + ম্ = অউম্; অর্থাৎ তিনটি শব্দের অন্ত অক্ষর যোগ করলে অ + উ + ম = অউম্ ওঙ্কার ধ্বনির সৃষ্টি হয়। ‘হজাই’ শব্দের মর্মার্থ হল ব্রহ্মা হওয়া অর্থাৎ ব্রহ্মগুণের অধিকার প্রাপ্ত হওয়া। হ = ব্রহ্মা, জা = জায়াবা (হওয়া); হ + জা = হজা। হজাই = হজা + ইব। ডিমাসা হজাইদের মন্ত্রপাঠ সম্পর্কে গবেষক তুষারকান্তি নাথ বলেছেন, “যে কোনও ব্রত-পূজো-অর্চনায় ডিমাসা-পুরোহিত (হোজাই) মন্ত্রপাঠ করেন ডিমাসা ভাষায়। প্রত্যেকটি মন্ত্রই সুরসংযোগে পাঠ করা হয়। সুরের উত্থান-পতন সহ পুরোহিতের শারীরিক অঙ্গভঙ্গি লক্ষ্য করার মতো। ‘হোজাই’ যে কোনও মন্ত্রপাঠের পর ‘সিনিরাউলি’ (সিনি = সাত; রাউলি = মহাশক্তিমান) শব্দটি উচ্চারণ করেন এবং প্রায় সকল মন্ত্রেই শব্দটির পুনরাবৃত্তি লক্ষ্য করা যায়।”

যাইহোক হজাই ও জঠাই (মুখ্য পুরোহিত) হলেন ‘ফাত্ত গারিবা’ অনুষ্ঠানের পরিচালক। যাঁর দেহে ফাত্ত ভর করবে তাঁকে খুবই নিয়ম মেনে চলতে হয়। নিজেদের দেহ-মনের গুচিতা রক্ষার জন্যে তাঁদের যেখানে সেখানে খাদ্য গ্রহণ নিষিদ্ধ। এছাড়া

অন্যের ব্যবহৃত বস্ত্র পরিধান ও চুল কাটা নিষিদ্ধ। লম্বা চুল মাথার মাঝখানে ঝুঁটি বেঁধে রাখা হয়। তবে 'ফাত্ত গারিবা' অনুষ্ঠানের সময়ে লম্বা চুল বন্ধন মুক্ত করে এলিয়ে দেওয়া হয়। পূজাস্থলে জঠাই ও হজাইকে সহযোগীতা করেন বারোওয়া (পূজার সহকারী) ও ডাইন্যাঃ (বলিদানকারী)।

ফাত্ত গারিবার জন্য শিরাই সহ বিভিন্ন দেব-দেবীর আরাধনা করা হয়। নিবেদিত হয় ভোগ। পাকানো সলতে বাঁশের কঞ্চিতে জড়িয়ে জ্বালানো হয় প্রদীপ। উন্মুক্ত স্থানে কলাপাতা দিয়ে শিল্প সুসমা মণ্ডিত বেদী তৈরি করে দেবদেবীর আবাহন করা হয়। সাতটি কলাপাতা গেঁথে - এর উপর নিবেদিত হয় জুডিমা (Ricebear বা লাউপানী), ভাত, রান্নাকরা তরিতকারি ও মাংস। এছাড়া উৎসর্গ করা হয় মোরগ, কবুতর ইত্যাদি। জঠাই (মুখ্য পুরোহিত) ডিমাসা ভাষায় বিশেষ মন্তোচ্চারণ করে দেব-দেবী ও ফাত্তর আবাহন করেন। তখন খ্রাম-মুরি (খ্রাম = ঢোলক জাতীয় বাদ্য, মুরি = সানাই জাতীয় বাদ্য) বাজানো হয়। এরপরই লম্বা চুল এলিয়ে অসি হস্তে নৃত্য করতে করতে পূজাস্থলে প্রবেশ করেন ফাত্ত। লক্ষণীয় যে, ফাত্ত-নৃত্যে ব্যবহৃত খ্রাম ও ডিমাসা লোকনৃত্যে ব্যবহৃত খ্রামের মধ্যে তফাৎ রয়েছে। ফাত্ত-নৃত্যে ব্যবহৃত খ্রামের দৈর্ঘ্য লোকনৃত্যে ব্যবহৃত খ্রামের প্রায় অর্ধেক। প্রকৃতপক্ষে ফাত্ত-নৃত্যে ব্যবহৃত খ্রামকে বলা হয় 'মাদুলি'। খ্রাম-মুরি বাজানোর তালে তালে নৃত্যরত ফাত্ত প্রথমতঃ পূজায় পদ্ধতিগত কোন ক্রটি আছে কিনা নিরীক্ষণ করেন এবং ভুল থাকলে সংশোধন করিয়ে দেন। এরপর বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।^৫

মুরিতে নির্দিষ্ট সুরে বাজানো গানের নির্দিষ্ট কিছু কথা রয়েছে। 'ফাত্তনি মুরিঠাই' বলে কথিত গানগুলির নাম হল — হিম্বানী (পথচলার), লংহনবাণী (আবাহনের), লাইহা নাইবানী (পত্রাসন নিরীক্ষণের), লাই জাববানী (পত্রাসন সংস্থাপনের) পিটলিম্বানী (তাণ্ডব নৃত্যের) ইত্যাদি।^৬

বয়োবৃদ্ধরা বলেন যে, ইদানিং কালের ফাত্তরা প্রকৃতপক্ষে 'ফাত্তসা' অর্থাৎ ছোট ফাত্ত। এঁরা জটিল প্রশ্নের উত্তর দিতে সক্ষম নন বলে তাঁদের অভিমত। বিখ্যাত ফাত্তরা হলেন — নবারাই, আলাইদাও, রাইখনদাও ও গঙ্গা ফাত্ত। এঁদের মধ্যে নবারাই ও আলাইদাও ফাত্ত প্রায় চারশো ও সাড়ে চারশো বছর পূর্বে আবির্ভূত হয়েছিলেন বলে কথিত। তাঁদের জন্য সম্ভবত কোন পূজা আয়োজনেরও প্রয়োজন ছিল না। উক্ত ফাত্তদ্বয়ের সমতুল্য ক্ষমতা শম্ভুধনেরও ছিল বলে প্রবল লোকবিশ্বাস। এছাড়া ইংরেজের বিরুদ্ধে ডিমাসা যোদ্ধাদের মাইবাং সংঘর্ষের যুদ্ধনৃত্য — ফাত্ত-নৃত্যেরই অনুরূপ বলে অনেকের অভিমত।

ফাত্তদের ভাষা প্রচলিত ভাষা থেকে কিছু ভিন্ন। ছন্দবদ্ধ কথাগুলি উপমায়ুক্ত

ও চিত্রকল্প সমন্বিত হওয়ায় কখনও কখনও যথার্থ মর্মার্থ উদ্ধারে কিছু জটিলতা দেখা দেয়। সহজে সাধারণের বোধগম্য না হওয়াতে ফাতূদের ভাষা 'মাদাইরাওনী গ্রাউ' অর্থাৎ ঈশ্বরের ভাষা বলে কথিত। যাইহোক নবারাই ফাতূর ভবিষ্যদ্বাণী খুবই তাৎপর্যপূর্ণ ও বিখ্যাত। একবার নাকি তিনি তেতুল গাছে চড়ে প্রদত্ত ভবিষ্যদ্বাণীতে ডিমাঙ্গা রাজ্যে আগামীতে কি কি ঘটবে এবং তখন কিভাবে থাকা খাওয়া উচিত উপদেশ দিয়েই অদৃশ্য হয়ে যান। তাই 'নবারাই' এর পূজার সময় তেতুল গাছের কাঠ দিয়ে তৈরী আসন ব্যবহারের রীতির প্রচলন হয়। ঘটনা ঘটায় তিন-চারশো বছর পূর্বেই তিনি ভবিষ্যদ্বাণী করেন। আজও তাঁর ভবিষ্যদ্বাণীর একাংশ ফলে যাচ্ছে এবং কিছু বাণী বাস্তবায়িত হতে এখনও বাকী আছে বলে ডিমাঙ্গাদের বিশ্বাস।* নবারাই-এর মতই আলাইদাও ফাতূর ভবিষ্যদ্বাণী বিখ্যাত। তাঁর ভবিষ্যদ্বাণীটি নিম্নরূপ —

শিবরাই মুখাং ফিনখা
 ঈশ্বর ডেনেগাউ ডেগাউখা।১।
 হুংগেলাউ হুংমাখা
 জাগেলাউ জামাখা।২।
 গ্রাংগ্রি সিঙ্গাউ বিরমা
 নাওয়াই রাজা ফাইমা।৩।
 ডিমাই গিলিকমা
 লংঠাই গালাংমা।৪।
 য়াগাগ্রি দলাই খাইমা
 ডুয়ুং খনমা লামা লামা।৫।
 বুফাং বাল্লা বাংবাসি
 হাটায় কাম্মা ডংবাসি।৬।
 নাওয়াই রাজা সাঁয়সি টাংলামা
 টিখাবো বেসেডে টাউলাংমা।৭।
 রিমিনসি কামজানাং যেখালি
 সাঁয়হাম ফিননাং অখালি।৮।
 শিবরায় গিডিং নাইবোনাং
 ঈশ্বর খাসাউ ফায়বোনাং।৯।

বাংলা অনুবাদ —

শিবরাই মুখ ফিরিয়ে
 ঈশ্বর গেছেন হারিয়ে।১।

যা হবার নয় হবে
 যা ঘটায় নয় ঘটবে।২।
 উড়বে সিঙ্গাউ আকাশ জুড়ে
 শকুন রাজা আসবে তেড়ে।৩।
 ডিমাই ডুববে জলে
 পাথর ভাসবে নদী জলে।৪।
 পথে পথে লতা জুড়ে
 পদহীন পাঙ্কি দৌড়ে।৫।
 গাছের তলে থরে থরে
 বাজার হাটে যাবে ভরে।৬।
 শকুনরাজা যাবে ফিরে
 আত্মা তার থাকবে পড়ে।৭।
 এক সারিতে বসবে যেদিন
 সুদিন ফিরবে সেদিন।৮।
 শিবরায় ঘুরে চাইবে ফিরে
 ঈশ্বরের দয়া সবার তরে।৯।

ডিমাই = শুকানো লাউ দিয়ে বানানো এক ধরনের পাত্র, যা জলে ভাসে।

ভবিষ্যদ্বাণীটি খুবই বিস্ময়কর। আলাইদাও ফাতু যখন দূর অতীতে
 ভবিষ্যদ্বাণীটি উচ্চারণ করেন তখনকার পরিবেশ নিশ্চয় এর মর্মার্থ বোঝার অনুকূল
 ছিল না। কেননা সিঙ্গাউ (বিমান), পদহীন দৌড়া, পাথর ভাসা, পথে পথে লতা জুড়া
 অর্থাৎ বিদ্যুৎবাহী ও টেলিফোনের তার ইত্যাদির সঙ্গে তখনকার দিনের মানুষের পরিচয়
 থাকার কথা নয়। ফলে ঊনবিংশ শতাব্দীতে এসে ভবিষ্যদ্বাণীটির মর্মার্থ অনুধাবনে
 সক্ষম হয় ডিমাসারা। ‘উড়বে সিঙ্গাউ আকাশ জুড়ে, শকুন রাজা আসবে তেড়ে’ —
 পঙক্তি দুটির মর্মার্থ হল — আকাশে বিমান উড়বে ও তাতে চড়ে ‘শকুন রাজা’
 আসবে। এ কথাটি সম্ভবত বিশ্বযুদ্ধের ইঙ্গিতবাহী। বিমান থেকে বোমা বর্ষণ, মানুষের
 মৃত্যু ও শকুনের ধ্যে আসা পরস্পর সম্পর্কযুক্ত। পদহীন পাঙ্কি বলতে হয়ত গাড়ীকে
 বোঝানো হয়েছে। এই বাণীগুলি সবই সাংকেতিক। সাধারণ ভাবে আমরা কিছু অনুমান
 করেছি মাত্র। এই ইঙ্গিত ধর্মী বিষয় নিয়েও গবেষণা প্রয়োজন।

আলাইদাও ফাতুর এই ভবিষ্যদ্বাণী মহান ভারতবর্ষের ত্রিকালজ্ঞ যোগী
 পুরুষদের কথা স্মরণ করিয়ে দেয়। শ্বাস-প্রশ্বাস অসীম কালের খেলা এবং কালগত
 বলে মুগি-ঋষিদের অভিমত। স্বরোদয়ের ত্রিন্যা যথায়থ ও নিরন্তর অনুশীলন যোগ

সাধনা ও নাদ সাধনার অঙ্গ। এই সাধনায় উচ্চ স্তর প্রাপ্ত হলে সাধারণ মানুষও কাল-প্রবাহকে অবলোকন করার ক্ষমতা লাভ করেন। অনাগতকালে কি কি হবে অথবা কি হতে বাধ্য তা দেখার শক্তি অর্জন করে মানুষ। এই ক্ষমতা বা শক্তি অর্জনকারীরাই হলেন ত্রিকালজ্ঞ পুরুষ। এই ত্রিকালজ্ঞ পুরুষ মুণি-ঋষিদের সঙ্গে ডিমাসা ফাতূরা হয়তো তুলনীয় নন। তবু সুদূর অতীতে ডিমাসা সংস্কৃতিতেও যে 'স্বরোদয়' শাস্ত্রে বর্ণিত শ্বাস-প্রশ্বাস আধারিত যোগ-ক্রিয়া ও 'পতঞ্জলী' শাস্ত্রে বর্ণিত প্রাণায়ামের অনুশীলন ছিল তার পরিচয় বাহক এই ভবিষ্যদ্বাণীটি। তবে ফলিত জ্যোতিষ ও হস্ত সামুদ্রিক জ্যোতিষের চর্চা অতীতে ডিমাসা সমাজে প্রচলিত ছিল না।

উল্লেখপঞ্জি :

- ১। কুমুদ চন্দ্র বডো; ডিমাছানী দারা, লক্ষা, নগাঁও, ১৯৮৬ খ্রিঃ (ডিমাছা)।
- ২। রণতোষ সাহা; ভারতীয় জ্যোতিষ ও বিস্ময়কর ভবিষ্যৎ বক্তা, বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা, কলকাতা, ১৪১২ বঙ্গাব্দ (২০০৫ খ্রিঃ), পৃঃ ৮৮।
- ৩। কুমুদ চন্দ্র বডো; কপিলী তীর্থ, পানীমূর, উত্তর কাছাড়, ১৯৯৪ খ্রিঃ, পৃঃ ২৩-২৭ (অসমীয়া)।
- ৪। তুষারকান্তি নাথ; ডিমাছা সংস্কৃতির আভাস, হাফলং, ২০০৬ খ্রিঃ, পৃঃ ৪৬।
- ৫। বিশ্বজ্যোতি বর্মণ; ফাতূনী গ্রাউটাই, কলঙমা, শিলচর, ২২ সেপ্টেম্বর, ১৯৮৭ খ্রিঃ (ডিমাসা)।
- ৬। হামবাং বাথারী, ফাতূনী মরিঠাই, কলঙমা, শিলচর, ১২ ফেব্রুয়ারী, ১৯৮৮ খ্রিঃ (ডিমাসা)।
- ৭। কুমুদ চন্দ্র বডো; পূর্বোক্ত।

ভাষাতত্ত্বের আলোকে কাছাড়ী শব্দের ব্যুৎপত্তি প্রসঙ্গে

‘কাছাড়ী’ — শব্দের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে সুপ্রাচীনকাল থেকে প্রবহমান এক ঐতিহ্যময় ইতিহাস। বর্তমানে উত্তরবঙ্গ থেকে শুরু করে ব্রহ্মপুত্র উপত্যকা হয়ে অরুণাচল প্রদেশ, মেঘালয়, ধনশিরি, বরাক ও সুরমা উপত্যকা সহ ত্রিপুরা পর্যন্ত বিভিন্ন জনজাতি সমূহ যে ঐতিহ্য ও সাংস্কৃতিক ধারাবাহিকতার ধারক ও বাহক — তাঁরাই সমষ্টিগতভাবে কাছাড়ী নামে অভিহিত ও পরিচিত। কোথাও সমতল জনজাতি আবার কোথাও পার্বত্য জনজাতি হিসেবে তাঁরা চিহ্নিত। তাঁরাই কামরূপ, কামাখ্যা, প্রাগজ্যোতিষপুর, সদিয়া, ডিমাপুর, মাইবাং, খাসপুর ও ত্রিপুরার ঐতিহ্যময় ইতিহাসের উত্তরাধিকারী। ডিমাপুর, মাইবাং, খাসপুরে তাঁরা হেড়ম্ব-ডিমাসা-কাছাড়ী-বর্মণ নামে পরিচিত; ত্রিপুরায় — টিপ্রা, ত্রিপুরী ও অধুনা ককবরক নামেও পরিচিত। ঐতিহাসিকের ভাষায় “The Kacharis have been found in different names in Assam such as Bodo-Kachari, Sonowal-Kachari, Dimasa-Kachari etc.” এছাড়া মেচ, রাভা, লালুং (তিওয়া), গারো, হাজং, টিপ্রা ইত্যাদি উপজাতি সমূহও কাছাড়ী জনগোষ্ঠী ভুক্ত। পুথি-পত্রে কাছাড়ী শব্দটি প্রথম ব্যবহৃত হয় আহোম রাজসভায় লেখা বুরুঞ্জীগুলোতে। ‘কচ্ছ’ ও ‘কাছাড়ী’ শব্দ দৃষ্ট হয় কামাখ্যাতন্ত্র গ্রন্থে। এই গ্রন্থে বর্ণনা অনুযায়ী মহেশ্বরীর যোনিপীঠ যে সপ্তখণ্ড ও সপ্তপর্বতে বিস্তৃত — তার মধ্যে একটি খণ্ড ‘কচ্ছ’ ও একটি পর্বত ‘কাছাড়ী’। পরবর্তীকালে ইংরেজ প্রশাসক সি এ সোপিট এবং রেভারেণ্ড এস্ এন্ডেল তাঁদের গ্রন্থে কাছাড়ী শব্দটি ব্যবহার করেছেন। এখন পর্যন্ত ‘কাছাড়ী’ শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধে বিজ্ঞান সম্মত সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব হয়নি। তাই ‘কাছাড়ী’ শব্দের ব্যুৎপত্তি এখনও অনুমান নির্ভর। যথাযথ ঐতিহাসিক তথ্যের অভাব ‘কাছাড়ী’ শব্দ সম্পর্কে বিভিন্ন মতবাদ তথা বিতর্কের সৃষ্টি করেছে। এমনকি ‘কাছাড়ী’ শব্দটি কাছাড়ী হিসেবে পরিচিত জনজাতি সমূহের ভাষা সঞ্জাত নয় বলে অভিমত ব্যক্ত করতেও দ্বিধাবোধ করেননি কেউ কেউ। কবে কখন কোথায় কিভাবে এই শব্দের ব্যুৎপত্তি ঘটেছিল ও এর প্রয়োগ শুরু হয়েছিল — এ সম্পর্কে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া খুবই দুরূহ সন্দেহ নেই। তবু আমরা এখানে ‘কাছাড়ী’ শব্দের ব্যুৎপত্তি সম্পূর্ণ ভিন্ন একটি দৃষ্টি কোণ — ভাষাতত্ত্ব ও গোত্র-গোষ্ঠী সৃষ্টির আলোকে অনুসন্ধান করব।

ভোট-বর্মী থেকে সৃষ্ট ভাষা সমূহের বিশিষ্ট গবেষক অসিত চক্রবর্তী একটি তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছিলেন যে কাছাড়ী একটি ‘আরি’ সংযুক্ত উপাধি হতে পারে। ভাষাতত্ত্বিকের এই অভিমতের প্রেক্ষিতেই আমরা বৃহত্তর কাছাড়ী জনগোষ্ঠী থেকে

সৃষ্ট জনজাতি সমূহের মধ্যে গোত্র, গোষ্ঠী, বা পদবীর সৃষ্টি এবং এগুলোর মধ্যে সাধারণ সাদৃশ্য বা সমঅর্থের সূত্রে 'কাছাড়ী' শব্দের উৎস সন্ধান করব, কেননা গোত্র-পদবী-উপাধি ইত্যাদির সূত্রে ইতিহাসের তথ্য নিষ্কাশন বা বিশ্লেষণ একটি সিদ্ধরীতি।

বড়ো, গারো, ডিমাসা ও মেচ ভাষায় 'হারি' নামে একটি শব্দ আছে যা এই ভাষা সমূহে একই অর্থে ব্যবহার করা হয়। এই 'হারি' শব্দের অর্থ হল — গোত্র, গোষ্ঠী, কুল ইত্যাদি। তবে ডিমাসা ভাষায় 'হারি' শব্দটি গোষ্ঠী ছাড়াও সীমা, শ্রেণী ইত্যাদি অর্থেও ব্যবহৃত হয়। ককবরক ভাষাতেও 'হারি' শব্দটি সীমা বা সীমানা অর্থে ব্যবহৃত হয়। অন্য শব্দের অন্তে 'হারি' সংযুক্তির ফলে সৃষ্ট কয়েকটি ডিমাসা শব্দ হল — মাহারি/ মাহেরি = মায়ের শ্রেণী, বিমাতা; জুলু-হারি — একই উৎস থেকে সৃষ্ট জুলু (মাতৃকুল); সেংফং-হারি = একই উৎস থেকে সৃষ্ট সেংফং (পিতৃকুল) বা সমগোত্র; নসুর-হারি বা ন-হারি = প্রতিবেশী পরিবার, গৃহ; নলায়-হারি = প্রতিবেশী গ্রাম; দেশ-হারি = প্রতিবেশী দেশ; হা-হারি = জমির সীমানা ইত্যাদি। একই উৎস থেকে সৃষ্ট সেংফং বা জুলুকে একটি অন্যটির সেংফংহারি বা জুলুহারি বলা হয়। ডিমাসাদের ৪০টি সেংফং-এর মধ্যে তিনটি হল — ডিফুসা, হাগজেরসা ও থাউসেনসা। এ তিনটি প্রত্যেকটি প্রত্যেকটির সেংফং-হারি; কেননা ভদ্রসেনের তিন পুত্র ডেজা (ডিফুসা), আজা (হাগজেরসা) ও ইশানধ্বজ (থাউসেনসা) থেকে এই তিনটি সেংফং-এর সৃষ্টি হয় রাজা মকরধ্বজ নারায়ণের আমলে।*

এছাড়া পিতৃকুল মাতৃকুলের মূল ব্যক্তি যাঁর থেকে গোষ্ঠীর শুরু তাঁকে ফা-বসং, মা-বসং বলা হয়। 'বসং' শব্দটি নেতা, নেতৃত্বদানকারী, গোষ্ঠী ও বহুবচন হিসেবেও ব্যবহার করা হয়। মাতৃগোত্র বা মাতৃকুল বোঝাতে গারোরাও 'মা-হারি' বলেন। তবে মাছং বা মাসং শব্দটিকে গারোরা একটু ভিন্নার্থে ব্যবহার করেন। 'ছং' গারো ভাষায় বহু বচন হিসেবে ব্যবহার করা হয়। অর্থাৎ গারো ভাষায় মাছং (মা + ছং) এর অর্থ হবে মায়েরা। মেচ ও বড়ো ভাষায়ও 'হারি' শব্দের অর্থ গোত্র, গোষ্ঠী বা কৌম। মেচ ও বড়োদের উপাধি, গোষ্ঠী বা পদবীর সবকটিই 'হারি' বা 'আরি' যুক্ত। যেমন বিস্মুতিয়ারি, হাজোয়ারি, মোছহারি, মহিলারি, নার্জারি, সরগিয়ারি, খাগলারি, দৈমারি, গয়ারি ইত্যাদি।*

মেচদের গোত্র বা গোষ্ঠী সৃষ্টি বিষয়ে একটি লোককাহিনি আছে। মেচ পুরোহিত বাহাদুর সাইবার (শৈব) কাছ থেকে শুনা সেই জনশ্রুতিটি বর্ণনা করেছেন চারু চন্দ্র সান্যাল। তাতে বলা হয়েছে যে স্থায়ী বাস স্থানের খোঁজে প্রব্রজনকালে এক বিরাট গাছের নীচে এসে তাঁরা উপস্থিত হয়। গাছটির শাখা প্রশাখা ছিল বহুদূর বিস্তৃত। তারা গাছটি নির্বাচন করে এর স্থানটি সূর্যালোকের জন্য উন্মুক্ত করার উদ্দেশ্যে গাছটি কাটতে থাকে, অন্যদল গাছটির নীচে রান্না শুরু করে। তখনই গাছটি পড়তে আরম্ভ

করে। গাছটি পড়তে দেখেও যারা অর্ধপক্ক অন্ন রক্ষা করে, তাদের নাম বা পদবী হল — ‘সাম্প্রামারি’, সাম্প্রাম (অন্ন) + আরি; যারা মাটির গুহায় প্রবেশ করে প্রাণ রক্ষা করে তাদের বলা হয় ‘বিসমুতিয়ারি’, বিসমুতিয়া + আরি। যারা নিকটবর্তী পাহাড়ে পালিয়ে বাঁচে তারা হাজোয়ারি, হাজো (পাহাড়) + আরি; যারা ব্রাহ্মসঙ্কুল নিবিড় বনে আশ্রয় নেয় তাদের মশাহারি অর্থাৎ মশা (ব্রাহ্ম) + হারি — বলা হয়। এছাড়াও কয়েকটি পদবী আছে। যেমন — দৈমারি (দৈ = জল, দৈমা = বড়নদী) অর্থাৎ দৈমা + আরি।


ডিমাসাদের মধ্যে ‘হারি’ শব্দের ব্যবহার শ্রেণী, সীমা, গোষ্ঠী বংশক্রম অর্থাৎ একই উৎস থেকে সৃষ্ট উপাধি বা পদবী ইত্যাদি অর্থে হলেও আরি বা হারি যুক্ত পদবী শুধু কয়েকটি। সেগুলো হল — গিরি, জহারি, বাটারি ইত্যাদি। এ তিনটির মধ্যে বাটারি সেংফং সৃষ্টি সম্পর্কিত কিছু লোকশ্রুতি বর্তমান। সে অনুযায়ী বডো ও বাটারি একই সেংফং বলে কথিত। ডিমাসা রাজাদের ডিমাপুর রাজত্বকালে এয়োদশ বা চতুর্দশ শতাব্দীতে ‘বডো’ রাজার সন্তান বা প্রজাদের পরিচিতি থেকে ‘বডোসা’ সেংফং-এর সৃষ্টি হয় বলে কথিত। অন্য মতে, বৌদ্ধ ধর্মের প্রসারের সময় ডিমাসা রাজাও বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন। ফলে রাজা বৌদ্ধসা হিসেবে পরিচিত হন। পরবর্তীকালে এই বৌদ্ধসা ‘বডোসা’তে রূপান্তরিত হয় এবং বডোসা সেংফং-এরও সৃষ্টি হয়। এই বডোসা থেকে সৃষ্ট আরেকটি সেংফং বডোসা-শ্রেণী অর্থাৎ বডোহারিসা (বডো + হারি + সা) থেকে বাডারিসা > বাটারিসা হয়েছে। বডো বা বডোসা সেংফং সৃষ্টি বিষয়ে আরেকটি মতবাদ রয়েছে।

উপরোক্ত আলোচনায় এটা স্পষ্ট যে গারো, বডো, ডিমাসা ও মেচ ভাষায় ‘হারি’ শব্দ গোত্র গোষ্ঠী ও শ্রেণী অর্থে ব্যবহৃত হয় এবং তাদের গোত্র বা গোষ্ঠী বা পদবী ‘আরি’ বা ‘হারি’ সংযুক্তির ফলে সৃষ্ট। কিন্তু পণ্ডিতরা ভাষাতত্ত্বের দৃষ্টিকোণ থেকে কাছাড়ী জনগোষ্ঠীর ভাষায় এই ‘কাছাড়ী’ শব্দের ব্যুৎপত্তির অনুসন্ধান করেননি। যার ফলে এই শব্দের উৎস সম্পর্কে তাঁদের মধ্যে প্রচণ্ড মত বিরোধের সৃষ্টি হয়। তবে এই মতানৈক্যের মধ্যেও তাঁদের চিন্তায় ও বক্তব্যে একটি অন্তর্লীন ঐক্য পরিলক্ষিত হয়। সেটি হল — কাছা বা খাছা বা কচ্ছ থেকে ‘কাছাড়ী’ শব্দের ব্যুৎপত্তি হয় বলে প্রায় প্রত্যেকের অভিমত। হার্বার্ট রিসলে, এডোয়ার্ড গেইট, চারুচন্দ্র সান্যাল, নলিনীন্দ্র কুমার বর্মণ প্রমুখ এই মতের পৃষ্ঠপোষক। নেপালের পাদদেশের লিম্বু-লোককাহিনী, মহাভারতে বর্ণিত কাছা বা খাছা অঞ্চল ইত্যাদি ছিল তাঁদের তথ্যসূত্র। তাই আমাদের পূর্বোক্ত মেচ, বডো, ডিমাসাদের গোত্র-গোষ্ঠী-পদবী সৃষ্টির দৃষ্টিকোণ থেকে ‘কাছাড়ী’ শব্দটিও ‘কাছা’ বা ‘খাছা’ বা ‘কচ্ছ’ ইত্যাদি শব্দের সঙ্গে ‘হারি বা আরি’ শব্দের সংযুক্তির ফলেই সৃষ্টি হয়েছে বলে সিদ্ধান্তে উপনীত হওয়া হয়তো অসমীচীন হবে না।

প্রাকঐতিহাসিক যুগে প্রব্রজনকালে কোন এক সময়ে নেপালের পাদদেশে অথবা ভারতবর্ষের সুদূর পশ্চিমাঞ্চল — কচ্ছের সন্নিহিত অঞ্চলে অবস্থান কালেই হয়তো এই জনগোষ্ঠী 'কাছাড়ী' নামে পরিচিতি লাভ করে। সেখান থেকে তাঁরা ছড়িয়ে পড়ে উত্তরবঙ্গ সহ বঙ্গীয় সমতট, ব্রহ্মপুত্র উপত্যকার বিস্তীর্ণ ভূভাগ, মেঘালয়, বরাক ও সুরমা উপত্যকা সহ ত্রিপুরা পর্যন্ত এবং এভাবে প্রব্রজনকালের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন কারণে বিচ্ছিন্নতার জন্য তারা ভিন্ন ভিন্ন নামে পরিচিত হতে থাকে। তবু স্মৃতিতে থেকে যায় 'কাছাড়ী' পরিচিতি। তাদের ভাষায় সীমা, শ্রেণী, গোষ্ঠী বা বংশ ক্রমের প্রতিশব্দ হিসেবে 'হারি' বা 'আরি' শব্দের ব্যবহারই 'কাছাড়ী' শব্দটি যে এই জাতিগোষ্ঠীর ভাষাসঞ্জাত তার প্রকৃষ্ট প্রমাণ।

উল্লেখপঞ্জি :

- ১। Dr. S.K. Borpujari; (Ed), History of the Dimasas ..., Haflong, 1977, p-12।
- ২। C.A. Soppit; A Historical and Descriptive Account of the Kachari, Tribe of North Cachar Hills etc. Shillong, 1885. Rev.S. Endle, Outline Grammar of Kachari (Bara) Language, 1884।
- ৩। অসিত চক্রবর্তী; ভোট-বর্মী ভাষাতত্ত্ব-৫, কোলকাতা, ১৯৮৭ খ্রিঃ, পৃঃ-২২।
- ৪। নিরুপমা হাগজের; হাগজের চেংফঙ, হাফলং, ১৯৮৬ খ্রিঃ, পৃঃ-১।
- ৫। অসিত চক্রবর্তী; পূর্বোক্ত, পৃঃ-৪।



Sambhudhan Phonglo-ni Bongso-Budung

Dehrungdao Phonglo

(Bihih Monjuri)



Dehhrondao

(Bihih Khathaidi)



Sambhudhan
(Bihih Nasaidi)



Duhridi
Bisik (Daughter)



Mohendra Dibragede (Laoga)
(Son of Duhridi)

Ramakanta
(Ramkhan)

Unakanta
(Unakhan)

Ramcharan
(Ramren)

Haisolong
(Bihih Thaignkdi)

Annadacharan Barman
(Bihih Sorjini)

Asit
(Bihih Probharani)

↓
Asim


Amal
(Bihih Midula)

Arun
(Bihih Lina)

Ajoy
(Bihih Sushoma)

↓
Angshuman

Courtesy :
AJOY BARMAN
Silchar, Cachar.



Vir Dimasa
Kharimingnang Sambhudhan Phonglo
Sainkhlip Sainja Haphaini
Thangdaoba Smaokhumin Khongsih

Biswajyoti Barman



Dimasa Sahitya Sabha

Renlaih

Khosai Seh	: Jensong	91
Khosai Gni	: Sambhudhdan-ni Hurkhuthaini Jarimin Bihiyam	96
Khosai Tham	: Ansah dongba Sainkhalihah Sambhudhan	105
Khosai Bri	: Nagahoja Sambhudhan-Bisu-Hahngseu odeh Nohdrang	113
Khosai Bowan	: Moli-hoja, Jar Siddhi jalayaba Yogi Sambhudhan	118
Khosai Doh	: Sorkari Naisoh Bosongkhe Slamkhuslamthai odeh Jajaolaiyathai	124
Khosai Sni	: Guphusa Raji-bubra jabani biruddhe Sambhudhan-ni Raokhu-Raothai	129
Khosai Jaih	: Haphlai Cachar-hah Sambhudhan-ni Ja-hurkhurithai odeh Yathonthaohah Rimjaohih Dambra gabani Grao	147
Khosai Suguh	: Graojuh	155
Dongsengyaba A	: Vir Sambhudhan-ni Lugurao	163
Dongsengyaba B	: Sambhudhankhe maiphahi gmangsisi Kharimin Thaigni	168
Dongsengyaba C	: Sambhudhdan-ni Sainkhalini Rjabthai- Morithai	172
Dongsengyaba D	: Dimasaraoni Yawairimin-hah Thidasgang Thidayah : Sma Naiyah odeh Phatri	174
Dongsengyaba E	: 'Kachari' Grao Bthaini-Yader	185
Photo-beren	:	



Dimasa Sahitya Sabha

Dangjohmsgao Dang-Bosong Johm

H. Q. Haflong, Dima-Hasao, Assam

Registration No. NCH-259/A/17 of 201011

Thaisgang

